


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 20 July, 2024 ■ আগরতলা ২০ জুলাই ২০২৪ ইং ■ ৪ শ্রাবন, ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# অশান্ত বাংলাদেশ, ত্রিপুরা দিয়ে দেশে ফিরেছেন ২৬ মেডিকেল পড়ুয়া

*অভিজিৎ রায় চৌধুরি*

## ভারতীয় নাগরিক ১৫ হাজার তারমধ্যে পড়ুয়া ৮,৫০০

**নয়াদিল্লী, ১৯ জুলাই**।। বাংলাদেশে চলমান অশান্তির মধ্যে সে-দেশে ভারতীয় নাগরিক রয়েছেন প্রায় ১৫ হাজার। তাঁদের মধ্যে পড়ুয়া রয়েছেন প্রায় ৮৫০০ জন। এদিকে, আজ ত্রিপুরা দিয়ে বাংলাদেশ থেকে দেশে ফিরেছেন ২৬ জন মেডিকেল পড়ুয়া। তাঁদের মধ্যে অধিকাংশই জম্মু ও কাশ্মীর এবং মণিপুরের বাসিন্দা বলে জানা গেছে। ওই ২৬ জন মেডিকেল পড়ুয়ার মধ্যে ২২ জন আগরতলা স্থলবন্দর দিয়ে বাংলাদেশ থেকে ত্রিপুরায় প্রবেশ করেছেন। অন্যদিকে, পশ্চিমবঙ্গের গেদে সীমান্ত দিয়ে ২৪৫ জন ভারতীয় নাগরিক তাঁদের মধ্যে ১২৫ জন ভারতীয় পড়ুয়া এবং ১৩ জন নেপালি পড়ুয়া বাংলাদেশ থেকে ভারতে ফিরেছেন। ঢাকা স্থিত ভারতীয় হাই কমিশন এক বিবৃতিতে বাংলাদেশে চলমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারতীয় নাগরিক এবং বাংলাদেশে বসবাসরত ভারতীয় পড়ুয়াদের নিজ নিজ বাসস্থানের বাইরে চলাচল এড়াতে পরামর্শ দেওয়া দিয়েছে। পাশাপাশি, দূরে ভ্রমণ এড়াতেও পরামর্শ দিয়েছে। তাছাড়া, কোন সহায়তার প্রয়োজন হলে হেল্পলাইন নম্বরে যোগাযোগ করতে বলেছে। এই হেল্পলাইন নম্বরগুলি ২৪ ঘন্টা চালু থাকবে।

হেল্পলাইন নম্বরগুলি হল, ভারতীয় হাই কমিশন, ঢাকা ৳৮৮০-১৯৩৭৪০০৫৯১, ভারতের সহকারী হাই কমিশন, চট্টগ্রাম ৳৮৮০-১৮১৪৬৫৪৭৯৭/৮৮০-১৮১৪৬৫৪৭৯৯। তাছাড়া, ভারতের সহকারী হাই কমিশন, রাজশাহী ৳৮৮০-১৭৮৮১৪৮৬৯৬, সহকারী হাই কমিশন অফ ইন্ডিয়া, সিলেট ৳৮৮০-১৩১৩০৭৬৪১১ এবং ভারতের সহকারী হাই কমিশন, খুলনা ৳৮৮০-১৮১২৮১৭৭৯৯।

ঢাকায় ভারতীয় হাইকমিশন ভারতে ভ্রমণে আগ্রহী পড়ুয়াদের পর্যাপ্ত নিরাপত্তা প্রদানে বাংলাদেশের স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় রেখে চলেছে। শুধু তাই নয়, ভারতীয় হাইকমিশন প্রতিনিয়ত বিএসএফ এবং ব্যুরো অফ ইমিগ্রেশনের সাথে সমন্বয় রেখে বাংলাদেশ থেকে ভারতে ফিরে আসা ভারতীয় ছাত্রদের সুবিধা দিচ্ছে। ১৯ জুলাই রাত আটটা পর্যন্ত পশ্চিমবঙ্গের গেদে স্থলবন্দর দিয়ে ২৪৫ জন ভারতীয় নাগরিক ফিরেছেন। তাঁদের মধ্যে ১২৫ জন ভারতীয় পড়ুয়া রয়েছেন।

এছাড়া, ১৩ জন নেপালি পড়ুয়াও রয়েছেন, তাঁরা বাংলাদেশ থেকে ভারতের পথে নেপাল ফিরে যাবেন। এই মুহুর্তে বেনাপোল-পেট্রাপোল, গেদে-দর্শনা, এবং আখাউড়া-আগরতলা সীমান্ত দিয়ে ভারতে আসার জন্য পড়ুয়া এবং ভারতীয় নাগরিকদের জন্য উন্মুক্ত থাকবে। ঢাকায় ভারতের হাইকমিশন এবং বাংলাদেশে ভারতের সহকারী হাই কমিশন ভারতীয় নাগরিকদের প্রয়োজনীয় যেকোনো সহায়তার জন্য উপলব্ধ রয়েছে।

# কংগ্রেস প্রার্থীরা ৩৩৮৩ আসনে মনোনয়ন জমা দিতে পারেনি ঃ সুদীপ



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।। পঞ্চায়েত নির্বাচনে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিতে ৩৩৮৩টি আসনে কংগ্রেস প্রার্থীরা মনোনয়ন জমা দিতে পারেন নি। এদিকে, রাজ্যের পরিস্থিতি নিয়ে রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে কংগ্রেসের সংসদীয় দল। আজ সাংবাদিক সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত বক্তব্য রেখেছেন কংগ্রেস নেতৃত্ব।

এদিন সুদীপ রায় বর্মনের কথায়, গন্ডাছড়ার ঘটনা একটি পরিকল্পিত ষঢ়যন্ত্র। এই ষড়যন্ত্রে নির্দোষ যুবক পরমেশ্বর রিয়াং শিকার হয়েছেন। তেমনি, রাজনগর ব্লকে বামফ্রন্টের সমর্থিত প্রার্থী হয়ে অপরাধ করেছিলেন বাদল শীল। তাই তাকে অপরাধের শাস্তি পেতে হয়েছে। বিজেপির শাসনকালে ত্রিপুরায় অরাজকতা সৃষ্টি হয়েছে। কিন্তু আশ্চর্যের বিষয়, সেই বিজেপি নিজেকে গণতন্ত্রের পূজারী বলে থাকে। শ্রী বর্মনের দাবি, পঞ্চায়েত নির্বাচনে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিতে ৩৩৮৩টি আসনে কংগ্রেস প্রার্থীরা মনোনয়ন জমা দিতে পারেন নি। গতকাল কংগ্রেসের তরফ থেকে পুলিশকে জানানো হয়েছিল কোন কোন ব্লকে মনোনয়ন জমা দেওয়া হবে। পুলিশের কাছে প্রার্থীদের নিরাপত্তা দেওয়ার জন্য আবেদনও করা হয়েছিল। তারপর ও প্রার্থীরা মনোনয়ন জমা দিতে পারেন নি। কংগ্রেসের মিছিলে বিজেপি আশ্রিত দুর্বৃত্তরা হামলা চালিয়েছে। এটি হল ত্রিপুরার গণতন্ত্রের চিত্র। প্রশাসন নির্বিকার। তিনি বলেন, পঞ্চায়েত নির্বাচনে ত্রিপুরায় ভয়াবহ পরিস্থিতি বিরাজ করছে। আজ রাজ্যে আইন শৃঙ্খলা তলানিতে নিয়ে ঠেকেছে।

এদিন তিনি বলেন, বিজেপির আশ্রিত দুর্বৃত্তরা দ্বারা ৭ বার আক্রান্ত হয়েছেন। অভিযুক্তদের পরিচয় দিতে থানায় মামলাও করা হয়েছিল। কিন্তু পুলিশ আজ পর্যন্ত একজনকেও আটক করতে ব্যর্থ হয়েছে। ত্রিপুরায় মহিলা অসুরক্ষিত। দুর্বৃত্তদের আক্রমণের শিকার হচ্ছেন। সারা রাজ্যে অরাজকতা চলছে। এর বিরুদ্ধে কংগ্রেসকে একত্র হয়ে লড়াই করতে হবে। বিজেপির অন্তর্দলীয় কোন্দলের কারণে জনসাধারণ এবং বিরোধীদলকে তার খেসারত দিতে হচ্ছে বলে দাবি করলেন তিনি।

এদিন কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা বলেন, পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হতেই রাজ্যজুড়ে সন্ত্রাসের বাতাবরণ কায়েম করে রেখেছে শাসক দল। কংগ্রেস সমর্থিত প্রার্থীদের মনোনয়ন দাখিলে বাধা দিচ্ছে। পুলিশের সামনে কংগ্রেসের একাংশ কর্মী সমর্থকরা আহত হয়েছেন। পুলিশ নিরব দর্শকের ভূমিকা পালন করছে।

জাতীয় কংগ্রেসের কেন্দ্রীয় প্রতিনিধি দলের সদ্যস তথা সাংসদ তারিক আনবার বলেন, ত্রিপুরার পঞ্চায়েত নির্বাচনের সন্ত্রাসের পরিস্থিতির রিপোর্ট জাতীয় কংগ্রেসের নেতৃত্বদের কাছে পেশ করা হবে। দুর্ভাগ্যের বিষয়, ত্রিপুরার আজ সংবিধান আক্রান্ত। পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস সমর্থিত প্রার্থীদের মনোনয়ন দাখিল করতে বাধা দেওয়া হয়েছে। কংগ্রেসের মিছিলে হামলা করা হয়েছে। তাতে ☛ ৬ এর পাতায় দেখুন

## শেষকৃত্য সম্পন্ন

# প্রয়াত বামনেতা সমীর চক্রবর্তীকে শেষ শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।। প্রয়াত সিপিআইএম নেতা সমীর চক্রবর্তীর জগহরি মুড়াস্থিত বাসভবনে গিয়ে শেষ শ্রদ্ধা নিবেদন করলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহা। তাছাড়া, সিপিআইএম নেতা সমীর চক্রবর্তীকে ঘোষ স্মৃতি ভবন এবং সিপি আই এম রাজ্য দপ্তরে শেষ শ্রদ্ধা জানানো হয়েছে।

আজ প্রয়াত হয়েছেন প্রাক্তন সিপিআইএম নেতা সমীর চক্রবর্তী। প্রয়াতের বাড়িতে গিয়ে শেষবারের মত শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। এ ছাড়া উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য।

এদিন মুখ্যমন্ত্রী বলেন, সিপিআইএম নেতা সমীর চক্রবর্তী ছিলেন একজন সজ্জন ব্যক্তিত্ব। তাদের সঙ্গে মুখ্যমন্ত্রীর পরিবারের পারিবারিক সম্পর্ক ছিল বলেও জানান তিনি। এদিন শেষ শ্রদ্ধা নিবেদন করে প্রয়াতের পরিবার-পরিজনদের প্রতি গভীর মর্ম বেদনা এবং প্রয়াতের আত্মার চিরশান্তি ☛ ৬ এর পাতায় দেখুন

# বিদ্যালয়ে পাখা খুলে মাথায় আহত ছাত্র

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।। পরীক্ষা চলাকালীন সময়ে চলন্ত অবস্থায় আচমকা বিদ্যুতের পাখা খুলে পড়লো ছাত্রের মাথায়। তাতে আহত হয়েছে ছাত্র। সাথে সাথে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ সকাল সাড়ে আটটা নাগাদ ধর্মনগর নয়াপাড়া ইংরেজি মাধ্যম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক বিভাগের চতুর্থ শ্রেণীর পরীক্ষা চলছিল। ওই সময় পরীক্ষা চলাকালীন ছাত্রের উপর পাখা খুলে পড়ে। তাতে আহত হয়েছ ওই ছাত্র।

# বনকর্মীর মৃতদেহ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।। রহস্যজনকভাবে এক বনকর্মীর মৃতদেহ উদ্ধার হয়েছে। ওই ঘটনায় তেলিয়ামুড়া থানাধীন অসম আগরতলা জাতীয় সড়কের পার্শবর্তী পুলিনপুর এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। পরিবারের দাবি, তাঁকে পরিকল্পিতভাবে খুন করা হয়েছে। ওই ঘটনায় পুলিশ তদন্ত শুরু করেছে।

মৃত বনকর্মীর পরিবারের সদস্যরা জানিয়েছেন, গতকাল রাতে এক পরিচিত ব্যক্তি বিট অফিসার কিঙ্কর ☛ ৬ এর পাতায় দেখুন

# ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে রাজ্যে ১০,১৬২টি মনোনয়পত্র জমা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।। ত্রিপুরায় ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে ১০,১৬২টি মনোনয়ন জমা পড়েছে। তাতে, গ্রাম পঞ্চায়েতের ৮৯৯২টি, পঞ্চায়েত সমিতিতে ৭৮৭টি এবং জিলা পরিষদে ৩৮৩টি মনোনয়ন জমা পড়েছে।

সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী, গ্রাম পঞ্চায়েতে বিজেপি ৬৩৪৩টি, সিপিআইএম ১৪৩৭টি, কংগ্রেস ৮০৯টি, তিপরা মথা ২৩১টি, সিপিআইএম(এল)আই ৪টি, সিপিআই ৩টি, সিপিআই (এমএল) ৪টি এবং নির্দল প্রার্থী ১৬১টি আসনে মনোনয়ন জমা দিয়েছেন। তেমনি, পঞ্চায়েত সমিতিতে বিজেপি ৪৩৫টি, সিপিআইএম ২০৫টি, কংগ্রেস ১১২টি, তিপরা মথা ১৭টি, সিপিআইএম(এল)আই ২টি, সিপিআই ৩টি এবং নির্দল প্রার্থী ১৪টি আসনে মনোনয়ন জমা দিয়েছেন। এদিকে, জিলা পরিষদে বিজেপি ১৫৯টি, সিপিআইএম ১১৫টি, কংগ্রেস ৯৮টি, তিপরা মথা ৩টি, সিপিআই ১টি, আমরা বাঙালি ২টি এবং নির্দল প্রার্থী ৫টি আসনে মনোনয়ন জমা দিয়েছেন।

এদিকে, ৪টি ব্লকে গ্রাম পঞ্চায়েত নির্বাচনে শাসক দল বিজেপি বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছে। বক্সনগর, জোলাইবাড়ি, নলছড় এবং টেপানিয়া ব্লকে গ্রাম পঞ্চায়েতে বিজেপি ছাড়া অন্য কোনো দলেরই পক্ষ থেকে মনোনয়ন জমা পড়ে নি।

তেমনি, ১১টি ব্লকে পঞ্চায়েত সমিতি নির্বাচনে শাসক দল বিজেপি বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয়েছে। বামুটিয়া, বক্সনগর, চড়িলাম, ডুকলী, দূর্গা চৌমুহনী, জিরানিয়া, কল্যাণপুর, নলছড়, পুরাতন আগরতলা, রাজনগর এবং টেপানিয়া ব্লকে পঞ্চায়েত সমিতি নির্বাচনে বিজেপি ছাড়া অন্য কোনো দলেরই পক্ষ থেকে মনোনয়ন জমা পড়ে নি।

# রাসায়নিক বিক্রিয়ার বিস্ফোরনে ক্ষতিগ্রস্থ বাড়িতে গেলেন মেয়র, চিকিৎসাধীন দম্পতি



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।। পুলিশ হেডকোয়ার্টার সংলগ্ন আবাসনে ভয়ানক বিস্ফোরণ ঘটনায় এলাকা পরিদর্শন করলেন মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।এদিন তিনি বলেন, আখাউড়া রোডসিত পুলিশ হেডকোয়ার্টার সংলগ্ন শিবালয় অ্যাপার্টমেন্টের তিনতলায় থাকতেন ডঃ বিশ্বজিৎ সূত্রধর এবং স্ত্রী রূপা সূত্রধর। গতকাল রাতে আচমকাই তাদের ঘরে বিস্ফোরণ ঘটে। সঙ্গে সঙ্গে তিনতলা থেকে জানালা ভেঙে মাটিতে লুটিয়ে পড়লেন দম্পতি। তাতে গুরুতর আহত হয়েছেন তাঁরা।তিনি আরও বলেন, কিভাবে ঘটনাটি ঘটেছে তা এখনো জানা যায়নি। ওই ঘটনায় পুলিশ তদন্ত শুরু করেছে। বিকট শব্দে আশপাশের বাড়িঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। আগরতলার শহরের বুকে রাসায়নিক বিক্রিয়ার ফলে বিস্ফোরণ ঘটে। তাতে দুই ব্যক্তি গুরুতর আহত হয়েছেন।

গতকাল আখাউড়া রোডসিত পুলিশ হেডকোয়ার্টার সংলগ্ন শিবালয় অ্যাপার্টমেন্টের তিনতলায় থাকতেন ডঃ বিশ্বজিৎ সূত্রধর এবং স্ত্রী রূপা সূত্রধর। গতকাল রাতে আচমকাই তাদের ঘরে বিস্ফোরণ ঘটে। ঘটনাটি ঘটার পর থেকেই আতঙ্ক ছড়িয়ে পড়ে গোটা শহরে। সবার মনে কৌতুহল জেগেছে যে কিভাবে ঘটনাটি ঘটেছে।

একাংশ ব্যক্তির ধারণা, ঘরে থাকা এসি/ইনভার্ট থেকে ঘটনার সূত্রপাত ☛ ৬ এর পাতায় দেখুন

# নদর্মা থেকে উদ্ধার এক ব্যক্তির মৃতদেহ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।।: সাত সকালে রাস্তার পাশের ড্রেন থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়েছে। ওই ঘটনায় উদয়পুর মহকুমা জুড়ে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। এই ঘটনা আত্মহত্যা না কি খুন তা নিয়ে জনমনে প্রশ্ন ঘুরপাক খাচ্ছে। আপাতত পুলিশ অস্বাভাবিক মৃত্যুর মামলা নিয়ে তদন্ত শুরু করেছে।


ঘটনার বিবরণে জানা গিয়েছে, আজ সকালে উদয়পুর গোমতী পল্লী এলাকায় স্থানীয় লোকজনরা প্রাত:ভ্রমনে বের হয়ে রাস্তার পাশে থাকার ড্রেনে একটি দেহ পড়ে থাকতে দেখেছে। সাথে সাথে তারা আর কে পুর থানায় খবর পাঠিয়েছেন। ঠিক তার পরেই তদন্ত শুরু করে পুলিশ। জানা গিয়েছে, ☛ ৬ এর পাতায় দেখুন

# নির্বাচন ঘিরে উত্তপ্ত কৈলাসহর, আগুনে পুড়ল ৪টি দোকান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই** ।। পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে উত্তপ্ত কৈলাসহর। হীরাছড়ায় জ্বললো হিংসার আগুন। নাশকতামূলক অগ্নিকাণ্ডে হীরা ছড়া চা বাগান এলাকায় চারটি দোকান ভস্মীভূত হয়ে গেছে।

ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনের প্রাক মুহূর্তে ধীরে ধীরে উত্তপ্ত হয়ে উঠছে কৈলাসহরের শহর উত্তরাঞ্চল। প্রতিদিন শহর উত্তরাঞ্চলের কোথাও না কোথাও রাজনৈতিক প্রতিহিংসার ঘটনা ঘটে চলেছে। শুক্রবার ভোর রাতে হীরাছড়া চা-বাগান এলাকায় বাজারে চারটি দোকান ভস্মিভূত হয়ে গেছে। এটি একটি নাশকতা মূলক অগ্নিকাণ্ডের ঘটনা বলে প্রাথমিকভাবে আশঙ্কা করা হচ্ছে।

প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করেই এই ধরনের হিংসাত্মক কর্মকান্ড। বর্তমান হীরাছড়া এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে। পুলিশ এ ব্যাপারে একটি মামলা গ্রহণ করে ঘটনার তদন্ত শুরু করেছে।






জাগরণ আগরতলা ◻ বর্ষ-৭০◻ সংখ্যা ২৭৭ ◻ ২০ জুলাই ২০২৪ ইং ◻ ৪ শ্রাবণ ◻শনিবার ◻১৪৩১ বঙ্গাব্দ

## আন্দোলনে উত্তাল বাংলাদেশ

সংরক্ষণ বিরোধী আন্দোলনে উত্তাল বাংলাদেশ। বাড়িয়া চলিয়াছে মৃত্যু মিছিল। বাংলাদেশে অবস্থানরত ভারতীয় নাগরিক ও ছাত্রদের জন্য উদ্বিগ্ন আত্মীয় পরিজন ও ভারত সরকার। যদিও সংরক্ষণ বিরোধী আন্দোলনের কবলে পড়িয়া এখনো পর্যন্ত কোনো ভারতীয় নাগরিকের প্রাণহানির খবর নাই। ভারত সরকার বাংলাদেশে অবস্থানরত ভারতীয় নাগরিকদের জরুরি প্রয়োজন ছাড়া ঘর থেকে বাহির না হইতে নির্দেশ দিয়াছে। ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চল এবং ভারতের বিভিন্ন রাজ্যের বেশ কিছু সংখ্যক মেডিকেল পড়ুয়া ছাত্রছাত্রী বাংলাদেশে অবস্থান করিতেছে। সংরক্ষণ বিরোধী আন্দোলনের তীব্রতা বাড়িতে থাকায় ওইসব ছাত্রছাত্রীরা দেশে ফিরেতে শুরু করিয়াছেন। ত্রিপুরা সীমান্ত দিয়াও বেশ কিছু সংখ্যক ছাত্র ইতিমধ্যেই ফিরিয়া আসিয়াছে বলিয়া খবর মিলিয়াছে। বাংলাদেশে অবস্থিত ভারতীয় দূতাবাস বাংলাদেশে অবস্থানরত ভারতীয় ছাত্র ও অন্যান্য নাগরিকদের প্রতিনিয়ত খোঁজখবর রাখিয়া চলিয়াছে।আন্দোলনের চতুর্থ দিন শুক্রবার আরও তিনজনের মৃত্যু হইয়াছে। ফলে এই নিয়ে মোট মৃতের সংখ্যা বাড়িয়া হইল ৩৬ জন। বৃহস্পতিবার সর্বাত্মক বনধ বা শাটডাউনে দেশজুড়িয়া মৃত্যু হইয়াছিল মোট ২৭ জনের। যাহার মধ্যে ১৯ জনের মৃত্যু হইয়াছিল রাজধানী ঢাকার বিভিন্ন এলাকায়। এছাড়া চট্টগ্রাম, নরসিংদী, মাদারীপুর, সিলেট, রংপুর ও ঢাকার সাভারে আরও ৮ জন নিহত হন। এর আগে মঙ্গলবারের আন্দোলনে মৃত্যু হয় ৬ জনের। ফলে আন্দোলনের প্রথম তিনদিনে মোট মৃতের সংখ্যা ছিল ৩৩ জন। শুক্রবার জুম্মাবারেও আন্দোলন অব্যাহত রাখিয়াছে সংরক্ষণ বিরোধীরা। সরকার শুক্রবার থেকে সভা-সমিতির ওপর নিষেধাজ্ঞা জারি করিলেও বিক্ষোভকারীদের আন্দোলনে রাশ টানা সম্ভব হয়নি।

এদিন আরও যে তিন জনের মৃত্যু হইয়াছে, তাঁহারা হইলেন আবদুল গনি(৪৫), রাকিব (২২) ও রাসেল। প্রতি মুহূর্তে বদলাইয়া যাইতেছে পরিস্থিতি। সময় পেরোনোর সঙ্গে সঙ্গে অন্য আকার ধারণ করিতেছে অশান্তি। গত কয়েকদিনে ছাত্র আন্দোলন, বিক্ষোভ, সংঘর্ষ, পাল্টা সংঘর্ষে দেশ জুড়িয়া অগ্নিগর্ভ অবস্থা। স্কুল, কলেজ, ট্রেন এমনকি ইন্টারনেট পরিষেবা বন্ধ। শুক্রবার বিক্ষোভকারীরা হামলা চালায় নরসিংদীর জেলা পুলিশ সুপারের কার্যালয়, জেলা পরিষদ এবং জেলা কারাগারে। জানা গিয়াছে, শুক্রবার বিকেলে অর্থাৎ হামলা চালানোর সময় অন্তত এক হাজারের বেশি বন্দি ছিলেন। বিক্ষোভকারীদের হামলার পর কারাগারের নিয়ন্ত্রণ কারারক্ষীদের হাতের বাইরে চলিয়া গেলে অন্তত কয়েকশ বন্দি জেলার বাইরে বের হইয়া গিয়াছে। অন্যদিকে এদিন বিক্ষোভকারীরা ঢাকার রামপুরা থানা ঘেরাও করিয়াছে বলিয়াও জানা গিয়াছে।অন্যদিকে শুক্রবার দুপুরে মোহম্মদপুর টাউনহল এবং বাসস্ট্যান্ড এলাকায় বিক্ষোভকারীরা দুটি দমকলের গাড়িতে অগ্নিসংযোগের ঘটনা ঘটাইয়াছে। মিরপুরের বিআরটি ভবনে অগ্নিসংযোগের ঘটনা ঘটিয়াছে বলিয়াও জানা গিয়াছে। গুলশান, বাড্ডা লিংক রোড, নতুনবাজারেও দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটিয়াছে।ইতিমধ্যে বাংলদেশে ট্রেন চলাচল বন্ধ থাকিবে বলিয়া জানানো হইয়াছে।

## ২২ জুলাই পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস দক্ষিণবঙ্গে, রেহাই পাবেন না উত্তরবঙ্গও

কলকাতা, ১৯ জুলাই (হি.স.): বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের প্রভাবে আগামী ২২ জুলাই পর্যন্ত ভারী বৃষ্টিতে ভিজবে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা। বৃষ্টি থেকে রেহাই পাবে না উত্তরবঙ্গও। উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ২১ জুলাই পর্যন্ত বৃষ্টির সম্ভাবনার কথা জানানো হয়েছে। আগামী কিছু দক্ষিণ ও উত্তর দুই বঙ্গের আবহাওয়াই থাকবে মনোরম। শুক্রবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ১.৯ ডিগ্রি বেশি।আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী ২২ জুলাই পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, হাওড়া, হুগলি, কলকাতা ও বাঁকুড়া জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ২০ জুলাই পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভারী বৃষ্টি হবে। এরপর ২১ জুলাই পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় ভারী বৃষ্টি প্রত্যাশিত। ২২ জুলাই বৃষ্টি হবে দক্ষিণবঙ্গের পূর্ব ও পশ্চিম বর্ধমান, হুগলি, হাওড়া ও বর্ধমান জেলায়। উত্তরবঙ্গেও আগামী ২১ জুলাই পর্যন্ত ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ২০ জুলাই জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জেলার কিছু অংশে ভারী বৃষ্টি হতে পারে। এরপর ২১ জুলাই কালিম্পঙ, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলার দু-একটি অংশে ভারী বৃষ্টির (০৭-১১ সেন্টিমিটার) সম্ভাবনা রয়েছে।

## আমেরিকাকে সফল, নিরাপদ, মুক্ত ও শ্রেষ্ঠ করাই এই নির্বাচনের লক্ষ্য : ডোনাল্ড ট্রাম্প

মিলওয়াকি, ১৯ জুলাই (হি.স.): আমেরিকাকে সফল, নিরাপদ, মুক্ত ও শ্রেষ্ঠ করাই এই নির্বাচনের লক্ষ্য। জোর দিয়ে বললেন আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আমেরিকার মিলওয়াকিতে অনুষ্ঠিত রিপাবলিকান ন্যাশনাল কনভেনশনে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, 'এই নির্বাচন হওয়া উচিত আমাদের দেশের মুখোমুখি হওয়া সমস্যাগুলি নিয়ে এবং কীভাবে আমেরিকাকে সফল, নিরাপদ, মুক্ত এবং শ্রেষ্ঠ করা যায়।' ট্রাম্প বলেছেন, 'আমাদের অবশ্যই ভিন্নমতকে অপরাধী করা অথবা রাজনৈতিক মতানৈক্যকে দানবীয় রূপ দেওয়া উচিত নয়, যা আমাদের দেশে সাম্প্রতিক সময়ে এমন একটি স্তরে ঘটছে যা কেউই আগে কখনও দেখেননি। সেই চেতনায়, ডেমোক্র্যাট পার্টির অবিলম্বে বিচার ব্যবস্থাকে অস্ত্র দেওয়া এবং তাদের রাজনৈতিক প্রতিপক্ষকে গণতন্ত্রের শত্রু হিসাবে চিহ্নিত করা বন্ধ করা উচিত, বিশেষত যেহেতু এটি সত্য নয় - আসলে, আমিই আমাদের দেশের জনগণের জন্য গণতন্ত্র রক্ষাকারী।'আমেরিকার মিলওয়াকিতে রিপাবলিকান ন্যাশনাল কনভেনশনের মঞ্চে দাঁড়িয়ে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, 'আমি এই সন্ধ্যায় আপনাদের সামনে আত্মবিশ্বাস, শক্তি এবং আশার বার্তা নিয়ে দাঁড়িয়ে আছি। এখন থেকে চার মাস পরে, আমাদের একটি অবিশ্বাস্য বিজয় হবে এবং আমরা আমাদের দেশের ইতিহাসে চারটি সেরা বছর শুরু করব। একসঙ্গে আমরা প্রতিটি জাতি, ধর্ম, বর্ণ এবং ধর্মের নাগরিকদের জন্য নিরাপত্তা, সমৃদ্ধি এবং স্বাধীনতার একটি নতুন যুগের সূচনা করব। আমাদের সমাজের ভেদাভেদ অবশ্যই নিরাময় করতে হবে, আমাদের অবশ্যই এটি দ্রুত নিরাময় করতে হবে...আমি আমেরিকার অর্ধেক নয়, সমগ্র আমেরিকার জন্য রাষ্ট্রপতি হতে দৌড়াচ্ছি, কারণ আমেরিকার অর্ধেকের জন্য জয়ী হওয়া কোনও জয় নয়।' ট্রাম্প যোগ করেছেন, 'আজ রাতে, বিশ্বাস এবং নিষ্ঠার সঙ্গে, আমি গর্বের সঙ্গে আমেরিকার প্রেসিডেন্টের জন্য মনোনয়ন গ্রহণ করছি।' সাম্প্রতিক হামলা প্রসঙ্গে ট্রাম্প বলেছেন, ঈশ্বর তাঁকে বাঁচিয়েছে।'

# মাসুল গুনবে বাকি পৃথিবী

ডগলাস রাশকফ নিউ ইয়র্কে থাকেন। মিডিয়া তত্ত্ব এবং ডিজিটাল অর্থনীতির বিশেষজ্ঞ। মানুষের জীবনে ডিজিটাল প্রযুক্তির কী প্রভাব পড়ছে এবং পড়তে চলেছে, এটাই তাঁর দীর্ঘ দিনের চর্চা ও অনুসন্ধানের বিষয়। অধ্যাপনার পাশাপাশি এই বিষয়ে বিভিন্ন কোম্পানি বা সংগঠনের উপদেষ্টা হিসাবেও কাজ করেন। অনেকগুলি বহুলপ্রচারিত এবং পুরস্কৃত বই লিখেছেন, "টিম হিউম্যান" নামে একটি পডকাস্ট চালান, ২০১২ সালে এমআইটি টেকনোলজি রিভিউ প্রণীত বিশ্বের প্রথম দশ জন 'প্রভাবশালী ব্যক্তি'র তালিকায় তাঁর স্থান ছিল ছ'নম্বরে। গত বছর প্রকাশিত তাঁর নতুন বইয়ের নাম: সারভাইভাল অব দ্য রিচেস্ট, অর্থাৎ ধনকুবেরদের বেঁচে থাকা।

মনে হতেই পারে, এই নিয়ে আম আদমির মাথা ঘামানোর কী আছে? উত্তর সহজ। ডগলাসের বক্তব্য, কর্পোরেট দুনিয়ার তিমি এবং তিমিঙ্গিলেরা জানেন যে তাঁদের মুনাফা বাড়ানোর দুর্নিবার অভিযানের তাড়নায় পৃথিবীতে বিপর্যয় কেবল অবশ্যম্ভাবী নয়, শিয়রে সমাসন্ন। কিন্তু অভিযান বন্ধ করার কোনও পরিকল্পনা তাঁদের নেই। শেষের সে দিন উপস্থিত হলে তাঁরা নিজেদের কী করে বাঁচাবেন সেটাই ওই মহাশক্তিধরদের চিন্তার বিষয়। এবং এক কথায় সে-প্রশ্নের উত্তর হল: তাঁরা পালাবেন। হ্যাঁ, যাঁদের সম্পদ এবং ক্ষমতা বাড়ানোর মাসুল গুনতে পৃথিবীর প্রকৃতি-পরিবেশ প্রতিনিয়ত সর্বনাশের অতলান্ত গহ্বরের দিকে চলেছে, সর্বনাশ ঘটলে তাঁরা সেই আদি মন্ত্রের সাধন করবেন: যঃ পলায়তে স জীবতি। এমন পরিকল্পনা নিয়ে এখন মাথা না ঘামালে কবে ঘামাব? তলিয়ে যাওয়ার পরে?

ডগলাস তাঁর বই শুরু করেছেন একটি অভিজ্ঞতার বিবরণ দিয়ে। বছরকয়েক আগে একটু অন্য রকমের এক আমন্ত্রণ পেয়েছিলেন তিনি। উপদেষ্টা হিসাবেই, তবে কোনও কোম্পানির ব্যবসা বাঁচানোর বা বাড়ানোর উপদেশ দিতে নয়, কোনও বাণিজ্য সম্মেলনের বিশেষ অধিবেশনের বক্তা হিসাবেও নয়, স্বদেশের পাঁচ জন অতিবৃহৎব্যবসায়ী নিভৃতে তাঁর মুখোমুখি বসে কিছু পরামর্শ নিতে চান। ডিজিটাল দুনিয়ার গতিপ্রকৃতি এবং ব্যবসায়িক সম্ভাবনার বিষয়ে নামজাদা বিশেষজ্ঞের পরামর্শ। অন্তত তেমনটাই বুঝেছিলেন ডগলাস, সেই মতো নিজের বক্তব্যও তৈরি করে নিয়ে গিয়েছিলেন। কার্যত জনহীন এক তেপান্তরের মাঝখানে অত্যাধুনিক কনভেনশন সেন্টার, তার একটি সভাকক্ষে যথাসময়ে বসানো হল তাঁকে, শ্রোতাদের সামনে। অল্পক্ষণের মধ্যেই বোঝা গেল, প্রযুক্তির বর্তমান এবং ভবিষ্যতসম্পর্কে বিশেষজ্ঞের নিজের বক্তব্য শোনার তাগিদ ওঁদের নেই, ওঁরা নিজেদের প্রশ্নমালা নিয়েই এসেছেন, তার উত্তর জানতে চান। প্রথম দিকে প্রশ্নগুলো এক ভাবে চলছিল। যেমন বিটকয়েন না এথেরিয়াম? ভার্চুয়াল রিয়ালিটি না অগমেন্টেড



রিয়ালিটি? কোয়ান্টাম কম্পিউটারের দুনিয়ায় কে এক নম্বর হবে, গুগল না চিন? কিন্তু ডগলাসের মনে হচ্ছিল এগুলো গৌরচন্দ্রিকা মাত্র, ওঁরা আসলে অন্য কিছু জানতে চান।

অচিরেই ঝুলি থেকে বেরোল সেই প্রকৃত প্রশ্নমালা। "নিউ জিল্যান্ড না আলাস্কা? জলবায়ু সঙ্কটের ফলে বিপর্যয়ের ধাক্কা কোথায় সবচেয়ে কম লাগবে?" এর পরে পরিস্থিতি আরও খারাপ হল। বড়কর্তারা প্রশ্ন তুলতে লাগলেন, কোনটার ভয় বেশি: জলবায়ু পরিবর্তন না জৈব যুদ্ধ? বিপর্যয় ঘটার পরে বাইরের পৃথিবী থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে বেঁচে থাকার জন্য (ভূগর্ভস্থ বাঙ্কারে বা অন্য আশ্রয়স্থলে) কত দিনের রসদ তৈরি রাখতে হবে? নিজস্ব বাতাস সরবরাহের আয়োজন রাখতে হবে কি? ভূমিজল বিষাক্ত হওয়ার সম্ভাবনা কতটা? অবশেষে একটি ব্রোকারেজ কোম্পানির কর্ণধার জানালেন, তিনি মাটির নীচে নিজস্ব বাঙ্কারের গোটা ব্যবস্থা প্রায় তৈরি করে ফেলেছেন, কিন্তু তাঁর প্রশ্ন হচ্ছে, "ঘটনাটা ঘটে যাওয়ার পরে আমার নিরাপত্তা রক্ষীদের উপরে নিয়ন্ত্রণ বজায় রাখব কী করে?" ঘটনা? কোন ঘটনা? অনেক কিছুই হতে পারে। প্রকৃতি-পরিবেশের চরম বিপর্যয়। দুনিয়ার বিস্তীর্ণ এলাকা জুড়ে অভূতপূর্ব খাদ্য সঙ্কট। চূড়ান্ত সামাজিক অস্থিরতা। পারমাণবিক অঘটন। অদম্য ভাইরাসের হানা। ডিজিটাল দস্যুর আক্রমণে কম্পিউটার ব্যবস্থার মহাপ্রলয়। এই সব কিছুই ওঁদের কাছে ঘটনা। "দি ইভেন্ট"। ডগলাস লিখছেন, "বাকি সময়টা কেটে গেল ওই একটি প্রশ্নের আলোচনাতেই। ওঁরা জানেন, হানাদার কিংবা ক্রুদ্ধ জনতার আক্রমণ থেকে নিজেদের আশ্রয়স্থলকে বাঁচানোর জন্য সশস্ত্র রক্ষীদের মোতায়েন করতেই হবে। এক জন ইতিমধ্যেই ডজনখানেক (অবসরপ্রাপ্ত) নেভি সিল-এর পাকা বন্দোবস্ত করে রেখেছেন, তিনি নির্দিষ্ট সঙ্কেত দিলেই তারা চলে আসবে।" কিন্তু ক্রিপ্টোকারেন্সির গোটা ব্যবস্থাটাই অচল হয়ে পড়লে তাদের মজুরি দেবেন কী করে? এবং লাখ লাখ ডলার মাইনের দুর্ধর্ষ রক্ষীরা শেষ পর্যন্ত নিজেদের হাতে সব ক্ষমতা তুলে নিতে চাইলে আটকাবেন কী উপায়ে? এ সব চিন্তায় অর্বুদপতিরা ভয়ানক উদ্বিগ্ন।

সংক্ষিপ্ত বৈঠক সেরে নিউ ইয়র্কে ফিরেই ডগলাস রাশকফ এই অভিজ্ঞতা নিয়ে একটি লেখা পোস্ট করেন। এবং ক্রমাগত নানা মাপের কোটিপতিদের অনুরোধ-বার্তা পেতে থাকেন ওই পাঁচ জনের সঙ্গে যোগাযোগ করিয়ে দেওয়া যায় কি? তাঁরা তৈরি থাকতে চান, যাতে "ঘটনাটা" ঘটলে আত্মরক্ষা করা যায়। কেউ কেউ আবার ঝোপ বুঝে বাঙ্কার-টাঙ্কার তৈরি করার ব্যবসায় নেমেছেন, অনেকেই যথেষ্ট লগ্নি করার লোক পাচ্ছেন না, তাঁরা শাঁসালো খদ্দের ধরতে ততর, ডগলাস কি সে ব্যাপারে সাহায্য করতে পারবেন?

বিপর্যয় ঘটলে লোকে আত্মরক্ষার আগাম ব্যবস্থা করে রাখতে চাইবে, সে আর বেশি কথা কী? যার যেমন ক্ষমতা, সে সেই অনুসারে খরচাপাতি করবে, সেটাও নিতান্তই স্বাভাবিক। কেউ মাটির নীচে বাঙ্কার তৈরি রাখবে, কেউ একখানা দ্বীপ কিনে সেখানে মালপত্র রেডি রাখবে যাতে দরকার বুঝলেই প্রাইভেট জেট নিয়ে কেটে পড়া যায়, কেউ বা মঙ্গলগ্রহে উপনিবেশ বসানোর পরিকল্পনা করবে। এর কোনওটাই কল্পনা নয়, অনেক দিন ধরেই বিভিন্ন দেশে এমন সব প্রস্তুতি চলছে, যার একটা বিরাট অংশ স্বাভাবিক কারণেই গোপন অথবা অতি গোপন। কিন্তু সে-দিনের বৈঠক এবং তার পরবর্তী ঘটনাপ্রবাহের অভিজ্ঞতা থেকে যে ব্যাপারটা ডগলাসকে নাড়া দেয়, তা হল একটি "মাইন্ডসেট" মানসিকতা। যাঁরা অতিকায় পুঁজির মালিক কিংবা সেই পুঁজির সাম্রাজ্যে বড় বড় আসনে অধিষ্ঠিত, তাঁদের এক বিরাট অংশের মানসিকতা। তাঁরা বিলক্ষণ জানেন, ক্রমাগত এই সাম্রাজ্য বিস্তারের পরিণামে পৃথিবী আর তার মানুষের জীবনে গভীর সঙ্কট প্রতিনিয়ত গভীরতর হয়ে উঠছে, আক্ষরিক অর্থেই বিপর্যয় শিয়রে এসে দাঁড়িয়েছে। কিন্তু সাম্রাজ্য বিস্তারই তাঁদের অভিধানে সাফল্যের একমাত্র অর্থ, বস্তুত তার সংজ্ঞা। সুতরাং ব্রেক কষা চলবে না, ফেরার তো কোনও প্রশ্নই নেই। তাঁরা বুঝতে পারছেন, সাফল্য মানেই বিপর্যয়ের সলতেয় স্ফুলিঙ্গটির আর একটু এগিয়ে আসা। আর সে কারণেই, বিপর্যয় অবশ্যম্ভাবী জেনেই, আত্মরক্ষার আয়োজন। স্থলে, জলে, অন্তরিক্ষে দুর্ভেদ্য আশ্রয় নির্মাণের রকমারি প্রকল্পে লগ্নি। যে যত সফল, তার লগ্নির ক্ষমতা তত বেশি, তার প্রকল্প তত জোরদার।

শেষ অবধি আত্মরক্ষা হবে কি? কেউ জানে না। জানা সম্ভব নয়, কারণ "ঘটনাটা" কী চেহারা নেবে, তার কোনও নিশ্চিত অঙ্ক নেই। নেই বলেই প্রযুক্তি বিশেষজ্ঞকে নিভৃতে ডেকে নিয়ে গিয়ে প্রশ্নের পর প্রশ্ন করে যেতে হয়, যাতে আরও একটু ভাল করে পথের সন্ধান মেলে। পালাবার পথ। নিজেদের সাফল্যের গ্রাস থেকে পালাবার পথ। বাকি পৃথিবী? তারা হল সাফল্যের কাঁচামাল, সুতরাং অন্তিমে তার বর্জ্য পদার্থ। শেষ দৃশ্যে তাদের ফেলে রেখে চম্পট দিতে হবে। এটাই সাফল্য, সমৃদ্ধি, উন্নয়নের পরিণাম। ডগলাস লিখেছেন, "সমাজের মহান বিজয়ীদের সঙ্গে বসে আমদানি-করা আইসবার্গ গলানো জলে চুমুক দিতে দিতে এবং শেষের সে-দিনের নানা সম্ভাবনা নিয়ে কথা বলতে বলতে উপলব্ধি করেছিলাম, ওঁরা আসলে পরাজিত, ব্যর্থ। ওই মহাধনীরা অর্থনীতির খেলায় জিতছেন না, ওঁরা সেই খেলার ভয়ঙ্কর বিকৃত নিয়মগুলির শিকার।"

ডগলাস রাশকফ নিজেকে মার্কবাদী মিডিয়া-তত্ত্ববিদ বলে অভিহিত করেছেন। মার্কবাদী বলতে তিনি ঠিক কী বোঝেন, জানা নেই। তবে কার্ল মার্ককে যথেষ্ট মনে রাখলে জয় এবং পরাজয়, সাফল্য এবং ব্যর্থতা, সমৃদ্ধি এবং সর্বনাশের এই অঙ্গাঙ্গি সম্পর্কের ব্যাপারটা তাঁকে কিছুমাত্র অবাক করতে পারত না। মার্ক তো খুব পরিষ্কার করেই দেখিয়েছিলেন যে অনন্ত এবং বেলাগাম আত্মস্ফীতির অভিযান চালিয়ে যাওয়াই পুঁজির ধর্ম, আর সেই ধর্ম পালনের পথই প্রকৃতি-পরিবেশের চরম বিপর্যয়ের দিকে চূড়ান্ত "মেটাবলিক ভাঙন"-এর দিকে নিয়ে যায়। পুঁজিতন্ত্রের পরাক্রমী তান্ত্রিকরা দুর্ভেদ্য বাঙ্কারে কিংবা মাঝদরিয়ায় মোতায়েন জাহাজনগরীতে অথবা সিধে মঙ্গলগ্রহে পাড়ি দেওয়ার আয়োজন করবেন, এতটা অবশ্য তিনি ভাবেননি।

# একশো বছর পরে বিশ্রাম

সপ্তাহে সত্তর ঘণ্টা কাজের "সুপরামর্শ" নিয়ে সম্প্রতি ভারতে খুব হইচই হচ্ছে। এমনিতে দুনিয়ার জনমত ক্রমেই ঢলে পড়ছে পাঁচ দিনের পরিবর্তে সপ্তাহে চার দিন কাজের পক্ষে। অতিমারি আবার "ওয়ার্ক ফ্রম হোম"-কে স্বাভাবিক কর্মসংস্কৃতির সঙ্গে সম্পৃক্ত করেছে। কিছু অতিধনী ব্যবসায়ী অবশ্য মাঝেমধ্যেই কর্মীদের কাজের সময় বৃদ্ধির কথা বলেন। ২০১৯ সালে চিনের ধনীতম ব্যক্তি জ্যাক মা সরাসরি সওয়াল করলেন সে দেশের বিতর্কিত "৯-৯-৬" নীতির পক্ষে সকাল ন'টা থেকে রাত ন'টা পর্যন্ত ছ''দিন, অর্থাতসপ্তাহে ৭২ ঘণ্টার কর্মসংস্কৃতি। গত নভেম্বরেই টুইটার অধিগ্রহণের পর কর্মীদের হুঁশিয়ারি দিলেন ইলন মাস্ক: টিকে থাকতে হলে তাঁদের প্রস্তুত থাকতে হবে সপ্তাহে ৮০ ঘণ্টা কাজ করার জন্য। ইনফোসিস-এর সহপ্রতিষ্ঠাতা নারায়ণমূর্তির কথার সুর এর থেকে বিশেষ আলাদা নয়।

বিতর্কে উঠে এসেছে অনেক মতামত। জানা যাচ্ছে, জিডিপি-র নিরিখে বিশ্বের প্রথম দশটি দেশের মধ্যে ভারতে কর্মীদের গড় কর্মসময় নাকি সবচেয়ে বেশি। মাত্রাছাড়া কাজ করলে ক্লান্তি এবং একঘেয়েমির ফলে উতাদন কমতে পারে, মনে করিয়েছেন অনেকে। কেউ কেউ বলেছেন, কাজের সময়কাল নয়, তার গুণমানই মুখ্য। অনেকেই জোর দিয়েছেন কর্মজীবন এবং ব্যক্তিজীবনের সুষ্ঠু সমন্বয়ে। নিয়োগকারী ৪০ ঘণ্টার মাইনে দিয়ে ৭০ ঘণ্টার কাজ চাইতে পারেন না, এমন কথাও শোনা গিয়েছে। কর্মীদের ব্যক্তিগত স্বাস্থ্য এবং মানসিক শান্তি নিয়েও উদ্বিগ্ন অনেকে। সফল হওয়ার জন্য কত



ক্ষণ কাজ করা প্রয়োজন? ২০০৬ সালে হার্ভার্ড বিজনেস রিভিউ-এ প্রকাশিত এক নিবন্ধে দেখছি, আমেরিকার উচ্চ-আয়ের মানুষদের ৬২ু নাকি সপ্তাহে অন্তত ৫০ ঘণ্টা কাজ করেন। তাঁদের মধ্যে প্রতি দু'জনের এক জন সপ্তাহে কাজ করেন অন্তত ৬০ ঘণ্টা, ছ'জনের এক জন করেন সপ্তাহে ৮০ ঘণ্টারও বেশি। কর্পোরেট কর্তারা ইদানীং বলছেন, তরুণ প্রজন্ম সপ্তাহে ৪০ ঘণ্টা সংস্থার জন্য কাজ করে বাকি ৩০ ঘণ্টা ব্যয় করতে পারে নিজেদের সমৃদ্ধ করতে, যা মাত্র ছ'বছর সময়ে হয়ে উঠতে পারে মোট ১০,০০০ ঘণ্টার প্রস্তুতি। নিউ ইয়র্কার-এর সাংবাদিক ম্যালকম গ্ল্যাডওয়েল তাঁর বই আউটলায়ার-এর মাধ্যমে জনপ্রিয় করেছিলেন এই সূত্রটা যে কোনও ক্ষেত্রে সত্যিকারের দক্ষতা অর্জনের চাবিকাঠি হল সঠিক উপায়ে অন্তত ১০,০০০ ঘণ্টার অনুশীলন।

তা হলে কি সত্যিই রোজকার কাজের সময় বাড়ানো উচিত সাধারণ মানুষের? সপ্তাহে ৭০ বা ৮০ ঘণ্টা, কিংবা তারও বেশি? এটা কি সভ্যতার স্বাভাবিক নিয়মের পরিপন্থী নয়? মানুষের কাছ থেকে মানুষের উদ্ভাবিত যন্ত্রের মধ্যে শ্রমের স্থানান্তরই তো সভ্যতার ইতিহাস। মানুষকে যদি আরও বেশি কাজ করতে হয়, তবে চতুর্থ শিল্পবিপ্লব এসে লাভ কী হবে? ব্রিটিশ অর্থনীতিবিদ জন মেনার্ড কেন্স ১৯৩০ সালে "ইকনমিক পসিবিলিটিজ ফর আওয়ার গ্র্যান্ডচিলড্রেন" শীর্ষক একটি নিবন্ধে কিছু ভবিষ্যদ্বাণী করেছিলেন শতবর্ষ পরে তাঁর নাতি-নাতনিদের সামাজিক জীবন এবং অর্থনৈতিক অবস্থা বিষয়ে। আসলে বিশিষ্ট চিন্তাবিদদের একটি বৃহতগোষ্ঠীকেই অনুসরণ করেছেন কেন্স, যাঁদের ভবিষ্যদ্বাণী ছিল উতাদনশীলতা বৃদ্ধির ফলে ন্যূনতম সময়ের বেশি শ্রমের প্রয়োজনীয়তা থাকবে না মানুষের। কর্মকাল হ্রাসের ফলে জনগণের পক্ষে দিনযাপন করাই হবে অত্যন্ত কঠিন। এক শতাব্দী সময়কালের মধ্যে বিপুল আয়বৃদ্ধির ভবিষ্যদ্বাণী করেছিলেন কেন্স। ফলে মানুষের জীবনযাত্রাও উচ্চতর হতে বাধ্য। কেন্স লিখছেন, সেই অভূতপূর্ব প্রায়-অবসরের সময়কালে মানুষ কাজ করবে দৈনিক তিন ঘণ্টা করে সপ্তাহে মোট পনেরো ঘণ্টা; বাড়তি সময়কে কাজে লাগিয়ে মানুষ নিজের জন্য করবে কিছু! আজকের কর্মসংস্কৃতির রকমসকম দেখে বলা চলে, এ গ্রহের সার্বিক শ্রমনীতির ভবিষ্যতগতিপ্রকৃতি অনুমানে ব্যর্থই হয়েছিলেন কেন্স।

সত্যিই কি ভুল বলেছিলেন কেন্স? চিনের কুখ্যাত "৯-৯-৬" সংস্কৃতির ঢাক পেটানোর মাসকয়েক পরেই শাংহাইতে বিশ্ব কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলনে জ্যাক মা বলেছিলেন, প্রযুক্তিগত অগ্রগতি এবং শিক্ষাব্যবস্থার সংস্কার ঠিকমতো হলে পরবর্তী দশ-বিশ বছরেই দিনে চার ঘণ্টা করে তিন দিন, অর্থাৎ সপ্তাহে ১২ ঘণ্টা কাজ করাই যথেষ্ট হতে পারে মানুষের। বিশ শতকে বিদ্যুতযেমন পাল্টে দিয়েছিল সাধারণ মানুষের কাজ আর অবসরের ধারণাকে, একুশ শতকে কৃত্রিম বুদ্ধিমত্তাই সেই আলিবাবার রত্নগুহার চিচিং ফাঁক মন্ত্র। যে গুহায় প্রবেশাধিকারই জনগণকে দিতে পারে "মানুষ" হিসাবে নিজেদের উপভোগের জন্য আরও বেশি সময়। তাঁর কথা ঠিক হলে, ২০৩০-এর আগে-পরেই তো আমাদের পৌঁছে যাওয়া উচিত কেন্স-বর্ণিত সেই স্বপ্নের ইস্টিশনে। তবু, দিনের শেষে সে স্টেশনখানা হয়তো আরব্য উপন্যাসের মতো স্বপ্নের জগতহয়েই থেকে যাবে। এ গ্রহের শ্রম আইনগুলি বোধ হয় কিছুতেই সেই সীমান্ত ছুঁতে পারবে না অদূর ভবিষ্যতে। আমরা ৪০, ৭০, কিংবা ৮০ ঘণ্টা, অথবা সপ্তাহে পাঁচ দিন না চার দিন কাজ করা উচিত, সেই সব আলোচনাতেই ক্লান্ত হতে থাকব। গুণোত্তর প্রগতির ছন্দে ঊর্ধ্বগামী প্রযুক্তি আর উৎপাদনশীলতার রেখচিত্রের সঙ্গে শ্রমনীতির অতলান্তিক ফারাকের কারণও হয়তো বিশ্লেষণ করতে বসবেন একুশ শতকের কোনও দিকপাল চিন্তানায়ক। সঙ্গে তিনি আশাবাদী অনুমানও করতে পারেন ২১৩০ নাগাদ মানুষের শ্রম - সপ্তাহের পরিমাণের। তা প্রমাণ- অপ্রমাণের দায় অবশ্য আমাদের নাতিপুতিদের।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# সিক্স-জি'র ক্ষেত্রে ভারতই নেতৃত্ব দেবে গোটা বিশ্বকে : জ্যোতিরাদিত্য সিন্ধিয়া



নয়াদিল্লি, ১৯ জুলাই : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত ফোর-জি'র ক্ষেত্রে বিশ্বকে অনুসরণ করেছিল, ফাইভ-জি'র ক্ষেত্রে বিশ্বের সঙ্গে এগিয়ে গিয়েছিল, এবার সিক্স-জি'র ক্ষেত্রে ভারতই নেতৃত্ব দেবে গোটা বিশ্বকেঊ নয়াদিল্লিতে আজ 'ইন্ডিয়া মোবাইল কংগ্রেস-২০২৪'-এর মূল ভাবনা 'দ্য ফিউচার ইজ নাও'-এর আনুষ্ঠানিক প্রকাশ অনুষ্ঠানে এই দৃষ্টিভঙ্গির কথা উল্লেখ করলেন কেন্দ্রীয় যোগাযোগ এবং উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রী জ্যোতিরাদিত্য এম. সিন্ধিয়াঊ আগামী ১৫ থেকে ১৮ অক্টোবর থেকে নয়াদিল্লির প্রগতি ময়দানে অনুষ্ঠিত হবে ইন্ডিয়া মোবাইল কংগ্রেস-২০২৪ঊ ডিজিটাল প্রযুক্তির ক্ষেত্রে এটি এশিয়ার সর্ববৃহৎ প্রদর্শনী অনুষ্ঠানঊ এ বছর অষ্টম বারের মত হবে এর আয়োজনঊ সহযোগিতায় আছে দূরসঞ্চার বিভাগ (ডিওটি) এবং সেলুলার অপারেটরস এসোসিয়েশন অফ ইন্ডিয়া (সিওএআই)ঊ একই সঙ্গে ১৪ থেকে ২৪ অক্টোবর পর্যন্ত প্রগতি ময়দানেই অনুষ্ঠিত হবে 'ওয়ার্ল টেলিকমিউনিকেশন স্ট্যান্ডার্ডাইজেশন অ্যাসেম্বলি' (ডব্লিউ টি এস এ-২০২৪)-এর আন্তর্জাতিক সম্মেলনঊইন্ডিয়া মোবাইল কংগ্রেস-২০২৪ (আইএমসি) প্রযুক্তির বাস্তুতন্ত্রে উদ্ভাবনী সমাধান, পরিষেবা এবং অত্যাধুনিক ব্যবহারের প্রদর্শনীর এক সঠিক মঞ্চ হিসেবে কাজ করবেঊ যেখানে থাকবে পাঁচ শতাধিক ওয়ান-টু-ওয়ান বৈঠক ও মত বিনিময় অনুষ্ঠান এবং এক হাজারের বেশি সম্ভাব্য বিনিয়োগকারী, ইনকিউবেটর বা বাণিজ্য-সহায়ক সহ সংশ্লিষ্টদের মধ্যে সরাসরি আলোচনার এক সুযোগঊ এদিনের অনুষ্ঠানে পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় টেলিকম এক্সিলেন্স পুরস্কার-২০২৩-এর ঘোষণা করেছ দূরসঞ্চার বিভাগ (ডিওটি)ঊ'ইন্ডিয়া মোবাইল কংগ্রেস-২০২৪'-এর মূল ভাবনা 'দ্য ফিউচার ইস নাও'-এর আনুষ্ঠানিক প্রকাশ করে কেন্দ্রীয় যোগাযোগ এবং উত্তরপূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রী শ্রী সিন্ধিয়া বলেছেন, "মানুষকে যে একত্রিত করে, সেটাই প্রযুক্তির সর্বোত্তম বিষয়ঊ আর এই ক্ষেত্রে আমাদের ভারতের চেয়ে ভালো উদাহরণ আর হতে পারে নাঊ" তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অঙ্গীকারবদ্ধতার সঙ্গে সামঞ্জস্য রেখে দূরত্বের ব্যবধান ঘুচাতে প্রযুক্তির ভূমিকার উপর জোর দেনঊ তিনি বলেন, যোগাযোগ ও নেটওয়ার্ক-এর প্রযুক্তিই দেশের সীমান্তবর্তী গ্রামগুলোর সঙ্গে ভারতের কেন্দ্রীয় অঞ্চলের গ্রামের সংযোগ ঘটাবেঊমন্ত্রী সিন্ধিয়া ইন্ডিয়া মোবাইল কংগ্রেস-২০২৪ (আইএমসি)-কে বিশ্বের আগ্রহের কেন্দ্রবিন্দুতে আছে বলে উল্লেখ করে বলেন, "আগামী দিনে আমি ভারতকে এর কেন্দ্রবিন্দুতে দেখার আশা করছিঊ অনুষ্ঠানের মূল ভাবনা 'দ্য ফিউচার ইজ নাও' আমাদের সক্ষমতা, আমাদের অর্জন এবং ভবিষ্যত সম্ভাবনাকে প্রতিনিধিত্ব করছেঊ"গত ১০ বছরে টেলিকম ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তনের কথা উল্লেখ করে তিনি বলেন, ভারত প্রযুক্তির ব্যবহারকারী থেকে এখন প্রযুক্তির সরবরাহকারী হয়ে উঠেছেঊ তিনি টেলিকম আইন-২০২৩, পিএলআই স্কিম, দ্রুততম ফাইভ-জি চালু করা ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রের প্রশংসা করেনঊ অনুষ্ঠানে দূরসঞ্চারের বিভিন্ন উদ্ভাবনা, টেলিকম স্কিলিং, টেলিকম সার্ভিস, টেলিকম ম্যানুফ্যাকচারিং এবং টেলিকম অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে অনুকরণীয় ও অসামান্য অবদানের জন্য মনোনীতদের পুরস্কার প্রদান করা হয়ঊকেন্দ্রীয় মন্ত্রী স্টার্ট-আপ ও লঘু, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগগুলির জন্য পরীক্ষামূলক প্রকল্পেরও সূচনা করেন এবং সাইবার নিরাপত্তার ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধির জন্য এন.টি.আই.পি.আর.আই.টি. এবং আইআইটি জম্মুর মধ্যে সমঝোতাপত্র স্বাক্ষর পর্যবেক্ষণ করেন। অনুষ্ঠানে যোগাযোগ মন্ত্রকের টেলিযোগাযোগ বিভাগের সচিব ড় নীরজ মিত্তল স্বাগত ভাষণ রাখেনঊ

# দেশের নিরাপত্তা সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় আইবি-র মাল্টি এজেন্সি সেন্টার (এমএসি)-এর কাজকর্ম পর্যালোচনা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর



নয়াদিল্লি, ১৯ জুলাই : কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ নতুন দিল্লিতে বিভিন্ন নিরাপত্তা বাহিনী ও আইন প্রয়োগকারী সংস্থার প্রধানদের সঙ্গে এক উচ্চ পর্যায়ের বৈঠকে দেশের নিরাপত্তা সংক্রান্ত চ্যালেঞ্জ মোকাবিলায় গোয়েন্দা বিভাগ (আই বি)-র মাল্টি এজেন্সি সেন্টার (এমএসি)এর কাজকর্ম পর্যালোচনা করেছেন। এই বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী সারা দেশের বিভিন্ন নিরাপত্তা সংস্থা এবং অন্যান্য গোয়েন্দা ও প্রয়োগকারী সংস্থাগুলির প্রধানদেরকে জাতীয় নিরাপত্তার ক্ষেত্রে সরকারের সর্বাত্মক দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করার নির্দেশ দেন। তিনি দেশের ক্রমবর্ধমান নিরাপত্তা হুমকির পরিস্থিতি মোকাবেলায় সন্ত্রাসবাদী নেটওয়ার্ক এবং তাদের সমর্থনকারী বাস্তুতন্ত্রকে ধ্বংস করতে সমস্ত সংস্থার মধ্যে বৃহত্তর সমন্বয় রক্ষা করার উপর গুরুত্ব দেন।

দেশের সামগ্রিক অভ্যন্তরীণ নিরাপত্তা পরিস্থিতি এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ের পর্যালোচনা করার সময় স্বরাষ্ট্রমন্ত্রী সমস্ত অংশগ্রহণকারীদের মাল্টি এজেন্সি সেন্টারে অংশগ্রহণ বাড়ানোর এবং একে একটি সমন্বিত প্ল্যাটফর্মে পরিণত করার পরামর্শ দেনঊ সমস্ত আইন প্রয়োগকারী সংস্থা, মাদকবিরোধী সংস্থা, সাইবার সুরক্ষা এবং গোয়েন্দা সংস্থাগুলিকে সিদ্ধান্তমূলক এবং দ্রুত পদক্ষেপ গ্রহণ করার স্বার্থে এই সমন্বিত মঞ্চ কাজ করবেঊ

স্বরাষ্ট্রমন্ত্রী দৃঢ়তার সাথে বলেন যে, এমএসি ইতিমধ্যে তার সমস্ত শরিকদের আস্থা অর্জন করতে সমর্থ হয়েছে এবং শেষ মাইল প্রতিক্রিয়াকারী সহ বিভিন্ন সংশ্লিষ্ট পক্ষদের মধ্যে কার্যকরী এবং বাস্তবোচিত সময় ভাগ করে নেওয়ার জন্য একটি প্ল্যাটফর্ম হিসাবে ২৪অ৭ কাজ করে যাবেঊ বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বিগ ডেটা এবং এএল/এমএল চালিত বিশ্লেষণ এবং প্রযুক্তিগত অগ্রগতির মাধ্যমে সন্ত্রাসের বাস্তুতন্ত্র ধ্বংস করতে জাতীয় সুরক্ষার সঙ্গে যুক্ত সমস্ত সংস্থা থেকে তরুণ, প্রযুক্তিগত শিক্ষায় দক্ষ এবং উৎসাহী আধিকারিকদের নিয়ে গোষ্ঠী বা টিম গঠন করার ওপর জোর দেন। তিনি বলেন যে, নিরাপত্তা সম্পর্কিত নতুন এবং উদীয়মান চ্যালেঞ্জের মুখে, আমাদের অবশ্যই আমাদের প্রতিক্রিয়ার ক্ষেত্রে সর্বদা এক ধাপ এগিয়ে থাকতে হবে। স্বরাষ্ট্র মন্ত্রী আরও জানান যে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে এম এ সি-র প্রসার ও কার্যকারিতা বৃদ্ধির উদ্দ্যেশ্যে ব্যাপক প্রযুক্তিগত ও কার্যকরী সংস্কার সাধনের মাধ্যমে এমএসি-র কাঠামোগত সংস্কার দ্রুত ঘটতে চলেছেঊ তিনি সমস্ত অংশীদারদের দ্রুত প্রতিক্রিয়া এবং পরস্পরের মধ্যে বন্টিত তথ্য অনুযায়ী পরবর্তী কার্যকলাপ গ্রহনের মাধ্যমে এই উদ্যোগ ও প্রয়াসকে আরও মজবুত করার আহ্বান জানান।

## মাইক্রোসফটের বিভ্রাটে দেশজুড়ে সমস্যায় বিমানযাত্রীরা, আটকে পড়লেন অর্জুন রামপালও

মুম্বই, ১৯ জুলাই (হি.স.): মাইক্রোসফটের বিভ্রাটে দেশজুড়ে সমস্যার মধ্যে পড়লেন অগণিত বিমান যাত্রীরা। মুম্বই থেকে জয়পুর, গোয়া থেকে বেঙ্গালুরু - সর্বত্রই বিমানবন্দরে একই ছবি ধরা পড়েছে। সাধারণ যাত্রীদের মতোই আটকে পড়লেন অভিনেতা অর্জুন রামপালও। শুক্রবার বিমান ধরতে মুম্বই বিমানবন্দরে আসেন অভিনেতা অর্জুন রামপাল। মাইক্রোসফটের বিভ্রাটের কারণে তিনি মুম্বই বিমানবন্দরে আটকে পড়েন।অভিনেতা অর্জুন রামপাল জানিয়েছেন, তাঁদের সার্ভার ডাউন রয়েছে, আমি জানি না কী হয়েছে, অন্য একটি এয়ারলাইন্সে আমার টিকিট কাটা রয়েছে। আমি সেখানে যাচ্ছি। প্রসঙ্গত, মাইক্রোসফ এক বার্তায় জানিয়েছে, 'ক্রাউডস্ট্রাইক' আপডেট হওয়ার জন্যই এই সমস্যা তৈরি হয়েছে। এর ফলে আমেরিকা এবং অস্ট্রেলিয়ার বিভিন্ন সরকারি অফিস, ব্যাঙ্ক এবং বেসরকারি অফিসগুলিতে ব্যাপক প্রভাব পড়েছে। এই বিভ্রাটের ফলে ভারতেও থমকে গিয়েছে বিমান—সহ বিভিন্ন জরুরি পরিষেবা। ইন্ডিগো, স্পাইসজেট, আকাশা এয়ারের মতো বিভিন্ন বিমান সংস্থাগুলিকে বুকিং, চেক-ইন এবং ফ্লাইট আপডেটের জন্য প্রযুক্তিগত সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

## তৃতীয় তলা থেকে ঝাঁপ দিয়ে মৃত্যু মেডিকেল কলেজে ভর্তি রোগীর

লখনউ, ১৯ জুলাই (হি. স.) : মেডিকেল কলেজের তৃতীয় তলা থেকে ঝাঁপ দিয়ে আত্মহত্যা আজব সিং নামে এক রোগীর। উত্তর প্রদেশের জালাউন শহরের বাসিন্দা আজব সিং (৫০) নামে এক ব্যক্তির বুকে আঘাত লাগায়, স্থানীয় কিছু লোক সরকারি মেডিকেল কলেজে ভর্তি করেছিল। ভর্তির পর পরিবারের কোনো সদস্য মেডিকেল কলেজে তার সঙ্গে দেখা করতে আসেননি।শুক্রবার দুপুরে বৃষ্টি হচ্ছিল সেই সময় আজব সিং ভবনের ছাদে উঠে তৃতীয় তলা থেকে লাফ দেন।

## পুলিশি নির্দেশকে বৃদ্ধাঙ্গুষ্ঠ ! হুঁশ ফেরেনি টোটো চালকদের, ময়নাগুড়িতে চলছে পণ্য বহন

ময়নাগুড়ি, ১৯ জুলাই (হি.স.) : পুলিশি নির্দেশকে কার্যত বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখালেন ময়নাগুড়ির টোটো চালকরা! হুঁশ ফেরেনি শুক্রবারও, পুলিশি নির্দেশকে উপেক্ষা করেই চলছে পণ্য বহন। নির্দেশ অমান্য করায় শুক্রবার আটক করা হল বেশ কিছু টোটোকে। ময়নাগুড়ি ট্রাফিক ওসি ভয়েস সুব্বা বলেন, টোটোতে পণ্য নিয়ে যাওয়া যাবে না। যারা প্রশাসনের নির্দেশ অমান্য করছে তাদের আটক করা হচ্ছে। আগামীতেও এমন অভিযান চলবে বলে জানিয়েছে পুলিশ।উল্লেখ্য, বৃহস্পতিবারও পণ্যবাহী টোটো আটক করেছিল পুলিশ। সতর্ক করে দেওয়া হয় টোটোর চালকদের, ভবিষ্যতে এমন দৃশ্য নজরে এলে কড়া ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছিল পুলিশ। এরপরও হুঁশ ফেরেনি বেশ কিছু টোটো চালকের। শুক্রবার আরও একবার পুলিশের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়, ভবিষ্যতে এমন দৃশ্য নজরে এলে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

## মাইক্রোসফট বিভ্রাটে বিপাকে পড়া বিমানযাত্রীদের জন্য বিশেষ বার্তা বিমানমন্ত্রীর

নয়াদিল্লি, ১৯ জুলাই (হি. স.): শুক্রবার সকাল থেকে একাধিক বিমানবন্দরে চেক-ইন সিস্টেম ব্যাহত হয়। দীর্ঘক্ষণ আটকে থাকতে হয় যাত্রীদের। ফলে বিপাকে পড়েন যাত্রীরা। এই ঘটনার প্রেক্ষিতে অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু বলেন, আমি বিমানবন্দর কর্তৃপক্ষ এবং বিমান সংস্থাগুলিকে যাত্রীদের প্রতি সহানুভূতিশীল হওয়ার নির্দেশ দিয়েছি। এছাড়াও বিমানের বিলম্বের কারণে যাত্রীদের জন্য জল এবং খাবার সরবরাহ করার নির্দেশ দিয়েছি।

জানা গেছে, শুক্রবার সকাল ১০টা ৪৫ নাগাদ বিমানবন্দরের চেক-ইন সিস্টেম কার্যত বিপর্যস্ত হয়ে পড়ে।

## বৈদ্যুতিন ক্ষেত্র: বিশ্ব মূল্যশৃঙ্খলে ভারতের অংশগ্রহণের চালিকাশক্তি' শীর্ষক প্রতিবেদন প্রকাশ করলো নীতি আয়োগ

নয়াদিল্লি, ১৯ জুলাই, ২০২৪ নীতি আয়োগ বৈদ্যুতিন ক্ষেত্র: বিশ্ব মূল্যশৃঙ্খলে ভারতের অংশগ্রহণের চালিকাশক্তি' শীর্ষক প্রতিবেদন প্রকাশ করেছে। এই প্রতিবেদনে ভারতের বৈদ্যুতিন ক্ষেত্রের বিশদ বিশ্লেষণ করে তার সম্ভাবনা এবং প্রতিবন্ধকতাগুলি তুলে ধরা হয়েছে। ভারতকে বিশ্বের বৈদ্যুতিন উৎপাদন কেন্দ্রে পরিণত করতে যেসব পদক্ষেপ নেওয়া প্রয়োজন, তারও সুনির্দিষ্ট আলোচনা করা হয়েছে এতে।

আধুনিক উৎপাদনের ক্ষেত্রে বিশ্বজনীন মূল্যশৃঙ্খল অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর সঙ্গে পণ্যের নকশা, উৎপাদন, বিপণন ও বিতরণ সংক্রান্ত আন্তর্জাতিক সহযোগিতা জড়িত রয়েছে। আন্তর্জাতিক বাণিজ্যের ৭০ শতাংশই বিশ্ব মূল্যশৃঙ্খলের অন্তর্ভুক্ত। ভারতের পক্ষে অবিলম্বে বিশ্বের বৈদ্যুতিন ক্ষেত্র, সেমি কন্ডাক্টর, যানবাহন, রাসায়নিক এবং ওষুধ শিল্প ক্ষেত্রে নিজের অবদান বাড়ানো প্রয়োজন। বিশেষ করে বৈদ্যুতিন ক্ষেত্রে এই প্রয়োজনীয়তা আরও বেশি কারণ, এর রপ্তানীর ৭৫ শতাংশই আসে বিশ্ব মূল্যশৃঙ্খল থেকে।

ভারতের বৈদ্যুতিন ক্ষেত্র দ্রুত বিকাশের মধ্য দিয়ে চলেছে। ২০২৩ আর্থিক বছরে এর মূল্য পৌঁছেছে ১৫৫ বিলিয়ন ডলারে। এই ক্ষেত্রের উৎপাদন ২০১৭ সালের ৪৮ বিলিয়ন ডলার থেকে প্রায় দ্বিগুণ বৃদ্ধি পেয়ে ২০২৩ সালে হয়েছে ১০১ বিলিয়ন ডলার। এই বৃদ্ধির মূল কারণ হল মোবাইল ফোনের বিস্তার, যা মোট বৈদ্যুতিন উৎপাদনের ৪৩ শতাংশ অধিকার করে রেখেছে। ভারত স্মার্ট ফোনের ক্ষেত্রে আমদানি নির্ভরতা উল্লেখযোগ্যভাবে কমাতে সক্ষম হয়েছে। বর্তমানে ৯৯ শতাংশ স্মার্ট ফোনই দেশে তৈরি হচ্ছে।

মেক ইন ইন্ডিয়া ও ডিজিটাল ইন্ডিয়ার মতো প্রয়াস, উন্নত পরিকাঠামো, সহজে ব্যবসা করার পরিবেশ, বিভিন্ন ধরনের উৎসাহদান প্রকল্পের সুবাদে দেশীয় উৎপাদন বেড়েছে এবং এই ক্ষেত্রে বিদেশী বিনিয়োগ এসেছে। কিন্তু এই সবকিছু সত্ত্বেও এখনও ভারতের বৈদ্যুতিন বাজার, বিশ্ব বাজারের মাত্র ৪ শতাংশ অধিকার করে রয়েছে। ভারতে মূলত একত্রীকরণের কাজটুকুই হয়, নকশা এবং সরঞ্জাম তৈরিতে ভারতের ক্ষমতা এখনও সীমিত।

৪.৩ ট্রিলিয়ন ডলারের বিশ্ব বৈদ্যুতিন বাজারে আধিপত্য বিস্তার করে রেখেছে চীন, তাইওয়ান, আমেরিকা, দক্ষিণ কোরিয়া, ভিয়েতনাম ও মালয়েশিয়ার মতো দেশগুলি। বিশ্বের মোট চাহিদার ৪ শতাংশ হলেও ভারত বর্তমানে বার্ষিক ২৫ বিলিয়ন ডলারের বৈদ্যুতিন সামগ্রী রপ্তানী করে, যা বিশ্ব বাজারের নিরিখে ১ শতাংশেরও কম। প্রতিযোগিতার দৌড়ে থাকার সক্ষমতা বাড়াতে ভারতকে উচ্চ প্রযুক্তির উপাদান ও নকশা স্থানীয়ভাবে উৎপাদনের সামর্থ্য অর্জন করতে হবে। সেজন্য গবেষণা ও উন্নয়ন খাতে বিনিয়োগের প্রয়োজন। এছাড়া বিশ্বের প্রযুক্তি ক্ষেত্রে নেতৃস্থানীয়দের সঙ্গে কৌশলগত অংশীদারিত্ব গড়ে তোলা দরকার।

২০২৩ আর্থিক বছরে ভারতের বৈদ্যুতিন উৎপাদনের মূল্য হয়েছে ১০১ বিলিয়ন ডলার। এর মধ্যে সম্পূর্ণ পণ্যের মূল্য ৮৬ বিলিয়ন ডলার এবং অন্যান্য উপাদানের মূল্য ১৫ বিলিয়ন ডলার। এই সময়ে ভারতের রপ্তানীর পরিমাণ দাঁড়িয়েছে ২৫ বিলিয়ন ডলার। দেশীয় মূল্য সংযোজনের ক্ষেত্রে এর ভাগ ১৫-১৮ শতাংশের মধ্যে, এর সুবাদে প্রায় ১৩ লক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। ব্যবসার স্বাভাবিক প্রবণতা বজায় থাকলে ২০৩০ সালের মধ্যে ভারতের বৈদ্যুতিন ক্ষেত্রের উৎপাদন ২৭৮ বিলিয়ন ডলারে পৌঁছতে পারে বলে মনে করা হচ্ছে। এর মধ্যে সম্পূর্ণ পণ্যের মূল্য হতে পারে ২৫৩ বিলিয়ন ডলার এবং উপাদানের মূল্য হতে পারে ২৫ বিলিয়ন ডলার। এর রপ্তানীর পরিমান ১১১ বিলিয়ন ডলারে পৌঁছবার সম্ভাবনা রয়েছে। ৩৪ লক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে আশা করা যায়।

কিন্তু বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার যে লক্ষ্য ভারত নিয়েছে, তা পূরণ করতে হলে প্রযুক্তি চালিত ক্ষেত্রগুলির বিকাশে ভারতকে আরও তৎপর হতে হবে। অনুকূল ব্যবসায়িক পরিবেশ ও নীতিগত সহায়তা এবং আর্থিক ও অন্য ধরনের উৎসাহদানের মাধ্যমে ভারতকে ২০৩০ সালের মধ্যে বৈদ্যুতিন ক্ষেত্রে ৫০০ বিলিয়ন ডলার উৎপাদনের লক্ষ্যমাত্রা নিতে হবে। এর মধ্যে সম্পূর্ণ পণ্যের মূল্য হবে ৩৫০ বিলিয়ন ডলার, উপাদানের মূল্য ১০ বিলিয়ন ডলার। ৫৫-৬০ লক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে হবে। রপ্তানীর লক্ষ্য রাখতে হবে ২৪০ বিলিয়ন ডলার। দেশীয় মূল্য সংযোজনের ক্ষেত্রে এর ভাগ ৩৫ শতাংশ ছাপিয়ে যেতে হবে।

এর পাশাপাশি মোবাইল ফোন ও উপাদান উৎপাদনের ক্ষেত্রে বৃহৎ মাত্রায় উৎপাদনের কৌশল নিতে হবে। পরিধানযোগ্য পণ্য, ইন্টারনেটের যন্ত্রাংশ এবং স্বয়ংক্রিয় বৈদ্যুতিন যন্ত্রের মতো উদীয়মান ক্ষেত্রগুলিতে বৈচিত্র্য আনার ওপর জোর দিতে হবে। এতে গ্রাহকদের চাহিদা বাড়বে, উন্নত প্রযুক্তির প্রয়োগ বৃদ্ধি পাবে এবং ভারত বিশ্বমঞ্চে উদ্ভাবনা বৈদ্যুতিন পণ্য উৎপাদনে অগ্রণী হয়ে উঠবে।

এই উচ্চাকাঙ্খী বিকাশের যাত্রাপথকে মসৃণ করতে প্রতিবেদনে রাজস্ব সংক্রান্ত, আর্থিক, নিয়ন্ত্রণগত এবং পরিকাঠামোগত সহায়তার কথা বলা হয়েছে। উপাদান ও মূলধনী পণ্য উৎপাদন, গবেষণা ও উন্নয়ন, যুক্তিসঙ্গত শুল্ক কাঠামো নির্ধারণ, দক্ষতা উন্নয়ন, প্রযুক্তি হস্তান্তর এবং পরিকাঠামোগত উন্নয়নের ওপর বিশেষ জোর দেওয়ার সুপারিশ করা হয়েছে এই প্রতিবেদনে।

বৈদ্যুতিন উৎপাদন ক্ষেত্রে বিশ্বনেতা হয়ে ওঠার যাবতীয় সম্ভাবনা ভারতের রয়েছে। সুযোগের সদ্ব্যবহার, মূল্যশৃঙ্খলের সংযুক্তিকরণ এবং সামনে থাকা চ্যালেঞ্জগুলির মোকাবিলা করে ভারত তার বৈদ্যুতিন ক্ষেত্রকে অর্থনৈতিক বিকাশ ও কর্মসংস্থান সৃষ্টির এক মূল উৎসতে পরিণত করতে পারে।

## অগ্নিগর্ভ বাংলাদেশ, ঢাকায় সব ধরনের সমাবেশ ও মিছিল নিষিদ্ধ ঘোষণা সরকারের

ঢাকা, ১৯ জুলাই (হি.স.) : ঢাকায় সব ধরনের সভা-সমাবেশ ও মিছিল নিষিদ্ধ করা হল। কোটা আন্দোলন নিয়ে বাংলাদেশে উত্তপ্ত পরিস্থিতির মাঝেই শুক্রবার দুপুরে ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপকমিশনার ফারুক হোসেন এমনটাই ঘোষণা করেন। তিনি আরও বলেন, পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত রাজধানীতে সব ধরনের সভা-সমাবেশ ও মিছিল নিষিদ্ধ থাকবে।এদিন বিকেল ৩ টা নাগাদ ঢাকায় জাতীয় প্রেস ক্লাবের সামনে সমাবেশের আয়োজন করে বাংলাদেশের প্রধান বিরোধী দল বিএনপি। অন্যদিকে, বঙ্গবন্ধু অ্যাভিনিউতে সমাবেশ ডেকেছিল শাসকদল আওয়ামী লীগ। মূলত বড় কোনও হিংসা ও প্রাণহানির ঘটনা যাতে না ঘটে সেদিকে লক্ষ্য রেখেই জমায়েতের ওপর রাশ টানার চেষ্টা করা হচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারও হিংসা আটকাতে কড়া বার্তা দিয়েছেন। অন্যদিকে, সরকারের পক্ষ থেকে আন্দোলনকারী পড়ুয়াদের সমস্যা সমাধানের প্রস্তাব দেওয়া হলেও তাঁরা খারিজ করে দিয়েছেন। প্রস্তাব খারিজ হওয়ার পর মিছিল, সমাবেশ ও জমায়েতের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে সরকার। প্রসঙ্গত, গত তিন দিনের বিক্ষোভে নিহতের সংখ্যা ২৭। বৃহস্পতিবার সংরক্ষণ বিরোধীদের কমপ্লিট শাটডাউন কর্মসূচির কারণে মৃত্যু হয়েছে অন্তত ২১ জনের।

## বৃক্ষরোপণের বৃহৎ অভিযান বিএসএফের

শিলিগুড়ি, ১৯ জুলাই (হি.স.) : বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) বৈকুণ্ঠপুর ৯৩ এবং ১৯৫ ব্যাটালিয়ন এবং বনবিভাগ বৈকুণ্ঠপুর রেঞ্জের যৌথ উদ্যোগে 'একটি গাছ মায়ের নামে' প্রকল্পের অধীনে বৃক্ষরোপণের একটি বৃহৎ অভিযানের আয়োজন করা হয়। শুক্রবার বিএসএফ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। বিএসএফ জানিয়েছে, এসটিসি বিএসএফ বৈকুণ্ঠপুরের মহাপরিদর্শক সঞ্জয় গৌড়, কমান্ড্যান্ট (সিআই) আর কে

**NOTICE INVITING TENDER (NIT) NO: 06/EE/Divn.III/PWD(R&B)/2024-25**

Tripura PWD Form - 6

The Executive Engineer, Agartala Division No.III, PWD(R&B), Agartala, Tripura West on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking Class registered with / enterprise and eligible Contractors/Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate PWD/TTAADC/MES/ CPWD/ Railway/Gov't Organization of other State & Central for the following work:-

| SL NO | DNIT NO. OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID |
|---|---|---|---|---|---|---|
| 1 | 16/EE/Divn.III/PWD(R&B)/ 2024-25 | ₹14,10,382.00 | ₹28,208.00 | 30 Days | Up to 3.00 P.M. On 26.07.2024 | At 4.00 P.M. on 26.07.2024 (if Possible) |
| 2 | 17/EE/Divn.III/PWD(R&B)/ 2024-25 | ₹4,92,288.00 | ₹9,846.00 | 30 Days | | |
| 3 | 18/EE/Divn.III/PWD(R&B)/ 2024-25 | ₹11,78,332.00 | ₹23,567.00 | 30 Days | | |
| 4 | 19/EE/Divn.III/PWD(R&B)/ 2024-25 | ₹22,07,325.00 | ₹44,147.00 | 90 Days | | |

All the above-mentioned online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

All the above-mentioned date & time are as per server clock date & time of e-procurement portal https://tripuratenders.gov.in

**ICA/C/942/24**

**For and on behalf of the Governor of Tripura.**
**(Er. M. Debnath)**
**Executive Engineer**
**Agartala Division No.III, PWD(R&B)**
**Agartala, West Tripura.**

**PRESS NOTICE INVITING e-TENDER NO. EE-IED/PWD/AGT/17/2024-25 dated 18/07/2024**

The Executive Engineer, Internal Electrification Division, PWD, Agartala: Tripura* on behalf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender in single bid system from the eligible Central & State public sector undertaking/ enterprise and eligible Contractors/ Firms/ Private Ltd. Firm /Agencies of Appropriate Class for internal electrification works registered with PWD/ TTAADC/ MES/ CPWD/ Railway/ Gov't Organization of other State & Central having valid electrical contractor license issued by the Government of Tripura for the following work:-

| Sl No | Name of work | Estimated Cost | Earnest Money | Time of completion |
|---|---|---|---|---|
| 1 | DNIT NO.EE-IED/AGT/41/2024-25 | ₹ 70,416.00 | ₹ 1,408.00 | 30 (thirty) days |
| 2 | DNIT NO.EE-IED/AGT/42/2024-25 | ₹ 1,92,348.00 | ₹ 3,847.00 | 365 (three six five) days |
| 3 | DNIT NO.EE-IED/AGT/43/2024-25 | ₹ 8,49,988.00 | ₹ 17,000.00 | 60 (sixty) days |
| 4 | DNIT NO.EE-IED/AGT/04/2024-25 (2nd call) | ₹ 8,43,200.00 | ₹ 16,864.00 | 30 (thirty) days |

Last date and time for document downloading and bidding is on 07/08/2024 upto 3.00 PM and opening of bid at 3.30 PM on 07/08/2024, if possible. For more details kindly visit: https://tripuratenders.gov.in

The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in

**ICA/C/945/24**

**For and on behalf of the Governor of Tripura**
**Executive Engineer,**
**Internal Electrification Division,**
**PWD (Buildings), Agartala,**
**West Tripura Contact: 8837256802**

# কাজের সন্ধান

## উচ্চমাধ্যমিক তরুন-তরুনীদের থেকে এয়ারফোর্সে অগ্নিবীর বায়ু নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** ইন্ডিয়ান এয়ার ফোর্সে অগ্নিপথ স্কীমে অগ্নিবীর বায়ু ইনটেক পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য) । নিয়োগের সময় তা বাড়তেও পারে, আবার কমতেও পারে। শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৬ থেকে ২০ বছর, অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ জুলাই, র‍্যালী ও পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে হওয়ার সম্ভাবনা রয়েছে। এবিষয়ে বিস্তারিত এঁদের ওয়েবসাইটে এবং আবেদনকারীকে কল লেটারে জানানো হবে। এককথায়, ভারতীয় বিমান বাহিনীতে সহস্রাধিক (সম্ভাব্য) তরুন-তরুনী অগ্নিবীর বায়ু নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। কোনও রাজ্যের জন্য নির্দিষ্ট কোটা না থাকলেও সামগ্রিক হিসেবে ৫০০ জন তরুন-তরুণী নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক পাশ হতে হবে। তবে ৫০ শতাংশ নম্বর পেলে অবশ্যই অগ্রাধিকার পাবেন। প্রার্থিবাছাই করবেন ভারতীয় বিমান বাহিনীর নির্দিষ্ট রিক্রুটমেন্ট সেল। অগ্নিপথ স্কিমের অধীনে অগ্নিবীর বায়ু ইনটেক ০২/২০২৫ রিক্রুটমেন্ট র‍্যালীর মাধ্যমে। ৫০ শতাংশ নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়েরা আবেদন করতে পারেন এবং অগ্রাধিকারও পাবেন। প্রার্থীদের বয়স হতে হবে চলতি সময়ের বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের হিসেবে ১৬ থেকে ২০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ০৩-০৭-২০০৪ থেকে ০৩-০১-২০০৮-এর মধ্যে। শারীরিক মাপজোক হতে হবে উচ্চতায় অন্তত ১৫২ সেমি.। ত্রিপুরার প্রার্থীদের ক্ষেত্রে ৪ সেমি ছাড় রয়েছে। এক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৪৮ সেমি। ক্রীড়াবিদ্ হলে আরও ২ সেমি ছাড় পেয়ে যাবেন। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সবক্ষেত্রেই দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬ এবং ৬/৯। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, তীর্যক চাউনি থাকলে আবেদন করবেন না। রং চেনার উচ্চ ক্ষমতা থাকা দরকার। মূল মাইনে ইত্যাদি পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে, এঁদের ওয়েবসাইটে লগ অন করে, অবশ্যই ২৮ জুলাই, রাত ১১টার মধ্যে। অর্থাৎ অনলাইনে ফর্ম ফিলাপের শেষ তারিখ ২৮ জুলাই। উল্লেখ্য, অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটো, প্রয়োজনীয় সমস্ত ডকুমেন্টসও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবি (৪০ কেবির মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) ও সই (৪০ কেবির মধ্যে, জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে) স্ক্যান করে রাখবেন, পরে তা আপলোড করতে হবে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন। কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে (প্রযোজ্য) পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি সাক্ষাৎকারের সম্ভাব্য প্রশ্নোত্তর সহ এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

প্রার্থিবাছাই হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, শারীরিক সক্ষমতা ও শারীরিক মাপজোকের পরীক্ষা (পিই এন্ড এমটি), ইন্টারভিউ ও ডাক্তরি পরীক্ষার মাধ্যমে। সিবিটি বা কম্পিউটার ভিত্তিক পরীক্ষার দিন ১৮ অক্টোবর স্থির হয়েছে। প্রয়োজনে তা পরিবর্তনও হতে পারে। পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশের বিভিন্ন শহরেই থাকার সম্ভাবনা রয়েছে। তবে এ বিষয়ে বিস্তারিত অর্থাৎ কার, কবে, কোথায় পরীক্ষা বা র‍্যালী, সেটা কল লেটারে জানিয়ে দেওয়া হবে। কাগজপত্র পরীক্ষায় সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা ও শারীরিক মাপজোকের পরীক্ষা। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে তরুনদের ক্ষেত্রে ৭ মিনিটে এবং তরুনীদের ক্ষেত্রে ৮ মিনিটে ১৬০০ মিটার দৌড়। পুশ-আপ, সিট-আপ, স্কোয়াট ইত্যাদিও রয়েছে। এর আগে কম্পিউটার ভিত্তিক পরীক্ষায় সফল হতে হবে। পরীক্ষায় এয়ারম্যান সায়েন্স গ্রুপের জন্য ৭০ নম্বরের পরীক্ষা, সময় ১ ঘন্টা। এয়ারম্যান সায়েন্স নয় এমন গ্রুপের জন্য ৫০ নম্বরের পরীক্ষা, সময় ৪৫ মিনিট। এয়ারম্যান সায়েন্স এন্ড আদার দেন সায়েন্স গ্রুপের জন্য ১০০ নম্বরের পরীক্ষা, সময় ৮৫ মিনিট। প্রতি ক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েজ ভিত্তিক প্রশ্ন। ভুল উত্তরের জন্য অবশ্যই ০.২৫ শতাংশ হিসেবে নম্বর কাটা যাবে, অর্থাৎ নেগেটিভ মার্কিংও রয়েছে। সবশেষে ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। পরীক্ষার সিলেবাস সহ এবিষয়ে এঁদের ওয়েবসাইটে লগ অন করে আরও বিস্তারিত জানতে পারবেন।

## মাধ্যমিক পাশদের ৮,৩২৬ চাকরি অনলাইনে দেড় ঘন্টার পরীক্ষার মাধ্যমে

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** কেন্দ্রীয় সরকারের অধীনে মাধ্যমিক পাশদের থেকে শুরু করে উচ্চতর যোগ্যতায় ৮,৩২৬ জনের চাকরি হচ্ছে। এসএসসি'র ওয়েবসাইটে লগঅন্ করে একবার রেজিস্ট্রেশন করিয়ে নিলে পরবর্তী সময়ে এসএসসি-র যে-কোনও বিজ্ঞাপন অনুযায়ী খুব সহজেই আবেদন করা যায়। সম্প্রতি বিজ্ঞাপন অনুযায়ী অনেকে আবেদন করতে গিয়ে সমস্যায় পড়ছেন বলে ফোনে এ বিষয়ে অনেকে জানতে চেয়েছেন। বিশেষ করে তাঁদের সুবিধার্থে বিজ্ঞপ্তির গুরুত্বপূর্ণ অংশ এখানে প্রকাশ করা হলো। মূল খবর হলো — কেন্দ্রীয় সরকারের অধীনে বিভিন্ন অফিস ও দপ্তরে মাল্টি টাস্কিং স্টাফ বা এম.টি.এস এবং হাওলদারপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮,৩২৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ অন্তত পক্ষে মাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর ও ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে। কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, নির্দিষ্ট তারিখ কল লেটারে জানানো হবে।

কোনও বিজ্ঞপ্তির প্রেক্ষাপটে অনলাইনে চাকরির দরখাস্ত পাঠানো সহজ হলেও, অপেক্ষা করতে নেই। শেষ তারিখের যত আগে সম্ভব, আবেদন করে নিতে হয়। এসএসসি পরীক্ষার দরখাস্ত পাঠাতে গিয়ে আগে অনেকেই সমস্যায় পড়ছেন। প্রয়োজনীয় সহযোগিতা নিয়ে আবেদন করুন। মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে, নম্বরের কোনও কড়াকড়ি নেই। কেন্দ্রীয় সরকারের সারা দেশের বিভিন্ন দপ্তর বা অফিসগুলোতে মাল্টি টাস্কিং স্টাফ নিয়োগের জন্য প্রার্থীবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন। মাল্টি-টাস্কিং (নন্-টেকনিক্যাল) স্টাফ বা এমটিএস এবং হাওলদার (সিবিআইসি এন্ড সিবিএন) এগজামিনেশন - ২০২৪-এর মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে অক্টোবরে। দিনক্ষণ এখনও চূড়ান্ত হয়নি, অক্টোবর মাসের যে-কোনও দিন পরীক্ষা হতে পারে। দেরি হলে তা নভেম্বরেও হতে পারে। তবে তা অবশ্যই ১৫ দিন আগে জানিয়ে দেওয়া হবে এসএমএস ও কল লেটারের মাধ্যমে। নির্দিষ্ট সময়ে কল লেটার ডাউনলোড করে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে। অত ত মাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা ০১-০৮-২০২৪ তারিখে বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হলে আবেদন করতে পারেন। কিছু পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ২৫ বছর। দূরশিক্ষা বা মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষা ব্যবস্থায় যাঁরা পাশ করেছেন তাঁরা সংশ্লিষ্ট সময়কালে কোর্সটি ডিইসি-ইগনুর স্বীকৃত হলে আবেদন করতে পারবেন। এবারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। যোগ্যতা, বয়স সবই অর্জন করতে হবে ০১-০৮-২০২৪ তারিখের মধ্যে। তফশিলি, ওবিসি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, বিধবা/বিবাহবিচ্ছিন্না/ আইনত আলাদা মহিলা প্রভৃতি প্রার্থীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। যেমন, ওবিসি-দের জন্য বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর, এসসি/এসটি-দের জন্য ৩২ বছর, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩৭ বছর, বিধবা/ বিবাহ বিচ্ছিন্না/ আইনত আলাদা মহিলা প্রার্থীদের জন্য ৩৫ বছর। বিধবা/ বিবাহ বিচ্ছিন্না/ আইনত আলাদা এসসি/ এসটি মহিলা প্রার্থীদের জন্য ৪০ বছর। এম টি এস পদের মাইনে হবে ৭ম পে কমিশনের পে ম্যাট্রিক্স পে লেভেল-১ অনুযায়ী। এছাড়া, অতিরিক্ত হিসেবে অন্যান্য ভাতাও রয়েছে। পদগুলো নন-টেকনিক্যাল, নন্-গ্যাজেটেড, নন্-মিনিস্টেরিয়াল, গ্রুপ-সি ক্যাটেগরির।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ্অন করে। চিরাচরিত পদ্ধতিতে অর্থাৎ অফলাইনে দরখাস্ত পাঠানোর পদ্ধতি ওঠে গেছে। অনলাইনে দরখাস্ত করতে হলে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগ্জাম-ফি লাগবে না। তবে ই-মেইল আইডি তৈরি করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, অনলাইনে দরখাস্ত ফিল-আপ, পরীক্ষার ফি জমা দেওয়া, ব্যাঙ্কের কমিশন, প্রিন্ট আউট বের করে রাখা, এডমিট কার্ড ডাউনলোড করা ইত্যাদির যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ সাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ৩১ জুলাই-এর মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ৩১ জুলাই। এককথায়, অনলাইনে দরখাস্ত পাঠানোর জক্কিঝামেলা কম, খরচও কম হয়। দরখাস্তে ভুল হওয়ার সম্ভাবনা কমে যায়, ডকুমেন্টস জেরক্স করে পাঠাতে হয় না, কল লেটার প্রাপ্তির ব্যাপারে পুরোপুরি নিশ্চিত হওয়া যায়। অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্ত পূরণ করার কৌশল, ইন্টারনেটের মাধ্যমে পরীক্ষার ফি পাঠানো, লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস এবং বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

প্রার্থীবাছাই হবে স্টাফ সিলেকশন কমিশনের মাল্টি-টাস্কিং (নন্-টেকনিক্যাল) স্টাফ, এন্ড হাওলদার (সিবিআইসি এন্ড সিবিএন) এগজামিনেশন - ২০২৪-এর মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য প্রথমে অবজেক্টিভ টাইপের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা নেওয়া হবে এপ্রিলে। দিনক্ষণ এখনও চূড়ান্ত হয়নি, সেপ্টেম্বর মাসের যে-কোনও দিন পরীক্ষা হতে পারে। তবে তা অবশ্যই ১৫ দিন আগে জানিয়ে দেওয়া হবে এসএমএস ও কল লেটারের মাধ্যমে। নির্দিষ্ট সময়ে কল লেটার ডাউনলোড করে নিতে হবে এঁদের ওয়েবসাইট থেকে। মোটপ্রশ্ন ৯০টি। প্রশ্নপত্র হবে ২৭০ নম্বরের, অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। তাতে থাকবে ৪টি পেপার। দুটিতে ৬০ এবং দুটিতে ৯০ করে মোট ২৭০ নম্বরের। সময় দেড় ঘন্টা বা ৯০ মিনিট। স্ক্রাইবার অর্থাৎ লিখনসহকারী নেওয়া দৃষ্টি প্রতিবন্ধীরা নির্দিষ্ট কিছু সময় যেমন ৩০ মিনিট অতিরিক্ত পাবেন। অর্থাৎ, তাঁদের জন্য সময় ২ ঘন্টা। বিষয়গুলি হলঃ সেশন-১ঃ (১) নিউমেরিক্যাল এন্ড ম্যাথামেটিক্যাল এবিলিটি, (২) রিজনিং এবিলিটি এন্ড প্রবলেম সলভিং। সেশন-২ঃ (১) জেনারেল অ্যাওয়্যারনেস, (২) ইংলিশ ল্যাঙ্গুয়েজ এন্ড কমপ্রিহেনশন। ইংলিশ ছাড়া সব প্রশ্নই হবে ইংরিজি-হিন্দিতে দ্বিভাষিক। আঞ্চলিক ভাষা অর্থাৎ বাংলা ভাষার সুবিধাও থাকবে। সব পেপারেই আলাদা-আলাদা ভাবে সফল হতে হবে। নেগেটিভ মার্কিং থাকবে, তবে সেশন-১ এর জন্য নয়। সেশন-২ এর ক্ষেত্রে প্রতিটি ভুলের জন্য ১ নম্বর করে খোয়াতে হবে।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **অফিসার, ইন্সপেক্টর, অডিটর ইত্যাদি (কেন্দ্রীয় সরকার)**
শূন্যপদ ঃ ১৭,৭২৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ১৮ - ৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ জুলাই,
সেপ্টেম্বর/ অক্টোবরে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র - আগরতলা, বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অ্যাসিস্ট্যান্ট এডিটর, প্রুফ রিডার, ডিটিপি অপারেটর (এনসিইআরটি),**
শূন্যপদ ঃ ৯০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, নির্দিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ১৮-৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ জুলাই,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ম্যানেজমেন্ট ট্রেনি (স্টিল অথরিটি),**
শূন্যপদ ঃ ২৪৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনেশিয়ান, ওয়েভার (সেন্ট্রাল ইনস্টিটিউট),**
শূন্যপদ ঃ ৫৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি পাশ থেকে শুরু,
বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই,
ইতোমধ্যে সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (এয়ার ফোর্স)**
শূন্যপদ ঃ ৩৩টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৭-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই,
মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট (এইমস),**
শূন্যপদ ঃ ৮১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই,
বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অফিসার (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১৯৫টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, সিএ পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউ এবং পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **অগ্নিবীর, বায়ু ইনটেক (এয়ার ফোর্স)**
শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য),
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা পাশ,
বয়স ঃ ১৬-২০ বছর,
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ জুলাই,
বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ১৮ অক্টোবর, কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১৫০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **মাল্টি টাস্কিং স্টাফ বা এম.টি.এস (কেন্দ্রীয় সরকার),**
শূন্যপদ ঃ ৮,৩২৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, নির্দিষ্ট তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **আইটিআই ট্রেনি, অফিস অ্যাসিস্ট্যান্ট (কর্পোরেট সেক্টর)**
শূন্যপদ ঃ ১০০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ডেপুটি ইঞ্জিনিয়ার, এক্সিকিউটিভ (কেন্দ্রীয় মন্ত্রক)**
শূন্যপদ ঃ ৩০৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

## আগরতলায় অনলাইনে পরীক্ষার মাধ্যমে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ১,৫০০ এপ্রেন্টিস নিয়োগ

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।** রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে এপ্রেন্টিসপদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট অর্থাৎ বিএ, বিকম, বিএসসি, বিই, বিটেক, বিবিএ, বিসিএ ... যে-কোনও বিষয়ে ডিগ্রিপাশ, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে। বিস্তারিত খবর হলো ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ সারা দেশে এপ্রেন্টিস পদে ১,৫০০ জন নিয়োগ হচ্ছে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে বিশেষ করে ইন্ডিয়ান ব্যাঙ্কে।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে, ৩১ জুলাইয়ের মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে (যেমন, ছবি কীরকম কী ব্যাকগ্রাউন্ডে তুলবেন, ছবির ডাইমেনশন যেন হয় ২০০ বাই ২৩০ পিক্সেল আর মাপ ২০-৫০ কেবির মধ্যে, স্বাক্ষরের ক্ষেত্রে ১৮০ বাই ১৬০ পিক্সেল, মাপ ১০-২০ কেবির মধ্যে, ইত্যাদি মাপে সেভ করতে হবে জেপিজি বা জেপিইজি ফর্ম্যাটে)। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা। মোবাইল এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে, অনলাইন মুডে পরীক্ষার ফি জমা দেওয়ার লক্ষ্যে এগুতে হবে। অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। এক্ষেত্রে নেট-ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া খুবই সহজ এবং সময় সাশ্রয়কারী। এককথায়, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে টাকা পাঠানোই অধিক শ্রেয়। নেফট ব্যাঙ্কিং/ মাস্টার/ ভিসা ডেবিট/ ক্রেডিট কার্ড পদ্ধতিতেও টাকা জমা দিতে পারেন। এজন্য প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্টের পর ই-রিসিপ্ট কপিও যত্ন করে রাখবেন। লিখিত পরীক্ষার দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং আই.বি/ এপিপিআর/ দ্য এপ্রেন্টিস অ্যাক্ট ১৯৬১/ ২০২৪-২৫। তারিখ ১১ জুলাই, ২০২৪। বলা বাহুল্য, অনলাইনে দরখাস্ত করার পর অবশ্যই দরখাস্তের প্রিন্ট-আউট ও ব্যাঙ্ক থেকে পাওয়া ক্যাশ রিসিপ্ট বা ই-রিসিপ্ট কপি নিজের কাছে যত্ন করে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে বিশেষ করে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে এপ্রেন্টিস পদে নিযুক্তি পেতে ইচ্ছুক তরুণ-তরুণীরা ০১-০৭-২০২৪-এর হিসেবে ২০ থেকে ২৮-এর মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। এসসি/এসটিদের জন্য ৩৩ বছর, ওবিসিদের জন্য ৩১ বছর এবং প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, বিবাহবিচ্ছিন্না মহিলা ইত্যাদি যাঁরা বয়সের ক্ষেত্রে বরাবর ছাড় পেয়ে আসছেন, তাঁরা এক্ষেত্রেও যথারীতি বয়সের ছাড় পাবেন। তফশিলি, ওবিসি ও প্রতিবন্ধীদের জন্য সরকারি নিয়মানুসারে পদ সংরক্ষণ থাকবে। দৃষ্টিহীন, কম দৃষ্টি-সংক্রান্ত, শ্রবণ-সংক্রান্ত ও চলতে-ফিরতে না পারা সংক্রান্ত প্রতিবন্ধীরাও (পিডব্লুডি) যথারীতি আবেদন করতে পারেন। শূন্যপদগুলির মধ্যে তফশিলি জাতিভুক্ত, তফশিলি উপজাতিভুক্ত এবং ওবিসি'র জন্য যেমন সংরক্ষিত পদ রয়েছে, তেমনি অসংরক্ষিত রয়েছে প্রচুর সংখ্যক পদ। এছাড়া, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের জন্যও রয়েছে বেশ কিছু সংরক্ষিত শূন্যপদ। মোট শূন্যপদ ১,৫০০টির মধ্যে ৬৮০টি পদ অসংরক্ষিত, অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে কেউ এর জন্য আবেদন করতেপারবেন। ২৫৫টি এসসি প্রার্থীর জন্য, ৭৭টি এসটি প্রার্থীর জন্য, ৩৫১টি পদ ওবিসি প্রার্থীর জন্য এবং ১৩৭টি পদ ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত। এছাড়া, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের জন্য রয়েছে ৫১টি পদ। শূন্যপদের বিশদ বিভাজন, রাজ্যভিত্তিক বা অঞ্চলভিত্তিক শূন্যপদের সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েবসাইটে এর বিজ্ঞপ্তিতে। যোগ্যতা - গ্র্যাজুয়েট। বিএ, বিএসসি, বিকম, বিবিএ, বিই, বিটেক, বিসিএ ইত্যাদি যে-কোনও বিষয়ে গ্র্যাজুয়েট বা স্নাতক পাশ হতে হবে। নম্বরের কোনও কড়াকড়ি নেই। এমনকি এবার যাঁরা কলেজের ফাইন্যাল ইয়ারের পরীক্ষা দিয়েছেন বা দেবেন তাঁরাও শর্তসাপেক্ষে দরখাস্ত করতে পারেন।

প্রার্থীবাছাই হবে কম্পিউটার ভিত্তিক অনলাইনে পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে। অনলাইনে পরীক্ষা হবে অবজেক্টিভ ধরনের। ১০০ নম্বরের পরীক্ষা। এমসিকিউ প্যাটার্নের প্রশ্ন থাকবে ১০০টি। সময় ১ ঘন্টা। বিষয়গুলি হল: জেনারেল/ ফিনান্সিয়াল এওয়ারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টেটিভ এপ্টিটিউড, রিজনিং এপটিটিউড এন্ড কম্পিউটার নোলেজ। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে (প্রতি ৪টে ভুলের জন্য ১ নম্বর করে কাটা যাবে)। জেনারেল ইংলিশ অংশটুকু ছাড়া প্রশ্ন হবে ইংরিজি/ হিন্দিতে; প্রত্যেকটি অংশে পাশ করতে হবে (অন্তত ৪০ শতাংশ, তফশিলি, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩৫ শতাংশ নম্বর)। ত্রিপুরার প্রার্থীদের জন্য পরীক্ষা কেন্দ্র আগরতলা। সমস্ত পরীক্ষাকেন্দ্রের কোড নম্বরই জানতে পারেন এঁদের ওয়েবসাইটে। পরীক্ষার দিনক্ষণ স্থির হয়নি। তবে এবিষয়ে বিস্তারিত অর্থাৎ নির্দিষ্ট দিনক্ষণ ও কেন্দ্র তথা পরীক্ষার স্থানকাল ও তারিখ ইত্যাদি সংক্রান্ত তথ্য জানানো হবে কললেটারের সঙ্গে দেওয়া অ্যাকোয়েন্ট ইওরসেল্ফ বুকলেটের মাধ্যমে। এসব ডাউনলোড করে নিতে হবে পরীক্ষার প্রায় ৭ দিন আগে, নিজের দরখাস্তের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড/ জন্মতারিখ ব্যবহারের পদ্ধতিতে ওয়েবসাইটে নিজের অ্যাকাউন্টে ঢুকে। আলাদা কোনও চিঠি পাঠানো হবে না।

অনলাইনে পরীক্ষার ভিত্তিতে সাক্ষাৎকারে ডাকা হবে। সাক্ষাৎকার নেওয়া হবে কেন্দ্রীয় সরকার ঘোষিত নীতি নির্দেশিকা অনুযায়ী। চূড়ান্ত মেধাতালিকা হবে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ও ইন্টারভিউর নম্বর মিলিয়ে। মেধাতালিকার প্রথম দিক থেকে এপ্রেন্টিস পদে নিয়োগ করা হবে। এপ্রেন্টিসের সময়কাল ১ বছর। যিনি যে রাজ্যেই পরীক্ষা দেবেন, সেই রাজ্যেই নিয়োগ হবে। এপ্রেন্টিস চলাকালীন সময়ে কেন্দ্রীয় সরকারের নির্দিষ্ট হারে সাম্মানিক স্টাইপেন্ড প্রদান করা হবে।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা ।।**
* কেন্দ্রীয় সরকারের অধীনে **অফিসার, ইন্সপেক্টর, অডিটর ইত্যাদি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৭,৭২৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ১৮ - ৩২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ জুলাই, সেপ্টেম্বর/ অক্টোবরে কম্পিউটার ভিত্তিক পরীক্ষা, কেন্দ্র - আগরতলা, বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।
* এনসিইআরটি-তে **অ্যাসিস্ট্যান্ট এডিটর, প্রুফ রিডার, ডিটিপি অপারেটর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৯০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, নির্দিষ্ট বিষয়ে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ১৮-৪২ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ জুলাই, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।
* স্টিল অথরিটিতে **ম্যানেজমেন্ট ট্রেনি** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ২৪৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ইঞ্জিনিয়ারিং ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউ বা পরীক্ষার কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* সেন্ট্রাল ইনস্টিটিউটে **টেকনেশিয়ান, ওয়েভার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ৮ম শ্রেণি পাশ থেকে শুরু, বয়স ঃ ২১-৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই, ইতোমধ্যে সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও দিনক্ষণ জানার জন্য এঁদের ওয়েবসাইট দেখতে হবে।
* এয়ার ফোর্সে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩৩টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ, বয়স ঃ ১৭-২১ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই, মেধাভিত্তিক বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* এইমস-এ **সিনিয়র রেসিডেন্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এমডি, এমএস পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই, বাছাইকৃতদের সরাসরি ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।
* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৯৫টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি, পিজি, সিএ পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ জুলাই, বাছাইকৃতদের ইন্টারভিউ এবং পরীক্ষার দিনক্ষণ ও কেন্দ্র বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* এয়ার ফোর্সে **অগ্নিবীর, বায়ু ইনটেক** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৫০০টি (সম্ভাব্য), শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক, ডিপ্লোমা পাশ, বয়স ঃ ১৬-২০ বছর, অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৮ জুলাই, বাছাইকৃতদের কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ১৮ অক্টোবর, কেন্দ্র সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিসিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট ডিগ্রি পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০-২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, তারিখ সহ বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* কেন্দ্রীয় সরকারের অধীনে **মাল্টি টাস্কিং স্টাফ বা এম.টি.এস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৮,৩২৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ, বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ সারা দেশে, নির্দিষ্ট তারিখ কল লেটারে জানানো হবে।
* কর্পোরেট সেক্টরে **আইটিআই ট্রেনি, অফিস অ্যাসিস্ট্যান্ট** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১০০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ২৮ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই, বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।
* কেন্দ্রীয় মন্ত্রকের অধীনে **ডেপুটি ইঞ্জিনিয়ার, এক্সিকিউটিভ** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩০৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি, পিজি পাশ, বয়স ঃ অনূর্ধ্ব ৫০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ৩১ জুলাই, বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ বিস্তারিত কল লেটারে জানানো হবে।

### যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে

# উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের দুই জোড়া সাপ্তাহিক স্পেশাল ট্রেন পরিষেবা



মালিগাঁও, ১৮ জুলাই, ২০২৪: উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে (এনএফআর)র পক্ষ থেকে গ্রীষ্মের ভিড়ের সময় যাত্রীদের সুবিধার জন্য, যাত্রীর বর্ধিত চাহিদার প্রতি লক্ষ্য রেখে আরও দুই জোড়া সাপ্তাহিক স্পেশাল ট্রেন চালু করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। একটি ট্রেন গুয়াহাটি ও আনন্দ বিহার টার্মিনাল এবং আরেকটি ট্রেন নিউ তিনসুকিয়া ও ভগত কি কোঠির মধ্যে চলাচল করবে। দুই জোড়া স্পেশাল ট্রেনই সাপ্তাহিক ভিত্তিতে উভয় দিকে চারটি করে ট্রিপের জন্য চলবে।

এই এক্সপ্রেস ট্রেনগুলি উত্তর-পূর্ব, উত্তরবঙ্গ, বিহার এবং ভারতের উত্তর অংশের মধ্যে রেল পরিষেবা উন্নত করবে এবং বাণিজ্য ও অন্যান্য অর্থনৈতিক কার্যকলাপকে উৎসাহিত করবে। এই ট্রেনগুলির নিয়মিত পরিষেবা নিম্নলিখিত বিবরণ অনুযায়ী চলবে।

ট্রেন নং. ০৫৬৭১ (গুয়াহাটি — আনন্দ বিহার টার্মিনাল) স্পেশাল ২৪ জুলাই থেকে ১৪ আগষ্ট, ২০২৪ পর্যন্ত প্রত্যেক বুধবার গুয়াহাটি থেকে ১৫:০০ ঘন্টায় রওনা দিয়ে শুক্রবার ৮:৫০ ঘন্টায় আনন্দ বিহার টার্মিনাল পৌঁছাবে। ফেরত যাত্রার সময়, ট্রেন নং. ০৫৬৭২ (আনন্দ বিহার টার্মিনাল - গুয়াহাটি) স্পেশাল ২৬ জুলাই থেকে ১৬ আগষ্ট, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শুক্রবার আনন্দ বিহার টার্মিনাল থেকে ২৩:৪৫ ঘন্টায় রওনা দিয়ে রবিবার ১৪:১৫ ঘন্টায় গুয়াহাটি স্টেশন পৌঁছাবে। ট্রেনটি উভয় দিকে কামাখ্যা, রঙিয়া, নিউ বঙাইগাঁও, কোকরাঝাড়, নিউ আলিপুরদুয়ার, নিউ কোচবিহার, নিউ জলপাইগুড়ি, কিষানগঞ্জ, মালদা টাউন, ভাগলপুর, জামালপুর, গয়া, পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ও প্রয়াগরাজ ইত্যাদি স্টেশন হয়ে চলাচল করবে।

ট্রেনে যাত্রীদের জন্য একটি এসি-৩ টিয়ার, আটটি শ্লিপার ক্লাস ও দশটি জেনারেল সেকেন্ড ক্লাস কোচ থাকবে।

ট্রেন নং. ০৫৯১৯ (নিউ তিনসুকিয়া — ভগত কি কোঠি) স্পেশাল ২২ জুলাই থেকে ১২ আগষ্ট, ২০২৪ পর্যন্ত প্রত্যেক সোমবার নিউ তিনসুকিয়া থেকে ১২:৪৫ ঘন্টায় রওনা দিয়ে বৃহস্পতিবার ৭:১৫ ঘন্টায় ভগত কি কোঠি পৌঁছাবে। ফেরত যাত্রার সময়, ট্রেন নং. ০৫৯২০ (ভগত কি কোঠি — নিউ তিনসুকিয়া) স্পেশাল ২৬ জুলাই থেকে ১৬ আগষ্ট, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শুক্রবার আনন্দ বিহার টার্মিনাল থেকে ০৫:৩০ ঘন্টায় রওনা দিয়ে সোমবার ৪:০০ ঘন্টায় নিউ তিনসুকিয়া স্টেশন পৌঁছাবে। এই স্পেশাল ট্রেনটি উভয় দিকে শিমালুগুড়ি, ডিফু, লামডিং জং., কামাখ্যা, রঙিয়া, নিউ বঙাইগাঁও, নিউ আলিপুরদুয়ার, নিউ কোচবিহার, কিষানগঞ্জ, কাটিহার, হাজিপুর, গোরখপুর, গাজিয়াবাদ, রোহতক, সুরতগড়, লালগড় জং., মেরতা রোড ও যোধপুর জং. স্টেশন হয়ে চলাচল করবে। ট্রেনে যাত্রীদের জন্য দুটি এসি-৩ টিয়ার, এগারোটি শ্লিপার ক্লাস ও আটটি জেনারেল সেকেন্ড ক্লাস কোচ থাকবে।

উক্ত রুটে চলাচল করা অন্যান্য ট্রেনের ওয়েটিং লিস্টের যাত্রীরা এই গরমের সময় স্বাচ্ছন্দ্যে ভ্রমণের জন্য এই স্পেশাল ট্রেনগুলির সুযোগ নিতে পারবেন। এই স্পেশাল ট্রেনের স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন সংবাদপত্র ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মেও অধিসূচিত করা হয়েছে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

## বাংলাদেশে পাঠরত কাশ্মীরি পড়ুয়াদের নিয়ে উদ্বিগ্ন মেহবুবা, চিঠি লিখলেন জয়শঙ্করকে

শ্রীনগর, ১৯ জুলাই (হি.স.) : ছাত্র বিক্ষোভে রণক্ষেত্র বাংলাদেশ। এই পরিস্থিতিতে সংশয়ে রয়েছে ভারতও।

এবার বাংলাদেশে পাঠরত কাশ্মীরি পড়ুয়াদের নিরাপত্তা সুনিশ্চিত করতে বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে আর্জি জানালেন জম্মু ও কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা পিডিপি প্রধান মেহবুবা মুফতি। পিডিপি নেত্রীর অনুরোধ, বাংলাদেশে পাঠরত শতাধিক কাশ্মীরি পড়ুয়াকে অবিলম্বে দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হোক।

উল্লেখ্য, বাংলাদেশে আন্দোলন থামার কোনও লক্ষণই নেই। এই পরিস্থিতিতে দিল্লিতে জরুরি বৈঠকে বসেছেন ভারতীয় রেল ও সড়ক পরিবহণ মন্ত্রকের শীর্ষকর্তারা।

বাংলাদেশের উত্তপ্ত পরিস্থিতি নিয়ে আলোচনা হয় সেই বৈঠকে। দিল্লিতে বাংলাদেশ হাই-কমিশনের দফতরের বাড়ানো হয়েছে নিরাপত্তা।

বাংলাদেশের পরিস্থিতি এখন যথেষ্ট চিন্তাজনক।

## পেট্রোল-ডিজেলের দাম স্থিতিশীল, অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ১৯ জুলাই (হি.স.) : শুক্রবার পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি সরকারি তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি।

ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, নয়াদিল্লিতে পেট্রোল ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৩.৪৪ টাকা, ডিজেল ৮৯.৯৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৪.৯৫ টাকা, ডিজেল ৯১.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০০.৭৫ টাকা এবং ডিজেল প্রতি ৩২৯ টাকা প্রতি লিটারে পাওয়া যাচ্ছে।

এদিকে সপ্তাহের পঞ্চম দিনে আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দামের ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম প্রায় ৮৬ ডলার এবং ডব্লিউটিআই ক্রুড প্রায় ৮৩ ডলার প্রতি ব্যারেল।

প্রারম্ভিক বাণিজ্যে, ব্রেন্ট ক্রুড ০.৪৪ বা ০.৫২ শতাংশ কমে ৮৪.৬৭ ডলারে লেনদেন করছে এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লুটিআই) ক্রুড প্রতি ব্যারেল ০.৫৭ ডলার বা ০.৬৯ শতাংশ কমে ৮২.৫৫ ডলারে লেনদেন করছে।

## প্রাকৃতিক চাষের সংকল্প পূরণের জন্য সব কিছুই করা হবে : শিবরাজ সিং চৌহান

লখনউ, ১৯ জুলাই (হি.স.) : প্রাকৃতিক চাষের সংকল্প পূরণের জন্য সব কিছুই করা হবে। জোর দিয়ে বললেন কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান। শুক্রবার লখনউতে অনুষ্ঠিত ইন্ডিয়ান ন্যাচারাল ফার্মিং সিস্টেম প্রোগ্রামে ভাষণ দেওয়ার সময় কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, 'প্রধানমন্ত্রী মোদী পৃথিবীকে বাঁচানোর, পরিবেশ বাঁচানোর সংকল্প নিয়েছেন। রাসায়নিক সার ব্যবহার না করেই উৎপাদন বাড়ানো যেতে পারে...প্রাকৃতিক চাষ প্রধানমন্ত্রী মোদীর একটি সংকল্প। প্রাকৃতিক চাষের সংকল্প পূরণের জন্য আমরা সবকিছু করব। প্রাকৃতিক চাষের প্রচারের জন্য কৃষকদের মধ্যে একটি সচেতনতা প্রচার চালানো হবে।'এই অনুষ্ঠানে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, 'উত্তর প্রদেশে চারটি কৃষি বিশ্ববিদ্যালয়, ৮৯টি কৃষি বিজ্ঞান কেন্দ্র এবং দু''টি কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে। প্রাকৃতিক কৃষির পণ্যের প্রচারের জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে, প্রত্যয়ন ল্যাব উন্নত করার জন্য ছয়টি কৃষি বিশ্ববিদ্যালয়কে নির্দেশনা দেওয়া হয়েছে।'

## মুম্বইয়ের পর গোয়া বিমানবন্দরেও ব্যাহত চেক-ইন ব্যবস্থা

পানাজি, ১৯ জুলাই (হি. স.): মুম্বই বিমানবন্দরের পর এবার গোয়া বিমানবন্দরেও চেক-ইন ব্যবস্থায় বিভ্রাট। শুক্রবার সকাল থেকে যান্ত্রিক ত্রুটির জেরে চেক-ইন সিস্টেম ব্যহত হয়। ফলে গোয়া বিমানবন্দরের মধ্যেই দীর্ঘক্ষণ আটকে থাকতে হয় যাত্রীদের।

উল্লেখ্য, এদিন গোয়ার পাশাপাশি মুম্বই বিমানবন্দরেও চেক-ইন সিস্টেমে সমস্যা দেখা দেয়। ফলে বিপাকে পড়তে হয় যাত্রীদের। জানা গেছে, শুক্রবার সকাল ১০টা ৪৫ নাগাদ বিমানবন্দরের চেক-ইন সিস্টেম কার্য়ত বিপর্যস্ত হয়ে পড়ে। যদিও এই সমস্যার সমাধানে এগিয়ে আসে বিমান সংস্থাগুলি। অনলাইন চেক-ইন এর পরিবর্তে তারা ম্যানুয়াল চেক-ইন পদ্ধতি অনুসরণ করছে বলে জানানো হয়েছে বিমান সংস্থাগুলির তরফে। ফলে তাতে সময় কিছুটা বেশি লাগছে বলে জানা গেছে যাত্রী সূত্রে। বিমানবন্দর সূত্রে খবর, চেন-ইন সিস্টেম কাজ না করার ফলে ইন্ডিগো, আকাসা এয়ার, স্পাইসজেটের যাত্রীদের ভোগান্তির মুখে পড়তে হচ্ছে। বিশ্বব্যাপী ভ্রমণের ক্ষেত্রে বিভ্রাটের সম্মুখীন হচ্ছেন যাত্রীরা।

## বজবজে জ্যোতিষীর পচাগলা দেহ উদ্ধার

দক্ষিণ ২৪ পরগনা, ১৯ জুলাই (হি.স.) : দক্ষিণ ২৪ পরগনার বজবজ পৌরসভার ১২ নম্বর ওয়ার্ডের এমএন ঘোষ এলাকায় অবস্থিত একটি বাড়ি থেকে পুলিশ একটি জ্যোতিষীর পচাগলা দেহ উদ্ধার করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃত জ্যোতিষীর নাম ত্রিদিব দাশগুপ্ত (৫৫)। পুলিশ মৃতদেহটি নিজেদের হেফাজতে নিয়ে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।স্থানীয় সূত্রে খবর, শুক্রবার সকালে জ্যোতিষীর বাড়ি থেকে তীব্র গন্ধ আসছিল। স্থানীয় লোকজন পৌরসভার চেয়ারম্যানকে এই তথ্য জানান। চেয়ারম্যান বিষয়টি পুলিশকে অবহিত করেন। খবর পেয়ে পুলিশ ওই ব্যক্তির ঘরের দরজা ভেঙে তার পচাগলা দেহ উদ্ধার করে। স্থানীয় লোকজন জানান, ত্রিদিব বাড়িতে একাই থাকতেন। তিনি জ্যোতিষশাস্ত্রের সাথে যুক্ত ছিলেন। স্থানীয় লোকজন জানান, মাঝেমধ্যেই তিনি এই কাজে বাইরেও যেতেন। ত্রিদিব তার প্রতিবেশীদের সাথে খুব একটা মেলামেশা করতেন না।

## ২০ ও ২১ জুলাই শিয়ালদহ বিভাগে বাতিল বহু ট্রেন, ভোগান্তির আশঙ্কা যাত্রীদের

কলকাতা, ১৯ জুলাই (হি.স.): রেললাইন মেরামতি এবং রক্ষণাবেক্ষণের কাজ চলার জন্য এই সপ্তাহের শনিবার এবং রবিবার একাধিক ট্রেন বাতিল থাকবে শিয়ালদহ ডিভিশনে। বাতিল ট্রেনের প্রায় সব ক'টিই লোকাল। বেশ কয়েকটি দূরপাল্লার ট্রেনের যাত্রাপথ বদল করা হয়েছে। আর কয়েকটি ট্রেনের সময়সূচি পরিবর্তন করা হয়েছে। রবিবার ২১ জুলাই, ওই দিন ধর্মতলায় তৃণমূলের 'শহিদ সমাবেশ' কর্মসূচি রয়েছে।প্রতি বছরের মতোই জেলা এবং শহরতলি থেকে তৃণমূল কর্মী-সমর্থকদের কলকাতায় আসার কথা।

## অষ্টম শ্রেণির ছাত্রীকে খুন করে আত্মসমর্পণ যুবকের, উত্তপ্ত মালদার হবিবপুর

মালদা, ১৯ জুলাই (হি.স.) : বাড়ির মধ্যে ঢুকে অষ্টম শ্রেণির এক ছাত্রীকে খুন করে থানায় আত্মসমর্পণ করল এক যুবক। এই ঘটনার জেরে শুক্রবার উত্তপ্ত হয়ে ওঠে মালদার হবিবপুর। অভিযুক্তের ফাঁসির দাবিতে রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ প্রদর্শন করেন পরিবারের সদস্য ও গ্রামবাসীরা।

মালদার হবিবপুরের ইংলিশ মোহনপুর এলাকায় বৃহস্পতিবার রাতে এই ঘটনা ঘটে। মৃতার বাবা ও মা মেলায় আইসক্রিম বিক্রি করতে গিয়েছিলেন, সেই সময় বাড়িতে সাত বছরের ভাইকে নিয়ে ঘুমিয়ে ছিল মেয়েটি। প্রতিবেশী গ্রামের যুবক চন্দন সিংহ বাড়িতে ঢুকে মেয়েটিকে গলা টিপে খুন করে বলে অভিযোগ।

ঘটনার পর গ্রামে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে। বাড়ির বারান্দায় মেয়েটির মৃতদেহ পাওয়া যায়। অভিযোগ, ভাইকে ঘরের দরজা বন্ধ করে রাখা হয়। মালদা-নালাগোলা রাজ্য সড়কের বুলবুলচন্ডি হাসপাতাল মোড়ে অবরোধ শুরু হয়। অবরোধ তুলতে হবিবপুর থানার আইসির নেতৃত্বে পুলিশ মোতায়েন করা হয়।

## বিশ্বজুড়ে ''স্তব্ধ'' মাইক্রোসফট, ঠাট্টা ইলন মাস্কের

ক্যালিফর্নিয়া, ১৯ জুলাই (হি. স.): বিশ্বজুড়ে মাইক্রোসফট উইন্ডোজে গোলোযোগ। মাথায় হাত কোটি কোটি মাইক্রোসফট ব্যাবহারকারীর। শুক্রবার সকালে কম্পিউটার, ল্যাপটপ খুলতেই ভেসে ওঠে নীল রঙের একটি স্ক্রিন। কম্পিউটারের পরিভাষায় একে বলে, ''ব্লু স্ক্রিন অফ ডেথ''। মাইক্রোসফট বিভ্রাটের জেরে ব্যাহত ব্যাঙ্ক, বিমানবন্দরের পরিষেবা। কার্য্যত বন্ধ হয়ে গিয়েছে গোটা বিশ্বের তথ্যপ্রযুক্তি বিভাগের নিত্যনৈমিত্তিক কাজ। মাইক্রোসফট উইন্ডোজে যান্ত্রিক ত্রুটির সম্মুখীন হয়ে অনেক ব্যাবহারকারী ক্ষোভ উগড়ে দিয়েছেন এক্স হ্যান্ডেলে। কেউ কেউ আবার মজা করে মিম---ও শেয়ার করেছেন এক্স -এ। মাইক্রোসফটের এমন দুর্গতি দেখে এদিন ঠাট্টা করেছেন খোদ এক্স-এর মালিক ইলন মাস্ক।

এক্স হ্যান্ডেলে এক নেটিজেন মজা করে লিখেছেন, ''বাকি সবকিছু বন্ধ, এই অ্যাপটি (এক্স) এখনও কাজ করছে''। সেই পোস্ট দেখে নিজের হাসি চেপে রাখতে পারেননি খোদ মাস্ক। ওই পোস্টটি নিজের এক্স হ্যান্ডেলে হাসির ইমোজি দিয়ে শেয়ার করেছেন এক্স—এর কর্ণধার।

## পুণে জেলা কালেক্টরের বিরুদ্ধে হয়রানির অভিযোগ পূজার, গুরুত্ব দিতে নারাজ সুহাস

পুণে, ১৯ জুলাই (হি.স.): পুণের জেলা কালেক্টর সুহাস দিওয়াসের বিরুদ্ধে হয়রানির অভিযোগ এনেছেন ট্রেনি আইএএস পূজা খেড়কার। যদিও, পূজার এই অভিযোগকে গুরুত্ব দিতে নারাজ পুণের জেলা কালেক্টর সুহাস। তাঁর বিরুদ্ধে পূজার অভিযোগ সম্পর্কে জিজ্ঞাসা করা হলে, শুক্রবার পুণের জেলা কালেক্টর সুহাস দিওয়াসে বলেন, 'এ বিষয়ে প্রতিক্রিয়া জানানোর কিছুই নেই। আমি কোনও অভিযোগের কপি পাইনি, তাই আমার কাছে কোনও উত্তর নেই।'উল্লেখ্য, প্রবেশনারি আইএএস অফিসার পূজা খেড়কার পূর্ব মহারাষ্ট্রের ওয়াশিমে পুণের জেলা কালেক্টর সুহাস দিওয়াসের বিরুদ্ধে হয়রানির অভিযোগ দায়ের করেছেন। গত ১৬ জুলাই এই বিষয়ে জানা যায়। তবে, সুহাস এই অভিযোগকে একেবারেই গুরুত্ব দিচ্ছেন না।

## ময়নাগুড়িতে ব্যক্তির ঝুলন্ত দেহ উদ্ধার, ছড়ালো চাঞ্চল্য

ময়নাগুড়ি, ১৯ জুলাই (হি.স.): জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে এক ব্যক্তির ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতের নাম চিত্ত রায় (৪২)। জল্পেশ এলাকায় তাঁর বাড়ি। বৃহস্পতিবার রাতে বাড়ি সংলগ্ন একটি গাছ থেকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান তাঁর বাবা গোকুল রায়। বৃহস্পতিবার সকাল থেকে নিখোঁজ ছিলেন তিনি। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয় ওই এলাকায়। খবর দেওয়া হয় ময়নাগুড়ি থানায়। দেহ উদ্ধার করে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করে। মৃত যুবকের ভাই শ্যামল রায় বলেন, তিন বছর আগে বৌদি অন্যত্র চলে যায়। এরপর থেকে দাদা মানসিক সমস্যায় ভুগছিল। সে কারণে তিনি এই ঘটনা ঘটিয়েছেন বলে ধারণা।

## ভূমিধস বন্ধ করা যায় না, তবে দুর্ঘটনার কারণে প্রাণহানি রোধ করা সম্ভব : জি কিশান রেড্ডি

কলকাতা, ১৯ জুলাই (হি.স.) : কেন্দ্রীয় কয়লা ও খনি মন্ত্রী জি কিশান রেড্ডি শুক্রবার কলকাতায় জাতীয় ভূমিধসের পূর্বাভাস কেন্দ্রের উদ্বোধন করেছেন । শুক্রবার জাতীয় ভূমিধসের পূর্বাভাস কেন্দ্রের উদ্বোধন করার পর কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডি বলেছেন, 'ভূমিধস বন্ধ করা যায় না, তবে দুর্ঘটনার কারণে প্রাণহানি রোধ করা সম্ভব।' কেন্দ্রীয় মন্ত্রীর কথায়, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশে, এই জাতীয় ভূমিধসের পূর্বাভাস কেন্দ্রের শুক্রবার উদ্বোধন করা হয়েছে... ভূমিধসের কারণে দেশের বিভিন্ন স্থানে বড় ধরনের দুর্ঘটনা ঘটছে। এই কেন্দ্রের মাধ্যমে, আমরা আগে থেকে জানাতে পারব কোথায় ভূমিধসের সম্ভাবনা... ভূমিধস বন্ধ করা যাবে না, তবে দুর্ঘটনার কারণে প্রাণহানি ঠেকানো যাবে।'

## পুলিশ-জনতা খণ্ডযুদ্ধে পুলিশের গুলি, সিটুর ১২ ঘণ্টার বনধে স্তব্ধ মানিকচক

মালদা, ১৯ জুলাই (হি.স.) : এনায়েতপুরে পুলিশ-জনতা খণ্ডযুদ্ধে পুলিশের গুলিতে দুজন আহত হওয়ার প্রতিবাদে সিটু ডাকা ১২ ঘণ্টার বনধে মানিকচক ব্লকে শুক্রবার কার্য্যত স্তব্ধ। সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলা এই বনধে শুক্রবার সকাল থেকেই মানিকচকের বিভিন্ন এলাকায় দোকানপাট বন্ধ ছিল। রাস্তায় যানবাহনের সংখ্যা অন্যান্য দিনের তুলনায় অনেক কম।

এনায়েতপুর এলাকায় থমথমে পরিবেশ বিরাজ করছে। পুরো এলাকা কার্য্যত পুরুষশূন্য হয়ে পড়েছে। এরই মধ্যে এলাকায় চলছে পুলিশের টহলদারি। নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখতে অতিরিক্ত পুলিশ সুপার গ্রামীণ সম্ভব জৈন এলাকা পরিদর্শন করেন। তিনি জানিয়েছেন, বর্তমানে এলাকার পরিবেশ শান্ত রয়েছে এবং নতুন করে কোনও অশান্তির ঘটনা ঘটেনি। বনধের কোনও প্রভাব এলাকায় দেখা যায়নি।

## বিশিষ্ট নাট্য পরিচালক মির্জা মাসুদের মৃত্যুতে শোকপ্রকাশ মুখ্যমন্ত্রী সাইয়ের

রায়পুর, ১৯ জুলাই (হি. স.) : বিশিষ্ট নাট্য পরিচালক এবং অল ইন্ডিয়া রেডিও-র বরিষ্ঠ ঘোষক মির্জা মাসুদের মৃত্যুতে গভীর শোকপ্রকাশ করেছেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেব সাই। তিনি বলেন, মির্জা মাসুদ তাঁর পুরো জীবন নাটক-থিয়েটারের জন্য উৎসর্গ করেছেন। তাঁর মৃত্যু সংস্কৃতি জগতের এক অপূরণীয় ক্ষতি। তাঁর শোকবার্তায় মুখ্যমন্ত্রী সাই বলেন, মির্জা মাসুদের সুললিত কণ্ঠশৈলী তাঁকে অনন্য করে তুলেছিল। তিনি অনেক আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় হিন্দি ধারাভাষ্যকার হিসেবেও তাঁর কৃতিত্বের ছাপ রাখেন। ছত্তিশগড় সরকার তাঁকে ২০১৯ সালে চক্রধর পুরস্কারে ভূষিত করেন। শিল্প-সংস্কৃতি জগতে মির্জা মাসুদের অবদান সর্বদা স্মরণ করা হবে বলেও জানান ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেব সাই।

## দার্জিলিং-এ ক্যাপ্টেন ব্রিজেশ থাপাকে শেষশ্রদ্ধা, শোকসন্তপ্ত বাবা বললেন তিনি গর্বিত

দার্জিলিং, ১৯ জুলাই (হি.স.): পঞ্চভূতে বিলীন হয়ে গেল ক্যাপ্টেন ব্রিজেশ থাপা। চোখের জলে তাঁকে বিদায় জানালেন বাবা-মা ও পরিবারের সদস্যরা। পৃথিবীর মায়া ত্যাগ করে, না-ফেরার দেশে চলে গেলেন বীর সেনা জওয়ান ক্যাপ্টেন ব্রিজেশ থাপা। কিছু দিন আগে জম্মু ও কাশ্মীরের ডোডা জেলায় জঙ্গি হামলায় শহীদ হন ক্যাপ্টেন ব্রিজেশ থাপা। শুক্রবার দার্জিলিং-এর লেবং-এ তাঁকে শেষশ্রদ্ধা জানানো হয়। পরিবারের সদস্যদের পাশাপাশি বন্ধুবান্ধব, স্থানীয়রা ক্যাপ্টেন ব্রিজেশকে শ্রদ্ধা নিবেদন করেন। সেনাবাহিনীর পক্ষ থেকেও তাঁকে শ্রদ্ধা জানানো হয়। ব্রিজেশ থাপার বাবা কর্নেল (অবসরপ্রাপ্ত) ভুবনেশ থাপা বলেছেন, 'আমি খুব গর্বিত বোধ করছি, আমার ছেলে এত ভালবাসা পেয়েছে। আমরা সবসময় দেশের জন্য নিজেদের জীবন উৎসর্গ করতে প্রস্তুত এবং আমার ছেলে যা করেছে তারই উদাহরণ।'

## কানপুরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু যুবকের

কানপুর, ১৯ জুলাই (হি.স.) : উত্তর প্রদেশের ঘাটমপুর থানা এলাকার ধরমপুর বাম্বার কাছে পাখায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক যুবকের মৃত্যু হয়েছে। শুক্রবার ঘটনাটি ঘটেছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে। ডেপুটি পুলিশ কমিশনার রবীন্দ্র কুমার সিং জানান, শুক্রবার সকালে ঘাটমপুর থানা এলাকার ধরমপুর বাম্বা গ্রামের বাসিন্দা অমিত (২৭) বাড়ির ভিতরের পাখায় বিদ্যুৎস্পৃষ্ট হন। পরিবারের সদস্যরা যখন বিষয়টি দেখতে পান, ততক্ষণে অমিত মারা গিয়েছে। ঘটনা জানাজানি হতেই পরিবারের লোকজন পুলিশে খবর দেয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। পুলিশ তদন্ত শুরু করেছে।

## হিমাচলের মুখ্যমন্ত্রী ও মন্ত্রীদের সঙ্গে বৈঠক খাট্টারের, বিদ্যুৎ-সহ নানা বিষয়ে চর্চা

চন্ডীগড়, ১৯ জুলাই (হি.স): হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু ও হিমাচল মন্ত্রিসভার সদস্যদের সঙ্গে এক বিশেষ বৈঠক করলেন কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল খাট্টার। শুক্রবার চন্ডীগড়ে এই বৈঠক হয়। বৈঠকে বিদ্যুৎ, স্মার্ট সিটি-সহ নানা বিষয়ে আলোচনা হয়েছে। কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রীর সঙ্গে এই বৈঠকে মুখ্যমন্ত্রী সুখু ছাড়াও উপস্থিত ছিলেন হিমাচলের মন্ত্রীরাও।কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু বলেছেন, 'আমরা বিদ্যুৎ, স্মার্ট সিটি এবং আরও অনেক বিষয়ে বিস্তারিত আলোচনা করেছি।' বৈঠক ফলপ্রসূ হয়েছে বলেই মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী সুখু।

## নোয়াপাড়ার প্রাক্তন তৃণমূল ছাত্র নেতা শুভাশিস চক্রবর্তীর হাতে আগ্নেয়াস্ত্রের ছবি ভাইরাল: রাজনৈতিক অস্বস্তি তৃণমূলে

দমদম, ১৯ জুলাই (হি.স.) : সাম্প্রতিক সোশ্যাল মিডিয়ায় নোয়াপাড়া বিধানসভার প্রাক্তন তৃণমূল ছাত্র পরিষদের কনভেনার শুভাশিস চক্রবর্তীর একটি ছবি ভাইরাল হয়েছে, যেখানে দেখা যাচ্ছে তিনি হাতে একটি দেশি সেভেন এমএম আগ্নেয়াস্ত্র ধরে আছেন।

এই ঘটনার পর রাজনৈতিক মহলে ব্যাপক চাপানোতোর শুরু হয়েছে। ভাইরাল হওয়া ছবিতে শুভাশিসের সাথে একাধিক তৃণমূল নেতা এবং বিধায়কের ছবি সামনে এসেছে, যা নিয়ে ব্যারাকপুর লোকসভার তৃণমূল নেতৃত্বের মধ্যে অস্বস্তি দেখা দিয়েছে।

## জলপাইগুড়িতে নদী থেকে অজ্ঞাতপরিচয় যুবকের দেহ উদ্ধার

জলপাইগুড়ি, ১৯ জুলাই (হি.স.) : জলপাইগুড়ির ফুলবাড়ির কাঞ্চনবাড়ি এলাকায় জোড়াপানি নদী থেকে এক যুবকের দেহ উদ্ধার করা হয়। শুক্রবার দেহ উদ্ধার ঘিরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। খবর লেখা পর্যন্ত মৃতের পরিচয় পাওয়া যায়নি।স্থানীয় সূত্রে জানা যায়, কাঞ্চনবাড়ি এলাকার জোড়াপানি নদীতে এক যুবকের দেহ দেখতে পায় স্থানীয় কয়েকজন। এরপরই এনজেপি থানার পুলিশকে বিষয়টি জানানো হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে পাঠায়।

## মুর্শিদাবাদের কান্দিতে উল্টে গেল টোটো, মৃত্যু এক শিশুর

মুর্শিদাবাদ, ১৯ জুলাই (হি.স.): মুর্শিদাবাদের কান্দিতে পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক শিশুর। মৃতের নাম খুকু দলুই (২)। তার বাড়ি জেমো এলাকায়। জানা গিয়েছে, শুক্রবার সকালে গোকর্ণ এলাকায় একটি টোটো উল্টে যায়। খোশবাসপুর থেকে কর্ণসুবর্ণ যাওয়ার পথে একটি সাইকেলকে পাশ দিতে গিয়ে নয়ানজুলিতে পড়ে যায় সেটি। ঘটনায় জখম হন টোটো চালক-সহ চার যাত্রী। স্থানীয়রা তাদের উদ্ধার করে গোকর্ণ হাসপাতালে নিয়ে যায়। সেখানেই চিকিৎসকরা ওই শিশুকে মৃত বলে ঘোষণা করেন।

# চিকিৎসা পরিষেবায় আরেকধাপ এগিয়ে গেলো শান্তির বাজার জেলা হাসপাতাল

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৯ জুলাই:** চিকিৎসা পরিষেবায় আরেকধাপ এগিয়ে গেলো শান্তির বাজার জেলা হাসপাতাল।

শান্তির বাজার জেলা হাসপাতালে এমন কয়েকজন চিকিৎসক রয়েছেন যারা প্রতিনিয়ত নিষ্ঠার সহিত কাজকরে লোকজনদের পরিষেবা প্রদানকরেযাচ্ছে। এইসকল মহান চিকিৎসক হলো শিশু বিশেষজ্ঞ ডাক্তার প্রসনজিৎ দাস, ডাইবেটিস স্পেশালিষ্ট ডাক্তার শান্তনু দাস, ডাক্তার অজয় পাল, ডাক্তার তমাল সরকার।

তাদের প্রচেষ্টায় শান্তিরবাজার জেলা হাসপাতালের চিকিৎসা পরিষেবা অনেকটা এগিয়ে গেছে। এরইমধ্যে শুক্রবার শান্তিরবাজার জেলা হাসপাতালে চিকিৎসা পরিষেবা উন্নতির একটি চিত্র ফুটে উঠেছে। শান্তিরবাজার হাসপাতালে অস্থি বিভাগকে উন্নততর করার জন্য দীর্ঘদিন ধরে চেষ্টা চালিয়ে যাচ্ছিলেন এলাকার বিধায়ক প্রমোদ রিয়াং। পথ দুর্ঘটনার প্রবণতা বৃদ্ধি পাওয়ার জন্য এর বিশেষ প্রয়োজন ছিল।

শুক্রবার জেলা হাসপাতালে নতুন ক্রয় করা অত্যাধুনিক সি আর্ম মেশিন,ফ্রাকচার টেবিল ও আনুষঙ্গিক যন্ত্রপাতি সহযোগে জটিল হিপ জয়েন্ট আর্টিকুলেশান অপারেশন হল পঁচাশি বছর বয়স্কা মহিলার। যিনি ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, সত্বেও চিকিৎসকরা ঝুঁকি নিয়ে সফল অপারেশন করেন। এই দিন আরও একজন সত্তর বছর বৃদ্ধের সফল হিপ সার্জারি হয়।

এই বিষয়ে কৃতিত্বের দাবি রাখেন ডঃ বিনয় দেবনাথ, ডঃ নরেনজিৎ দাস , ডঃ অজয় পাল ও ডঃ শান্তনু দাস। এই ধরনের জটিল অস্ত্রোপচারের সফল হওয়ায় উচ্ছ্বসিত হাসপাতাল সুপার ডঃ জে এস রিয়াং। তিনি জানান এখন থেকে এই হিপ সার্জারির সুযোগ থাকবে জেলাস্তরেই। তিনি অপারেশন এর সংশ্লিষ্ট সমস্ত ষ্টাফদের অভিনন্দন জানান।

# ভুরাতলী আবাসিক স্কুল পরিদর্শনে গেলেন মন্ত্রী বিকাশ দেববর্মা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** শুক্রবার ভুরাতলী আবাসিক স্কুল পরিদর্শন করলেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা। এদিন তিনি শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করার পাশাপাশি আবাসিক স্কুলের পরিকাঠামো উন্নয়নের আশ্বাস দেন। এদিন তিনি আবাসিক স্কুলটি পরিদর্শন করার পাশাপাশি শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন। তাদের সুবিধা অসুবিধা গুলো দ্রুত সমাধানের প্রতিশ্রুতি দেন।

সেই সাথে ভুরাতলী আবাসিক স্কুলের প্রতিটি শিক্ষার্থীর শেখার এবং বেড়ে ওঠার জন্য একটি নিরাপদ এবং পুষ্টিকর পরিবেশ গড়ে তোলার ক্ষেত্রে তিনি আপ্রাণ প্রয়াস চালিয়ে যাওয়ার আশ্বাস দেন মন্ত্রী বিকাশ দেববর্মা।

# নদর্মা থেকে উদ্ধার

● প্রথম পাতার পর

মৃত ব্যক্তির নাম মুক্তার হোসেন। তার বাড়ির ছনবন মসজিদ সংলগ্ন এলাকায়। গত তিনদিন ধরে নিখোঁজ ছিলেন মুক্তার হোসেন। পরিবারের লোকজনরা বিভিন্ন জায়গায় খোঁজ খবর করেও তার খোঁজ পাওয়া যায়নি। অবশেষে শুক্রবার সকাল ড্রেনের মধ্যে তার মৃতদেহ দেখতে পেয়েছেন। কিন্তু কিভাবে মৃত্যু হয়েছে এখনো পর্যন্ত জানা যায় নি। পুলিশ ওই ঘটনায় তদন্ত শুরু করেছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# ২৮ জুলাই ফের শোনা যাবে মন-কি-বাত, প্রধানমন্ত্রীর বার্তা শোনার প্রতীক্ষায় দেশবাসী

নয়াদিল্লি, ১৯ জুলাই (হি.স.): লোকসভা ভোটের পর গত ৩০ জুন প্রথমবার শোনা গিয়েছিল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন-কি-বাত অনুষ্ঠান। ৩০ জুনের পর আগামী ২৮ জুলাই আবারও শোনা যাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মাসিক বেতার অনুষ্ঠান মন-কি-বাত। প্রধানমন্ত্রী হিসাবে তৃতীয়বার দায়িত্ব নেওয়ার পর এটিই হবে তাঁর দ্বিতীয় মন-কি-বাত অনুষ্ঠান। ২৮ জুলাইয়ের মন-কি-বাত অনুষ্ঠানটি হবে ১১২-তম পর্ব।বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেলে এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইটে ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত অনুষ্ঠান সম্প্রচারিত হবে। প্রতিবারের মতো এবারও প্রধানমন্ত্রী মোদী মন-কি-বাত অনুষ্ঠানে কী বক্তব্য রাখেন, তা জানার অপেক্ষায় সমগ্র দেশবাসী।

# শান্তি ফিরল না বাংলাদেশে ভারতীয়দের ফের সতর্ক করল নতুন দিল্লি

ঢাকা, ১৯ জুলাই (হি.স.): সংরক্ষণ সংস্কার আন্দোলনকে ঘিরে এখনও অশান্ত রয়েছে বাংলাদেশ। বাড়ছে হতাহতের সংখ্যা, আগুন জ্বলছে রাজধানী ঢাকায়। শুক্রবার ঢাকার সঙ্গে গোটা দেশের মধ্যে বাস চলাচল বন্ধ রয়েছে। সমগ্র দেশে আংশিকভাবে মোবাইল ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছে। সরকার যে কোনওভাবেই আন্দোলন রুখতে তৎপর। কিন্তু, আন্দোলনকারীরা নিজেদের সিদ্ধান্তে অনড়। মীরপুর ১০ নম্বর রণক্ষেত্রে পরিণত হয়েছে। আগুন জ্বালিয়ে দেওয়া হয় ৫টি মোটরবাইকে। রামপুরা-বাড্ডায় পুলিশ-ছাত্রলীগ ও আন্দোলনকারীদের মধ্যে ত্রিমুখী সংঘর্ষ হয়।এই পরিস্থিতিতে ভারতীয়দের ফের সতর্ক করল নতুন দিল্লি। বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল শুক্রবার এক্স মাধ্যমে জানিয়েছেন, 'বাংলাদেশে ভারতীয় নাগরিকদের ঢাকায় ভারতীয় হাইকমিশনের জারি করা পরামর্শ অনুসরণ করার জন্য অনুরোধ করা হচ্ছে। ভারতীয় নাগরিকদের যে কোনও সহায়তার জন্য হাই কমিশন এবং সহকারী হাই কমিশনগুলি হেল্পলাইন নম্বরগুলিতে উপলব্ধ রয়েছে।'

# মুম্বই বিমানবন্দরের চেক-ইন বিভ্রাট, বিপাকে যাত্রীরা

মুম্বই, ১৯ জুলাই (হি. স.): শুক্রবার সকাল থেকে মুম্বই বিমানবন্দরের চেক-ইন সিস্টেমে সমস্যা। ফলে বিপাকে পড়তে হয় যাত্রীদের। জানা গেছে, শুক্রবার সকাল ১০টা ৪৫ নাগাদ মুম্বই বিমানবন্দরের চেক-ইন সিস্টেম কার্যত বিপর্যস্ত হয়ে পড়ে।

বিমানবন্দর সূত্রে খবর, চেন—ইন সিস্টেম কাজ না করার ফলে ইন্ডিগো, আকাসা, স্পাইসজেট বিমান সংস্থার যাত্রীদের ভোগান্তির মুখে পড়তে হচ্ছে। বিশ্বব্যাপী ভ্রমণের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হচ্ছেন যাত্রীরা।

কলকাতা-ঢাকা মৈত্রী এক্সপ্রেসের আবারও যাত্রা শুরু, থমকে ছিল আন্দোলনের জন্যকলকাতা, ১৯ জুলাই (হি.স.): শুক্রবার ১৩১০৯ আপ কলকাতা-ঢাকা মৈত্রী এক্সপ্রেস শুক্রবার সকাল ৭:১৩ মিনিটে কলকাতা থেকে রওনা হয়ে ৯:১২ মিনিটে গেদে পৌঁছায় এবং ৯.৩৪ মিনিটে বাংলাদেশ রেলওয়েতে প্রবেশ করে। তবে, বাংলাদেশে ছাত্র আন্দোলনের কারণে সকাল ৯:৪৫ থেকে ট্রেনটি দর্শনায় আটকা পড়ে। এই আন্দোলনের কারণে ১৩১০৭ ডাউন ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস শুক্রবার আসবে কিনা তা নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়েছিল। সৌভাগ্যবশত, পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর ১৩১০৯ আপ মৈত্রী এক্সপ্রেস দুপুর ১২:২০-এ দর্শনা থেকে পুনরায় যাত্রা শুরু করে। পূর্ব রেলের পক্ষে থেকে এক বিজ্ঞপ্তি জারি করে একথা জানানো হয়।

# সুদীপ

● প্রথম পাতার পর

অনেক কংগ্রেস কর্মী ও সমর্থকরা আহত হয়েছেন। এটা থেকে স্পষ্ট, ত্রিপুরায় আইন শৃঙ্খলা বলতে কিছুই নেই। গতকাল ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সাথে সাক্ষাৎকারে করা হয়েছিল। রাজ্যের উদ্ভূত পরিস্থিতিকে নিয়ন্ত্রণে আনতে রাজ্যপালকে হস্তক্ষেপ করতে হবে।

# মৃতদেহ উদ্ধার

● প্রথম পাতার পর

দেবনাথকে ফোন করে নিজ বাড়ি থেকেই ডেকে নিয়ে যায়। এরপর থেকে কিঙ্করের সাথে বাড়ির কেউ আর যোগাযোগ করতে পারছিলেন না। আরও অভিযোগ, যখন দু'একবার কিঙ্করের মোবাইলে ফোন করলে তখন অপরিচিত কেউ কথা বললেও কিঙ্করের সাথে বাড়ির কেউ কথা বলতে পারেননি। তারপর পরিবারের সদস্যরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করেও তার কোন সন্ধান মিলেনি। অবশেষে আজ সকালে পুলিনপুর এলাকায় রাস্তার পাশে বনকর্মী কিঙ্কর দেবনাথের মৃতদেহ পড়ে থাকতে দেখা গেছেন সানীয় মানুষ। সাথে সাথে তারা তেলিয়ামুড়া থানায় খবর পাঠিয়েছেন। পুলিশ, ফরেন্সিক বিশেষজ্ঞ দল ছুটে গিয়েছে। এদিকে খবর পেয়ে ছুটে গিয়েছে মহকুমা পুলিশ আধিকারিক জেলা পুলিশ আধিকারিক। পুলিশ ওই ঘটনার তদন্ত শুরু করেছে।

তবে পরিবারের লোকজনদের দাবি, তাকে পরিকল্পিত খুন করা হয়েছে। এভাবে প্রকাশ্যে একজন বনকর্মীর মৃতদেহ উদ্ধারের ঘটনা সার্বিকভাবে নিরাপত্তা ব্যাবস্থার দিকে আঙ্গুল তুলছে।

# মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

কামনা করেন মুখ্যমন্ত্রী।

এদিন সিপিএমের রাজ্য সদর দপ্তরে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী বলেন, সমীর চক্রবর্তী ত্রিপুরার ছাত্র আন্দোলনের অন্যতম ছিলেন। ছাত্র ফেডারেশন গড়ে উঠার পিছনে তাঁর অবদান ছিল। পর্বতী সময়ে পার্টি একজন কার্যকতা হিসেবে দলের সদস্য ছিলেন। তাঁর পরিবার-পরিজনদের প্রতি গভীর মর্ম বেদনা এবং প্রয়াতের আত্মার চিরশান্তি কামনা করেন।

# চিকিৎসাধীন দম্পতি

● প্রথম পাতার পর

ঘটেছে। আবার কেউ ধারণা, রান্নাঘরের গ্যাস সিলিন্ডার থেকে ঘটনাটি ঘটেছে। তবে ফরেনসিক তদন্তের পর সব গুজব সম্পূর্ণ ভিত্তিহীন হয়ে পড়ে।একজন উচ্চ পদস্থ পুলিশ আধিকারিক জানিয়েছেন, ওই ঘটনায় বর্তমানে ডাঃ সূত্রধরের স্থিতিশীল রয়েছেন এবং তার স্ত্রীর অবস্থা এখনও আশঙ্কাজনক।

তিনি আরও জানিয়েছেন, ফরেন্সিক রিপোর্টে বলা হয়েছে, অক্সিজেন এবং মিথেনের মধ্যে রাসায়নিক বিক্রিয়ার কারণে বিস্ফোরণ ঘটেছে। টয়লেট বা ওয়াশরুমে বর্জ্য নিষ্কাশন পাইপ কোনো কারণে জমে গিয়েছিল। তাতে বাতাসে মিথেনের উপস্থিতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।আধিকারিক বলেছিলেন, দুর্ভাগ্যবশত ঘরে একটি অক্সিজেন সিলিন্ডার ছিল যা বিস্ফোরণের তীব্রতাকে আরও বাড়িয়ে তোলে।

এই বিষয়ে রসায়নের অধ্যাপক ডঃ নরোত্তম কর্মকার বলেন, উচ্চ পরিমাণে মিথেনের উপস্থিতি আগুনের কারণ হতে পারে। এমনকি যদি কেউ একটি বৈদ্যুতিক সুইচ অন করে তবে এটি সম্ভব হতে পারে। আগুন যদি অক্সিজেন সংস্পর্শে আসে তাহলে বিস্ফোরণের তীব্রতা বহুগুণ বেড়ে যাবে।

# আইইডি বিস্ফোরণে শহীদের প্রতি শ্রদ্ধা মুখ্যমন্ত্রীর, সাই বললেন নকশালবাদের অবসান করবই

রায়পুর, ১৯ জুলাই (হি.স.): ছত্তিশগড়ের মাওবাদী অধ্যুষিত বিজাপুর জেলায় সম্প্রতি আইইডি বিস্ফোরণে শহীদ হয়েছেন দু''জন এসটিএফ জওয়ান। তাঁদের মধ্যে একজন ছিলেন ভরত লাল সাহু, শুক্রবার সকালে ওই জওয়ানের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন মুখ্যমন্ত্রী বিষ্ণুদেও সাই। একইসঙ্গে জানিয়ে দিয়েছেন, 'নকশালবাদের অবসান আমরা করবই।'ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণুদেও সাই শহীদ জওয়ান ভরত লাল সাহুর কফিনবন্দি দেহ কাঁধে নেন। শ্রদ্ধা নিবেদন করার পর মুখ্যমন্ত্রী বলেছেন, 'আমরা ভরত লাল সাহুকে শ্রদ্ধা জানিয়েছি, যিনি বিজাপুর জেলায় আইইডি বিস্ফোরণে প্রাণ হারিয়েছেন। চারজন আহত জওয়ান বিপদমুক্ত। আমরা ক্ষমতায় আসার পর থেকে নকশালবাদের বিরুদ্ধে দৃঢ়ভাবে লড়াই করছি, আমরা নকশালবাদের অবসান করব।'

# গোণ্ডায় পুনরুদ্ধারের কাজ সমাপ্ত, ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে রেল পরিষেবা

গোণ্ডা, ১৯ জুলাই (হি.স.): রেলের কর্মী ও আধিকারিকদের অক্লান্ত পরিশ্রমের পর অবশেষে সমাপ্ত হল উত্তর প্রদেশের গোণ্ডায় পুনরুদ্ধারের কাজ। রেললাইন মেরামতের কাজ সম্পন্ন হয়েছে। ধীরে ধীরে স্বাভাবিকও হচ্ছে পরিষেবা। বৃহস্পতিবার দুপুরে উত্তর প্রদেশের গোণ্ডায় লাইনচ্যুত হয়ে যায় চণ্ডীগড়-ডিব্রুগড় এক্সপ্রেসের অনেকগুলি বগি। রেল সূত্রে খবর, গোণ্ডা জংশন স্টেশনের কাছে মতিগঞ্জ ও ঝিলাহি স্টেশনের মাঝে এই দুর্ঘটনার জেরে অন্তত তিনজনের মৃত্যু হয়। জখম ৩২ জন। সারারাত চলে রেললাইন মেরামতের কাজ, শুক্রবার সকালেও রেললাইন সারাইয়ের কাজ চলে। দ্রুত পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা চালানো হয় রেলের পক্ষ থেকে। অবশেষে গোণ্ডায় পুনরুদ্ধারের কাজ সমাপ্ত হয়েছে।

ভূমিকম্পে কেঁপে উঠল চিলি; তীব্রতা ৭.৩, তবে নেই সুনামির সতর্কতা সান্তিয়াগো, ১৯ জুলাই (হি.স.): জোরালো তীব্রতার ভূমিকম্পে কেঁপে উঠল দক্ষিণ আফ্রিকার চিলি। আমেরিকার ভূতাত্ত্বিক সর্বেক্ষণ (ইউনাইটেড স্টেটস জিওলজিক্যাল সার্ভে)-এর তরফে জানানো হয়েছে, বৃহস্পতিবার (স্থানীয় সময় অনুযায়ী) কম্পন অনুভূত হয় চিলির উপকূলবর্তী শহর আন্তোফাগাস্তা-সহ বিস্তীর্ণ অংশে। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ৭.৩।ভূমিকম্পের কেন্দ্রস্থলটি আন্তোফাগাস্তার ২৬৫ কিলোমিটার পূর্বে, ভূপৃষ্ঠ থেকে অন্তত ১২৬ কিলোমিটার গভীরে ছিল। ভূমিকম্পের জেরে আপাতত কোনও সুনামি সতর্কতা জারি করা হয়নি। কোনও ক্ষয়ক্ষতি বা প্রাণহানির খবরও মেলেনি।

# আগামী সপ্তাহে দিল্লি সফরের সম্ভাবনা মুখ্যমন্ত্রীর, যোগ দিতে পারেন নীতি আয়োগের বৈঠকে

কলকাতা, ১৯ জুলাই (হি.স.): আগামী সপ্তাহে তিন দিনের সফরে দিল্লি যেতে পারেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজধানীতে আসন্ন সফরে নীতি আয়োগের বৈঠকে অংশগ্রহণ করার কথা তাঁর। সূত্র মারফত এমনটাই জানা গিয়েছে।লোকসভা নির্বাচনের ফল ঘোষণার পরে এটাই হতে চলেছে মমতার প্রথম রাজধানী সফর। তবে নীতি আয়োগের বৈঠকের বাইরে আলাদা করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে মুখ্যমন্ত্রীর সাক্ষাৎ হবে কি না, তা এখনও স্পষ্ট নয়।আগামী ২৭ জুলাই হতে চলেছে নীতি আয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠক। এখনও পর্যন্ত পাওয়া খবর অনুযায়ী, ২৫ জুলাই সন্ধ্যায় মমতা পৌঁছতে পারেন দিল্লিতে। ২৬ তারিখ সংসদে যাবেন মমতা। সেখানে 'ইন্ডি' জোটের নেতাদের সঙ্গে দেখা করার কথা। নীতি আয়োগের বৈঠক ২৭ তারিখ বিকেলে। মুখ্যমন্ত্রীর কলকাতা ফেরার কথা ২৮ তারিখ।

# মাঝে আর মাত্র একদিন পুরুলিয়া থেকে ধর্মতলার উদ্দেশ্যে রওনা তৃণমূল কর্মীরা

পুরুলিয়া, ১৯ জুলাই (হি.স.): মাঝে আর মাত্র একদিন, আগামী রবিবার ধর্মতলায় শহীদ স্মরণে একুশে জুলাইয়ের সভা তৃণমূল কংগ্রেসের। দলীয় কর্মীদের উদ্দেশ্যে বার্তা রাখবেন মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। প্রতিবছরের মতো এবছর একুশে জুলাইয়ের সভাকে ঘিরে তৃণমূল কর্মী-সমর্থকদের মধ্যে উৎসাহ তুঙ্গে।ইতিমধ্যেই দুরদূরান্তের জেলা থেকে কলকাতা অভিমুখে আসছেন শাসক দলের কর্মীরা। শুক্রবার সকালে পুরুলিয়া থেকে ধর্মতলায় আসছেন তৃণমূল কংগ্রেস কর্মীরা। একুশে জুলাই উপলক্ষ্যে বিভিন্ন জেলা থেকে ধর্মতলার উদ্দেশ্যে রওনা দিচ্ছেন তৃণমূল কর্মীরা। শুক্রবার সকালে কলকাতার উদ্দেশ্যে রওনা দিলেন পুরুলিয়া জেলার রঘুনাথপুর মহকুমার তৃণমূল নেতৃত্ব। আদ্রা রেল স্টেশন থেকে ট্রেন ধরেন তাঁরা।

# তোলা না দেওয়ায় বচসা ! কৃষ্ণনগরে মাছ ব্যবসায়ীকে গুলি দুষ্কৃতীদের

কৃষ্ণনগর, ১৯ জুলাই (হি.স.): তোলা না দেওয়ায় মাছ ব্যবসায়ীকে গুলি চালানোর অভিযোগ উঠল কৃষ্ণনগরে। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে নদীয়ার কৃষ্ণনগর শহরের গোয়াড়িবাজার এলাকায়। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। পরপর বেশ কয়েক রাউণ্ড গুলি চালানো হয় বলে অভিযোগ। জখম হন মাছ ব্যবসায়ী বিশ্বনাথ ঘোষ। বর্তমানে তিনি শক্তিনগর জেলা হাসপাতালে চিকিৎসাধীন। জানা গিয়েছে, ওই ব্যক্তি পাত্রবাজারে মাছের ব্যবসা করেন। এদিন সকালে গোয়াড়িবাজারের আড়তে মাছ কিনতে যাচ্ছিলেন। সেই সময় কয়েকজন দুষ্কৃতী তাঁর থেকে তোলা চায়। কিন্তু তিনি দিতে রাজি হননি। বচসার পরই গুলি চালানো হয় বলে অভিযোগ। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

খড়গ্রাম হত্যাকাণ্ড : দুই অভিযুক্তকে দিয়ে ঘটনার পুনর্নির্মাণ পুলিশের মুর্শিদাবাদ, ১৯ জুলাই (হি.স.): মুর্শিদাবাদের খড়গ্রাম থানার অন্তর্গত আমজুয়া গ্রামে জমি বিবাদের জেরে খুন হন এক চাষী। পুলিশ পুনর্নির্মাণ করা হয়। কিভাবে খুন, কিভাবে পরিকল্পনা সবটাই পুনর্নির্মাণ করে দেখেছে পুলিশ।প্রসঙ্গত, ওই গ্রামে জমি বিবাদের জেরে দুই পক্ষের সংঘর্ষে লাঠি ও শাবলের আঘাতে খুন হন গ্রামেরই বাসিন্দা ইমাজউদ্দিন শেখ (৪৮)। সেই খুনের ঘটনায় শুক্রবার পুনর্নির্মাণ করল পুলিশ।

# মৃত্যু সাইকেল আরোহীর

পূর্ব মেদিনীপুর, হলদিয়া, ১৯ জুলাই (হি.স.):- পূর্ব মেদিনীপুর জেলার হলদিয়া-মেচেদা জাতীয় সড়কের কামারদা এলাকায় সাত সকালে এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় প্রাণ হারালেন এক সাইকেল আরোহী। জানা গিয়েছে, মেচেদা থেকে নন্দকুমারের দিকে যাচ্ছিল একটি গাড়ি। সেই সময় গাড়িটি সাইকেল আরোহীকে ধাক্কা মেরে নিয়ন্ত্রণ হারিয়ে পাশের একটি নয়ানজুলিতে পড়ে যায়।দুর্ঘটনার পর গাড়ির চালক পলাতক হয়ে যায়। কীভাবে এই দুর্ঘটনা ঘটল, তা এখনও পরিষ্কার নয়। এই মর্মান্তিক ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে।মৃত সাইকেল আরোহীর নাম, শ্রীকান্ত মাইতি। তাঁর বাড়ি নন্দকুমার ব্লকের নীলকুণ্ঠা এলাকায়। পুলিশ ঘটনাস্থলে এসে মৃতদেহ উদ্ধার করে নিয়ে যায় এবং ঘটনার তদন্ত শুরু করেছে। গাড়িচালককে খুঁজে বের করতে পুলিশ তল্লাশি চালাচ্ছে। এই দুর্ঘটনা সড়ক নিরাপত্তা নিয়ে নতুন করে প্রশ্ন তুলেছে এবং আরও সতর্কতা অবলম্বনের প্রয়োজনীয়তা মনে করিয়ে দিচ্ছে।

# স্বর্ণ ব্যবসায়ীদের নিরাপত্তা ও হয়রানি মুক্তির দাবিতে ডেপুটেশন ব্যারাকপুরে

ব্যারাকপুর, ১৯ জুলাই (হি.স.): চুরি ও ডাকাতির ঘটনা বাড়ছে দিন দিন, বিশেষ করে সোনার দোকানগুলোতে। এই ক্রমবর্ধমান সমস্যায় নিরাপত্তাহীনতায় ভুগছেন স্বর্ণ ব্যবসায়ীরা। এরই প্রেক্ষিতে শুক্রবার সকালে বঙ্গীয় স্বর্ণ শিল্পী সমিতির পক্ষ থেকে ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়ার কাছে একটি ডেপুটেশন জমা দেওয়া হয়েছে।

স্বর্ণ ব্যবসায়ীরা জানিয়েছেন, সাম্প্রতিক সময়ে সোনার মূল্যবৃদ্ধির কারণে অনেক মানুষ পুরোনো সোনা দোকানে জমা দিয়ে নতুন গয়না তৈরি করছেন। কিন্তু পুলিশ এই প্রক্রিয়াটিকে চোরাই সোনার লেনদেন বলে ধরে নিয়ে ব্যবসায়ীদের বিভিন্ন সময়ে হয়রানি করছে। উপযুক্ত কাগজপত্র দেখানো সত্ত্বেও, ব্যবসায়ীরা পুলিশের এই হয়রানি এড়াতে পারছেন না।

ব্যবসায়ীদের দাবি, তাদের পক্ষে জানা সম্ভব নয় কে চোরাই সোনা এনে গয়না বানাচ্ছেন। তারপরও তাদেরকে পুলিশি জটিলতার সম্মুখীন হতে হচ্ছে। এই পরিস্থিতিতে, স্বর্ণ ব্যবসায়ীরা সোনার দোকানগুলির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার এবং চোরাই সোনার অজুহাতে পুলিশি হয়রানি থেকে মুক্তির জন্য পুলিশ প্রশাসনের সদর্থক ভূমিকা দাবি করেছেন। এ বিষয়ে, ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া স্বর্ণ ব্যবসায়ীদের আশ্বস্ত করেছেন যে তিনি তাদের নিরাপত্তা এবং হয়রানিমুক্ত বাণিজ্যের জন্য যথাযথ ব্যবস্থা নেবেন।

# মুর্শিদাবাদে গৃহবধূর অস্বাভাবিক মৃত্যু, থানায় বিক্ষোভ পরিজনদের

মুর্শিদাবাদ, ১৯ জুলাই (হি.স.): মুর্শিদাবাদের হরিহরপাড়ায় এক গৃহবধূর অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়ালো। শুক্রবার সকাল থেকে মৃতার পরিবারের লোকেরা থানায় ঢুকে বিক্ষোভ দেখাতে শুরু করেন। বৃহস্পতিবার রাতে হরিহরপাড়ার চোঁয়া এলাকার বাসিন্দা হাবিবা খাতুনের (২৮) অস্বাভাবিক মৃত্যু হয়। খবর পেয়ে দেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে পুলিশ। শুক্রবার অভিযুক্তদের গ্রেফতারের দাবিতে হরিহরপাড়া থানায় এসে বিক্ষোভ দেখাতে শুরু করেন মৃতার বাড়ির সদস্যরা। তাঁদের অভিযোগ, শ্বশুরবাড়ির সদস্যরা শ্বাসরোধ করে খুন করেছে হাবিবাকে। যদিও শ্বশুরবাড়ির সদস্যদের দাবি, গলায় ফাঁস লাগিয়ে আত্মঘাতী হয়েছেন ওই বধূ। পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে।

# জলগাঁওতে গাড়ির ধাক্কায় মৃত এক বৃদ্ধা, আহত ৪

জলগাঁও, ১৯ জুলাই (হি. স.): মহারাষ্ট্রে আবারও দ্রুতগামী গাড়ির ধাক্কায় মৃত্যু। এবার মৃত্যু হলো এক বৃদ্ধার। আহত হয়েছেন ৪ জন। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটে মহারাষ্ট্রের জলগাঁওয়ে।

জানা গেছে, বৃহস্পতিবার রাতে দ্রুতগামী একটি গাড়ি ধাক্কা মারে পাঁচ মহিলাকে। ঘটনাস্থলেই মৃত্যু হয় তার মধ্যে এক বৃদ্ধার। আহত হয়েছেন বাকি চারজন। তাঁদেরকে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি করা হয়। পুলিশ তদন্ত শুরু করেছে। উল্লেখ্য, গত কয়েকদিনে মহারাষ্ট্রে একাধিক গাড়ি চাপা দেওয়ার ঘটনা ঘটায় প্রশ্ন উঠেছে বিভিন্ন মহলে।

# ভারতে আর্থিক অবস্থা কাঠামোগত পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে : শক্তিকান্ত দাস

মুম্বই, ১৯ জুলাই (হি.স.): বর্তমানে ভারতের আর্থিক অবস্থা কাঠামোগত পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। এই অভিমত পোষণ করলেন রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)-র গভর্নর শক্তিকান্ত দাস। একইসঙ্গে তিনি বলেছেন, 'আরবিআই সক্রিয়ভাবে ইউপিআই-এর মতো উদ্ভাবনকে উৎসাহিত করছে, ভারতে আরও অন্তর্ভুক্তিমূলক আর্থিক ক্ষেত্র তৈরি করতে পেমেন্ট সিস্টেমকে পুনর্নির্মাণ করা হচ্ছে।'শুক্রবার মুম্বইয়ে এফই মডার্ন বিএফএসআই সম্মেলন ২০২৪-এ বক্তৃতায় আরবিআই-এর গভর্নর শক্তিকান্ত দাস বলেছেন, 'ব্যাঙ্কগুলি অন্যান্য উৎসের উপর নির্ভরতা বাড়িয়ে ক্রেডিট-আমানতের ব্যবধান পূরণ করতে চেয়েছে। এটি সুদের হারের গতিবিধির প্রতি তাঁদের সংবেদনশীলতা বাড়ায় এবং তারল্য ব্যবস্থাপনার জন্য চ্যালেঞ্জ তৈরি করে। ক্রেডিট বৃদ্ধি শক্তিশালী থাকার সঙ্গে সঙ্গেই ব্যাঙ্কগুলিকে ক্রেডিট আন্ডাররাইটিং স্ট্যান্ডার্ডগুলিতে মনোনিবেশ করতে হবে।'

# বিমানবন্দরের চেক-ইন বিভ্রাটে বিপাকে যাত্রীরা, সুরাহায় উদ্যোগ বিমান সংস্থাগুলির

মুম্বই, ১৯ জুলাই (হি. স.): শুক্রবার মুম্বই—সহ একাধিক বিমানবন্দরের চেক-ইন সিস্টেমে সমস্যা। ফলে বিপাকে পড়তে হয় যাত্রীদের। জানা গেছে, শুক্রবার সকাল ১০টা ৪৫ নাগাদ মুম্বই বিমানবন্দরের চেক-ইন সিস্টেম কার্যত বিপর্যস্ত হয়ে পড়ে। তড়িঘড়ি সমস্যার সমাধানে এগিয়ে এলো বিমান সংস্থাগুলি। অনলাইন চেক-ইন এর পরিবর্তে তারা ম্যানুয়াল চেক-ইন পদ্ধতি অনুসরণ করছে বলে জানানো হয়েছে বিমান সংস্থাগুলির তরফে। বিমানবন্দর সূত্রে খবর, চেন-ইন সিস্টেম কাজ না করার ফলে ইন্ডিগো, আকাসা এয়ার, স্পাইসজেটের যাত্রীদের ভোগান্তির মুখে পড়তে হয়। আকাসা এয়ারের তরফে জানানো হয়েছে, পরিষেবা প্রদানকারীর পরিকাঠামোগত সমস্যার কারণে বুকিং, চেক-ইন সহ কিছু অনলাইন পরিষেবা সাময়িকভাবে বন্ধ আছে। বিমানবন্দরগুলিতে ম্যানুয়াল চেক-ইন এবং বোর্ডিং প্রক্রিয়া চলছে। তাই যাত্রীদের কাউন্টারগুলিতে চেক-ইন করার জন্য তাড়াতাড়ি বিমানবন্দরে পৌঁছানোর জন্য অনুরোধ জানানো হয়েছে।স্পাইসজেটের তরফেও প্রায় একই ধরণের বিবৃতি জারি করা হয়েছে। বলা হয়েছে, পরিষেবা প্রদানকারীর প্রযুক্তিগত সমস্যার কারণে বুকিং, চেক-ইন সহ অনলাইন পরিষেবাগুলি প্রভাবিত হয়েছে। তার জন্য বিমানবন্দরে ম্যানুয়াল চেক-ইন এবং বোর্ডিং প্রক্রিয়া শুরু করা হয়েছে। সেই কারণে যাত্রীদের সময়ের আগেই বিমানবন্দরে পৌঁছানোর অনুরোধ করা হয়েছে।

# কলকাতায় ফিরলেন সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় আনন্দিত দলীয় কর্মীরা

কলকাতা, ১৯ জুলাই (হি.স.): তৃণমূল কংগ্রেসের অন্যতম শীর্ষ নেতা এবং সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় শুক্রবার সকালে কলকাতা বিমানবন্দরে অবতরণ করেন। দীর্ঘদিনের বিরতির পর তিনি রাজনীতিতে ফিরে এলেন। লোকসভা নির্বাচনের পর থেকেই তিনি রাজনীতি থেকে বিরতি নিয়েছিলেন তার ব্যক্তিগত স্বাস্থ্যগত কারণে। রাজনীতিতে এই বিরতি নেওয়ার ফলে তিনি কিছু সময়ের জন্য দলের বিভিন্ন কর্মসূচিতে অনুপস্থিত ছিলেন। তবে তার প্রত্যাবর্তনে দলের মধ্যে নতুন উদ্যম এসেছে বলে দলের নেতা-কর্মীরা আশা করছেন। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ফিরে আসা তৃণমূল কংগ্রেসের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে, বিশেষত ২০২৪ সালের আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে।

াঙ্গন

# কীর্তি কর্মসূচির মাধ্যমে ১০০ দিনের মধ্যে এক লক্ষ উদীয়মান তরুণ ক্রীড়াবিদকে চিহ্নিত করা হবে : ডঃ মানসুখ মান্ডভিয়া




নয়াদিল্লি, ১৯ জুলাই : কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ডঃ মানসুখ মান্ডভিয়া আজ নতুন দিল্লির জওহরলাল নেহেরু স্টেডিয়ামে কীর্তি (খেলো ইন্ডিয়া রাইজিং ট্যালেন্ট আইডেন্টিফিকেশন) কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের সূচনা করেছেন। সংসদ সদস্য মনোজ তিওয়ারি এবং কমলজিৎ সেহরাওয়াত, বিশিষ্ট ক্রীড়াবিদ, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিক এবং এম. সি. ডি স্কুলের শিশুরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ডঃ মান্ডভিয়া বলেন, ’ভারত বৈচিত্র্য ও সম্ভাবনায় পরিপূর্ণ। ভারতে বুদ্ধিবৃত্তি, জনবল বা প্রতিভার অভাব কখনও হয়নি। শুধু শহরগুলিই নয়, উত্তর-পূর্ব, উপকূলীয়, হিমালয় এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলগুলির মতো আমাদের দূরবর্তী অঞ্চলগুলিতেও একজন মানসম্পন্ন ক্রীড়াবিদ থাকতে পারেন। ‘কীর্তি’ কর্মসূচির লক্ষ্য হল এই প্রতিভাবান ক্রীড়াবিদদের চিহ্নিত করা এবং তাদের দক্ষতা বিকাশ করা।

তিনি বলেন ‘প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বারবার আমাদের জীবনে খেলাধুলার গুরুত্বের ওপর জোর দিয়েছেন। ভারতকে বিশ্ব ক্রীড়াক্ষেত্রে পরাশক্তিতে পরিণত করার লক্ষ্যে সরকার প্রতিভাবান ক্রীড়াবিদদের সর্বান্তঃকরণে সহায়তা করার জন্য সক্রিয় পদক্ষেপ নিয়েছে। সাম্প্রতিক বছরগুলিতে অলিম্পিক সহ বিভিন্ন বিশ্ব চ্যাম্পিয়নশিপে আমাদের পদকের প্রাপ্তির সংখ্যা থেকে ক্রীড়া ক্ষেত্রে সরকারের কেন্দ্রীভূত দৃষ্টিভঙ্গির প্রতিফলন পাওয়া যায়। ডাঃ মান্ডভিয়া বলেন, আমাদের এই অত্যন্ত কার্যকরী সম্পদের একটি ধারাবাহিক প্রবাহ থাকা দরকার এবং এখানেই ক্রীড়া উৎকর্ষের এক ধাপ, কীর্তি কার্যকর হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হাজার হাজার স্কুল পড়ুয়া শিশুদের সঙ্গে কথা বলতে গিয়ে ডঃ মান্ডভিয়া বলেন, “তোমাদের মধ্যে অবশ্যই কেউ একজন আগামীদিনের অলিম্পিক চ্যাম্পিয়ন থাকবে। আমি এই সত্যটির প্রশংসা করি যে তাঁর বাবা-মাও এখানে এসেছেন এবং তাঁকে খেলাধুলার প্রতি উতাহ যুগিয়ে চলেছেন, সমর্থন করছেন। তুমি হয়তো একদিন অলিম্পিকে পদক জিতবে, তখন তুমি ও তোমার বাবা-মা জেএলএন স্টেডিয়ামের এই দিনটির কথা মনে রাখবেন।

ডঃ মান্ডভিয়া আরও বলেন যে, সরকার কীর্তি কর্মসূচির আওতায় ১০০ দিনের মধ্যে ১ লক্ষ উদীয়মান তরুণ ক্রীড়াবিদকে চিহ্নিত করার সিদ্ধান্ত নিয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, কীর্তি কর্মসূচির আওতায় প্রত্যেককে তাদের ক্রীড়া দক্ষতা বিকাশের সুযোগ দেওয়া হবে, তা সে গ্রামে থাকুক বা শহরে, এবং সে দরিদ্র পটভূমি থেকে আসুক বা অন্য কোথাও।

আজকের অনুষ্ঠানটির মধ্য দিয়ে দেশব্যাপী প্রতিভা অন্বেষণের সূচনা হলো যা ২০৪৭ সালের মধ্যে অলিম্পিক গেমসে ভারতকে শীর্ষ ৫ দেশের মধ্যে একটি অন্যতম দেশ হিসেবে প্রতিষ্ঠিত করে তোলার পদক্ষেপ হিসাবে প্রমাণিত হবে। উল্লেখ্য, এবছর প্যারিস অলিম্পিকে ভারতের প্রতিনিধিত্বকারী ১১৭ জন ক্রীড়াবিদের মধ্যে ২৮ জন খেলো ইন্ডিয়া পরিমন্ডল থেকে উঠে এসেছে।

ঙ্রআরো বলা দরকার, কীর্তি-র প্রতিভা সনাক্তকরণ মডেলটি বৈজ্ঞানিক পরিকল্পনার মাধ্যমে রচনা করা হয়েছ, যেখানে তথ্য-প্রযুক্তি সরঞ্জাম এবং বিশ্বব্যাপী সর্বোত্তম অনুশীলনগুলি গ্রহণ করা হয়েছেঊ

কীর্তি কর্মসূচির লক্ষ্য হল তরুণ উদীয়মান ক্রীড়াবিদদের তাদের দক্ষতার ভিত্তিতে কর্মজীবনের পথ বেছে নেওয়ার দিকনির্দেশনা প্রদান করা। দিল্লিতে, স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া, দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনের (এমসিডি) সহযোগিতায় মোট ১২টি জোনে এমসিডি-র ২৫০০০-এরও বেশি ছাত্রছাত্রীর কীর্তি মূল্যায়ন করবে। এই মূল্যায়নগুলি মোট ২৭ দিন ধরে চলতে থাকবে এবং এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে ৫টি প্রধান বিভাগ অর্থাৎ অ্যাথলেটিক্স, ফুটবল, ভলিবল, কাবাডি এবং খো-খোঊ ২০২২-২৩-এ দিল্লি পুরনিগম তার প্রথম পরীক্ষামূলক প্রকল্পের মাধ্যমে ফুটবল, ভলিবল ইত্যাদির মতো বিভিন্ন খেলা জুড়ে ৬-১০বছর বয়সী এমসিডি শিক্ষার্থীদের জন্য দিল্লি জুড়ে বিভিন্ন ক্রীড়া শিবিরের আয়োজন করে। তৃতীয় পর্যায়ে, কীর্তির আওতায় খেলো ইন্ডিয়া প্রকল্পের ২০টি শাখাকে অন্তর্ভুক্ত করা হবে। চলতি বছরের ১২ই মার্চ চণ্ডীগড়ে কীর্তির প্রথম পর্বের সূচনা হয়।

# জাতীয় যোগা আসরে সাফল্য অর্জনকারী খেলোয়াররা স্বামী বিবেকানন্দ ক্লাবে সংবর্ধিত



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। দারুন সাফল্য অর্জন করে ফিরেছে ত্রিপুরার যোগা খেলোয়াররা। সর্বভারতীয় যোগা স্পোর্টস চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়েছিল মধ্যপ্রদেশের ইন্দোরে ২৫ থেকে ২৭ জুন। ৩১ সদস্যের রাজ্য দল সেখানে বয়স ভিত্তিক বিভিন্ন বিভাগে অংশগ্রহণ করে ২১ টি পদক জয় করে এনেছে। আজ শহর দক্ষিণের বাধারঘাটস্থিত স্বামী বিবেকানন্দ ক্লাবে এক মনোজ্ঞ অনুষ্ঠানে জাতীয় আসরে সাফল্য অর্জনকারী রাজ্য যোগা দলের খেলোয়াড়দের হাতে প্রশংসা পত্র তুলে দেওয়ার মধ্য দিয়ে সংবর্ধিত করা হয়। এবারের জাতীয় আসর থেকেই ত্রিপুরার সাত জন যোগা খেলোয়ার আগামী আগস্ট মাসে থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিতব্য ওয়ার্ল যোগা স্পোর্টস চ্যাম্পিয়নশিপে ভারতীয় দলের হয়ে অংশগ্রহণের জন্য নির্বাচিত হয়েছে। ত্রিপুরা যোগাসন ক্রীড়া সংস্থার পক্ষ থেকে তাদেরও বিভিন্নভাবে সহযোগিতার আশ্বাসসহ শুভেচ্ছা জানানো হয়। অনুষ্ঠানে সংস্থার সভাপতি তথা স্বামী বিবেকানন্দ ক্লাবের সভাপতি সরযূ চক্রবর্তী, সচিব সমীর সাহা সহ অন্যান্য কর্মকর্তারাও উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের সহ-সভাপতি সুপ্রভাত দেবনাথ তার বক্তৃতায় খেলোয়ারদের সাফল্যে ভূয়যী প্রশংসা করে আগামী দিনে আরও সাফল্যের শুভেচ্ছা জানান। সাত জন যোগা খেলোয়ার দিশান্ত সেন, স্বস্তিকা দাস, কৃতিকা দত্ত, অন্বেষা দেব, ধৃতি দেবনাথ, পরিণীতা রায় ও বিজয় পাল - প্রত্যেককে স্বামী বিবেকানন্দ ক্লাবের পক্ষ থেকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে বলেও আশ্বাস প্রদান করা হয়।

# পখিলা, সীমার জোড়া হ্যাটট্রিক : ফিরতি লীগেও চলমান জয় জম্পুইজলার




ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। টানা তৃতীয় ম্যাচে জয়ী জম্পুইজলা প্লে সেন্টার। ফিরতি লিগেও চলমানকে একপ্রকার পর্যুদস্ত করে ছেড়েছে জম্পুইজলার মেয়েরা। প্রথম লীগে ৭-০, তো ফিরতি লিগে ৭-১। ব্যতিক্রম একটাই, যে ফিরতি লীগে চলমানের মেয়েরা একটি গোল পরিশোধ করে খেলায় ব্যবধান কমিয়ে আনতে পেরেছে। প্রথমার্ধেই আজ, শুক্রবার জম্পুইজলার মেয়েরা তিন-এক গোলে এগিয়ে ছিল। স্থানীয় উমাকান্ত মিনি স্টেডিয়ামে ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত বৈকুণ্ঠ নাথ মেমোরিয়াল মহিলা ফুটবলের ফিরতি লীগের খেলায় জম্পুইজলা প্লে সেন্টার বড় ব্যবধানে চলমান সংঘকে পরাজিত করেছে। সকাল ৮ টায় ম্যাচের শুরু থেকেই যথেষ্ট প্রাধান্য বজায় রেখে খেলেছে। গোলের শুরু ৪ মিনিট থেকে। কবিতা দেববর্মার পা থেকে। তবে এরপর গোল করার পুরো দায়িত্ব যেন পখীলা আর সীমা দুজনেই ভাগ করে নেয়। পখীলা ও সীমার জোড়া হ্যাটট্রিক দর্শকদের পাশাপাশি নির্বাচকদেরও নজর কেড়েছে। পখীলা বোড়ার তিনটি গোল খেলার ১৩, ৪৩ ও ৮৩ মিনিটের মাথায়। অপরদিকে সীমা দেববর্মার তিনটি গোল ৫৩, ৭০ ও ৮০ মিনিটের মাথায়। এদিকে খেলার ৩৩ মিনিটের মাথায় চলমান সংঘের পুনমদীতা দেবনাথ একটি গোল শোধ করে খেলায় ব্যবধান কিঞ্চিত কমিয়ে আনে। দারুন গোল ও হ্যাটট্রিক এর সৌজন্যে সীমা দেববর্মা পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের প্রাইজমানি। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি উৎপল চৌধুরী, সুশান্ত দাস, সুকান্ত দত্ত ও ইন্দ্রানী দে। দিনের খেলা: জম্পুইজলা প্লে সেন্টার বনাম ফুলো ঝানু ক্লাব, সকাল আটটায়, উমাকান্ত মিনি স্টেডিয়ামে।

# অনূর্ধ ১৯ ট্রায়াল ক্যাম্পে ব্যাপক সাড়া

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। সামনে রয়েছে জাতীয় স্তরের ঘরোয়া ক্রিকেট টুর্নামেন্ট।

আর এই টুর্নামেন্ট গুলিকে সামনে রেখে বয়সভিত্তিক দল গঠনের লক্ষ্যে প্রস্তুতিতে নেমে পরল ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। শুক্রবার এমনটাই দেখা গেল আগরতলায় এমবিবি স্টেডিয়ামে। এদিন স্টেডিয়ামে আয়োজিত অনূর্ধ ১৯ বালকদের নিয়ে অনুষ্ঠিত হয় উন্মুক্ত ট্রায়াল ক্যাম্প। তাতে সদর, মোহনপুর, বিশালগড়, জিরানিয়া ও সোনামুরা থেকে অনূর্ধ ১৯ ক্রিকেটাররা অংশ নেয়। শিবিরে মোট ৩৯১ জন ক্রিকেটার অংশগ্রহণ করে।

ব্যাটিং বোলিং সব দিকে খতিয়ে দেখার পরেই যোগ্যতা সম্পন্ন ক্রিকেটারদের নিয়ে গঠন করা হবে চূড়ান্ত রাজ্য দল। এমনটাই জানালেন শিবিরের দায়িত্বপ্রাপ্ত প্রশিক্ষক জয়ন্ত দেবনাথ।

এদিন দিনভর চলে এই উন্মুক্ত ট্রায়াল ক্যাম্প।

প্রসঙ্গত ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে অনূর্ধ ১৯ ক্রিকেটার বাছাই করার লক্ষ্যে এর আগে গত ১২ জুলাই ধর্মনগরে, ১৫ জুলাই বিলোনিয়া ও ১৭ জুলাই তেলিয়ামুড়াতে অনুষ্ঠিত হয় ট্রায়াল ক্যাম্প। সেখানেও ব্যাপক সাড়া পরিলক্ষিত হয়।

# শ্রীলঙ্কা সফরে ভারতীয় দলের নাম ঘোষণা

মুম্বই, ১৯ জুলাই (হি.স.): বৃহস্পতিবার রাতে শ্রীলঙ্কা সফরের জন্য ভারতের স্কোয়াড ঘোষণা করা হয়েছে। তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের জন্য সূর্যকুমার যাদবকে অধিনায়ক করা হয়েছে। ওয়ানডে দলে ডাক পেয়েছেন রোহিত, কোহলি। আইয়ার চুক্তি থেকে ছিটকে যাওয়ার পর প্রথমবারের মতো ভারতীয় দলে ফিরেছেন।

টি-টোয়েন্টি স্কোয়াড:সূর্যকুমার যাদব (অধিনায়ক), শুভমান গিল (সহ---অধিনায়ক ), যশস্বী জয়সওয়াল, রিংকু সিং, রিয়ান পরাগ, ঋষভ পন্থ (উইকেটরক্ষক), সঞ্জু স্যামসন (উইকেটরক্ষক), হার্দিক পান্ডিয়া, শিবম দুবে, অক্ষর প্যাটেল, ওয়াশিংটন সুন্দর, রবি বিষ্ণোই, আরশদীপ সিং , খলিল আহমেদ, মহম্মদ সিরাজ।

ভারত স্কোয়াড:রোহিত শর্মা (অধিনায়ক), শুভমান গিল (সহ---অধিনায়ক), বিরাট কোহলি, কে এল রাহুল (উইকেটরক্ষক), ঋষভ পন্থ (উইকেটরক্ষক), শ্রেয়াস আইয়ার, শিবম দুবে, কুলদীপ যাদব, মহম্মদ সিরাজ, ওয়াশিংটন সুন্দর, আরশদীপ সিং, রিয়ান পরাগ, অক্ষর প্যাটেল , খলিল আহমেদ, হর্ষিত রানা।

সম্পূর্ণ সময়সূচী:

প্রথম টি-টোয়েন্টি : ২৭ জুলাই, (পাল্লেকেলে) - ভারতীয় সময় সন্ধ্যা সাতটা।

দ্বিতীয় টি-টোয়েন্টি : ২৮ জুলাই, (পাল্লেকেলে) - ভারতীয় সময়ের সন্ধ্যা সাতটা।

তৃতীয় টি-টোয়েন্টি: ৩০ জুলাই, (পাল্লেকেলে) - ভারতীয় সময়ের সন্ধ্যা সাতটা।

প্রথম ওডিআই: ২ আগস্ট, (কলম্বো) - ভারতীয় সময় দুপুর ২:৩০ মিনিট।

দ্বিতীয় ওডিআই: ৪ আগস্ট, (কলম্বো) - ভারতীয় সময় দুপুর ২:৩০ মিনিট। তৃতীয় ওডিআই: ৭ আগস্ট,(কলম্বো) - ভারতীয় সময় দুপুর ২:৩০ মিনিট।

# নতুন দায়িত্বে অ্যান্ডারসন

লন্ডন, ১৯ জুলাই (হি.স.): এখনও এক সপ্তাহ হয়নি। ক্রিকেট কেরিয়ারের ইতি ঘটিয়েছেন। খেলা ছাড়ার পর কী করবেন সে নিয়ে চিন্তা ভাবনার আগেই কিংবদন্তি অ্যান্ডারসনকে নতুন দায়িত্বে বসিয়ে দিয়েছে ইংল্যান্ড এবং ওয়েলস ক্রিকেট বোর্ড।

চলতি ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে চলমান সিরিজের প্রথম টেস্টে খেলোয়াড় হিসেবে ইংল্যান্ড দলে ছিলেন অ্যান্ডারসন। এই টেস্ট খেলেই তিনি অবসর নেন। ইংল্যান্ড এবং ওয়েলস ক্রিকেট বোর্ড ঠিক করেছে শেষ দুই টেস্টে অ্যান্ডারসন থাকবেন পেস বোলারদের মেন্টর হিসেবে। তবে এই দুই ম্যাচ পর তিনি আর দায়িত্বে থাকবেন কিনা সে বিষয়ে এখনও পর্যন্ত কিছু জানায়নি বোর্ড।

ইসিবির ম্যানেজিং ডিরেক্টর রব কি জানিয়েছেন, ’অ্যান্ডারসন ইংল্যান্ড ক্রিকেটের সম্পদ। ওকে তো বোর্ড সবসময়ই চাইবে। সে এখন ল্যাঙ্কাশায়ারের হয়ে খেলছে। ওখান থেকে অবসর নিলে তবেই ওকে নিয়ে চিন্তা ভাবনা করবে বোর্ড।’

# মাথাভাঙা কৃষক বাজারে টাস্ক ফোর্সের অভিযান, খতিয়ে দেখলেন বাজারদর

কোচবিহার, ১৯ জুলাই (হি.স.): কোচবিহারের মাথাভাঙায় সবজি-মাছ-ডিমের বাজার দর যাচাই করতে ময়দানে নামলেন টাস্কফোর্সের আধিকারিকরা। শুক্রবার সকালে মাথাভাঙা-১ ব্লক কৃষক বাজারে দাম নিয়ন্ত্রণে আছে কিনা, খতিয়ে দেখেন তাঁরা। মাথাভাঙ্গা-১ ব্লক কৃষক বাজার ব্যবসায়ী সমিতির সম্পাদক সমীর রায় বলেন, শুক্রবার টাস্কফোর্সের আধিকারিকরা বাজারে এসে বিভিন্ন সবজি-সহ মাছ, ডিমের বাজারদর যাচাই করেন। জয়েন্ট বিডিও ফজলুর রহমান বলেন, মুখ্যমন্ত্রী নির্দেশে টাস্কফোর্স গঠন করা হয়েছে।

মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে মাথাভাঙা ব্লকের বিভিন্ন বাজার এবং শহরের বাজারগুলিতেও পরিদর্শন করা হচ্ছে। এই ধরনের অভিযানে খুশি সাধারণ ক্রেতারা।

তাঁরা বলেন, এটা সরকারের প্রশংসনীয় উদ্যোগ। এভাবে পরিদর্শন করলে সবজি সহ মাছ-ডিমের দাম নিয়ন্ত্রণে থাকবে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণবো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
ই-মেল : rainbowprintingworks@gmail.com

# শুক্রবার মহিলা এশিয়া কাপে ভারত পাকিস্তানের মুখোমুখি

ডাম্বুলা, ১৯ জুলাই (হি.স.): শুক্রবার ডাম্বুলাতে হারমনপ্রীত কৌরের ভারত এশিয়া কাপের প্রথম ম্যাচে পাকিস্তানের মুখোমুখি হবে। রয়েছে আটটি প্রতিযোগী দল। অক্টোবরে টি-টোয়েন্টি বিশ্বকাপের আগে প্রতিটি দল প্রস্তুতি সেরে নেওয়ার সুযোগ পাচ্ছে।

পাকিস্তানের বিরুদ্ধে ভারত এখনও পর্যন্ত ১৪ ম্যাচের মধ্যে তিনটি ম্যাচে হেরেছে আর ১১টি ম্যাচ জিতেছে। হারমনপ্রীত কৌরের ভারত এশিয়া কাপের টি-টোয়েন্টি সংস্করণে চারটির মধ্যে তিনটি এবং ৫০ ওভারের ফরম্যাটে চারবার জিতেছে। ভারত ২০ ম্যাচে ১৭ জয়ের সাথে মহিলাদের এশিয়া কাপ টি-টোয়েন্টিতে সবচেয়ে সফল দল। ২০২২ সালের শেষ আসরের ফাইনালে ভারত বাংলাদেশকে হারিয়েছিল।

# বি ডিভিশন ফুটবল : এনএসআরসিসি-কে হারিয়ে জয় দিয়ে লীগ সূচনা স্কাইলার্কের



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। জয় দিয়ে দারুণ সূচনা স্কাইলার্ক ক্লাবের। পক্ষান্তরে সরকারি খরচে গঠিত দল এন এস আরসিসি শুরুতেই যেন একটা হোঁচট খেলো। উদ্বোধনী ম্যাচে জয় অনেক দলের কাছেই কাঙ্খিত। আর এই জয় আগামী দিনে সাফল্যের অনেকটা পাথেয় করে তুলে। স্কাইলার্ক প্রথমার্ধে গোলশূন্য ড্র তে নিজেরা গা এলিয়ে দিলেও দ্বিতীয়ার্ধে রুদ্রমূর্তি ধারণ করে। এবং জয় ছিনিয়ে নেয়। তাও তিন গোলের ব্যবধানে। বেঞ্জামিন এর জোড়া গোল, জর্জের একটি। পক্ষান্তরে এনএসআরসিসি-র ছেলেরা প্রথমার্ধে প্রতিরোধ গড়ার মধ্য দিয়ে স্কাইলার্কের অভিযান রুখতে পারলেও দ্বিতীয়ার্ধে আর সম্ভব হয়নি। ৪৯ মিনিটের মাথায় বেঞ্জামিন রোচনসাংঘার প্রথম গোল। ৭৫ মিনিটের মাথায় বেঞ্জামিনের দ্বিতীয় গোল। এন এস আরসিসি দল গোল পরিশোধে আপ্রাণ চেষ্টা করলেও সুযোগ খুঁজে পায়নি।

উপরন্ত খেলা শেষের মিনিট পাঁচেক আগে স্কাইলার্কের জর্জ ডার্লং আরও একটি গোল করলে ব্যবধান ৩-০ হয়।

পরবর্তী সময়ে আর সি সি-র ছেলেরা প্রতিরোধ গড়তে পারলেও গোল পরিশোধে সক্ষম হয়নি। এদিকে দ্বিতীয়ার্ধের খেলায় অসদাচরনের দায়ে বিজিত এনএসআরসিসি-র তুষারকে রেফারি হলুদ কার্ড দেখিয়ে সতর্ক করেন। ম্যাচ পরিচালনায় ছিলেন রেফারি আদিত্য দেববর্মা, বিশ্বজিৎ দাস, পল্লব চক্রবর্তী ও সুকান্ত দত্ত। উল্লেখ্য, ম্যাচ শুরুর প্রাক্কালে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে বি ডিভিশন লিগ ফুটবলের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন রাজ্য মন্ত্রিসভার সদস্য সুশান্ত চৌধুরী।

প্রাক্তন ফুটবলার বিশ্বজিৎ সাহা ফুটবলে কিক দিয়ে টুর্নামেন্টের সূচনা করেন।

# কেরালার আনায়ুতু উৎসবে হাতিদের জন্য ত্রিপুরার কুইন আনারস সরবরাহ, মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই :** কেরালার ঐতিহ্যবাহী আনায়ুতু উৎসব উপলক্ষে হাতিদের জন্য সময়মতো কুইন আনারস সরবরাহ করায় ত্রিপুরার মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহাকে ধন্যবাদ জ্ঞাপন ও আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করলেন কেন্দ্রীয় পর্যটন ও পেট্রোলিয়াম প্রতিমন্ত্রী সুরেশ গোপী। কেরালার বিখ্যাত ভাদাক্কুমন্নাথা ক্ষেত্ররাম মন্দিরে হাতিদের জন্য আনায়ুতু উৎসবের আয়োজন করা হয়। যা হাতিদের জন্য একটি ঐতিহ্যবাহী খাবার অনুষ্ঠান। যেখানে ত্রিপুরার বিখ্যাত কুইন আনারস পাঠানো হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম "এক্স" হ্যান্ডেলে কেন্দ্রীয় মন্ত্রী গোপী লিখেছেন, "প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহাকে এই সৌজন্যতার জন্য অসংখ্য ধন্যবাদ। কেরালার হাতিরা জিআই-ট্যাগযুক্ত কুইন আনারসকে খুবই পছন্দ করে। আর এটা শুধু শুরু। আসুন আমরা এই সুস্বাদু ফলের রপ্তানি প্রক্রিয়ার জন্য একসাথে কাজ করি"।

পাশাপাশি কেন্দ্রীয় মন্ত্রী ভারতের আনারস উৎপাদনে ত্রিপুরার উল্লেখযোগ্য অবদানকে তুলে ধরে বলেন, "ত্রিপুরা আনারস উৎপাদনে সমৃদ্ধ একটি রাজ্য, যা দেশের মোট ফসলের ৮.৫ উৎপাদন করে। ত্রিপুরার বিখ্যাত কুইন আনারস বন্টন করার মাধ্যমে আমাদের রাজ্যগুলির মধ্যে বন্ধন আরো শক্তিশালী হবে। যা একে অপরের প্রতি ভালবাসা ও সম্মান প্রদর্শনে সহায়ক ভূমিকা পালন করবে"।এদিকে প্রত্যুত্তরে মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা বলেছেন, "এটি ত্রিপুরার জন্য একটি অত্যন্ত সম্মানের। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুরেশ গোপীকে ধন্যবাদ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্ব সর্বদা আমাদেরকে "এক ভারত শ্রেষ্ঠ ভারত" গড়ে তোলার লক্ষ্যে এগিয়ে যেতে উৎসাহিত করেছে। এর সঙ্গে অবশ্যই জি আই ট্যাগযুক্ত কুইন আনারস সবচেয়ে মিষ্টি ফলের মধ্যে অন্যতম একটি এবং আমি নিশ্চিত, এটি সারা বিশ্বের মানুষের হৃদয়ে একটি আলাদা অনুসারী বৃন্দ তৈরি করতে সক্ষম হবে।"

পাশাপাশি কেন্দ্রীয় মন্ত্রী এই সফল উদ্যোগে তাদের ভূমিকার জন্য পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এবং আগরতলা পুর নিগমের মেয়র ও বিধায়ক দীপক মজুমদারকে ধন্যবাদ জানান।

# নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের উদ্যোগে শুরু পূর্ণিমা উৎসবের আয়োজন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের উদ্যোগে আগরতলার রংসাণীপুরস্থিত শ্রীশ্রী মহানাম অঙ্গনে 'শ্রীশ্রী গুরু পূর্ণিমা উৎসব এর আয়োজন করা হয়েছে।

এ উপলক্ষে আগামী ২০ এবং ২১ জুলাই, ২০২৪ হই দু দিনব্যাপী নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। ২০শে জুলাই, সন্ধ্যা ৬টায় এক পূর্ণিমার গুরত্ব" বিষয়ক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। ভোর ৫টা ৬ মিনিটে উদয়াস্ত মহানাম কীর্তন সকাল ৮টায়, শ্রীগুরুদেবের পাদপদ্মে শ্রদ্ধাঞ্জলি অর্পন (তরুপূজা)। সন্ধ্যায় আরতি কীর্তনের সাধ্যমে উৎসবের সমাপ্তি। নিখিল ত্রিপুরা মহানাম সেবক সংঘের পক্ষে সম্পাদক শ্রীসুদীপ কুমার হয় সবল ধর্মপ্রাণ ভক্তদের উক্ত অনুষ্ঠানগুলোতে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়েছেন।

# নেতাজি সুভাষ বিদ্যানিকেতনে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠান



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** রাজ্যের অন্যতম বনেদী স্কুল নেতাজি সুভাষ বিদ্যানিকেতনে শুক্রবার এক অনুষ্ঠানের মধ্য দিয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের হাতে সংবর্ধনা স্মারক তুলে দিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা নাল্লু রেড্ডি। নেতাজী সুভাষ বিদ্যানিকেতনের উদ্যোগে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক কৃতী ছাত্র ছাত্রীদের এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে সংবর্ধনা প্রদান করা হয়। উপস্থিত ছিলেন রাজ্যপাল রাজ্যপাল ইন্দ্রসেনা নাল্লু রেড্ডি, বিজেপি রাজ্য সভাপতি তথা স্কুল পরিচালন কমিটির সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা। প্রসঙ্গত ৩রা মার্চ ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত হয়েছিল নেতাজি সুভাষচন্দ্র বিদ্যানিকেতন। এবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক মিলে ৩৮৭ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিয়েছিলেন। প্রত্যেকেই এবছর উত্তীর্ণ হয়। প্রত্যেকের হাতেই আজ রাজ্যপাল সহ অতিথিরা সংবর্ধনা স্মারক তুলে দেয়।

# বিদ্যুৎ ও পানীয় জলের দাবিতে পথ অবরোধ



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** বিদ্যুৎ ও পানীয় জলের দাবিতে শুক্রবার গঙ্গানগর এলাকায় সাব স্টেশনের সামনে পথ অবরোধ করলেন স্থানীয় জনতা। বিদ্যুত বিভ্রাটে নাজেহাল মানুষ। প্রশাসনের ব্যর্থতার বিরুদ্ধে একজোট হয়ে পঞ্চায়েত নির্বাচনের মুখে ফটিকরায় বিধানসভার গঙ্গানগরে পথে নামলেন এলাকার মানুষ।

এলাকার মানুষের অভিযোগ, দিনের পর দিন ধরে গঙ্গানগর এলাকায় চলছে টানা বিদ্যুৎ বিভ্রাট। দিন কিংবা রাত কখনোই সঠিকমতো তারা বিদ্যুৎ পরিষেবা পাননা। সমস্যা নিরসনে নিগমের কর্মীদেরও দেখামেলা ভার। তারা জানিয়েছেন এবিষয়ে নিগমের উর্ধতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানিয়েও সমস্যা মেটাতো দূরের কথা উপরন্তু প্রকট হচ্ছে বিদ্যুৎ বিভ্রাট। শুক্রবার গঙ্গানগরে বিদ্যুৎ সাবস্টেশনের সামনে আসাম-আগরতলা জাতীয় সড়ক অবরোধ করে বসেন দূর্ভোগপীড়িতরা। অবরোধের জেরে রাস্তার দুধারে আটকে পরে যানবাহন। তারা ক্ষোভ উগড়ে দেন বিদ্যুৎ নিগম এবং প্রশাসনের ভূমিকায়।

শুধু তাইনয়, এলাকায় পানীয় জলের সমস্যা নিয়েও এদিন আন্দোলন তেজী করেছেন এলাকার মানুষ।

# লংতরাইভ্যালীতে স্বাস্থ্য শিবিরের আয়োজন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** সিভিক একশন প্রোগ্রামের আওতায় একটি স্বাস্থ্য শিবিরের আয়োজন করে অষ্টম ব্যাটেলিয়ান টিএসআর। লংতরাইভ্যালী মহকুমার ছামনু রাজধরগ ভিলেজের তুইয়াচন্দ্র পাড়া এসবি স্কুলে স্বাস্য শিবিরের আয়োজন করা হয়।

মানিকপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সহায়তায় এই শিবিরে মোট ৯৫ জন গ্রামবাসী চিকিৎসা পরিষেবা নেন। এদের মধ্যে ১১ জন গ্রামবাসীকে ম্যালেরিয়া পজিটিভ হিসাবে চিহ্নিত করা হয়। প্রত্যেকেই প্রয়োজনীয় মেডিসিন দেওয়া হয়।

তাছাড়া স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে খাতা ও কলম বিতরণ করা হয়। অষ্টম ব্যাটেলিয়ান টিএসআর এর অ্যাসিস্ট্যান্ট কমান্ডেন্ট অমৃত দেববর্মা জানান ছামনু প্রত্যন্ত অঞ্চলে এই সময় ম্যালেরিয়া ও ডায়রিয়ার মতো রোগের প্রাদূর্ভাব লক্ষ্য করা যায়। তাই প্রত্যন্ত এলাকাগুলোতে সিভিক একশন প্রোগ্রাম সহ স্বাস্থ্য শিবির আয়োজনের পরিকল্পনা নিয়েছে অষ্টম ব্যাটেলিয়ান টিএসআর।

# অসুস্থ রাজু ভর্তি হাসপাতালে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** পুলিশ রিমান্ড চলাকালীন অসুস্থ হয়ে পড়েন ঊষাবাজারসিত ভারত রত্ন সংঘের সম্পাদক দুর্গা প্রসন্ন দেব হত্যাকাণ্ডের মূল অভিযুক্ত রাজু বর্মন। শুক্রবার তাকে জিবি হাসপাতালে ভর্তি করানো হয়েছে। পুলিশের তরফেই তাকে জিবি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল।

প্রসঙ্গত, ভিকি হত্যাকান্ডে মূল অভিযুক্ত রাজু বর্মনকে গত ১০ জুলাই গৌহাটি থেকে গ্রেফতার করা হয়েছিল। তারপর তাকে ত্রিপুরায় আনা হয়েছিল। তারপর ১০ দিনের পুলিশ রিমান্ড চেয়ে মুখ্য বিচার বিভাগীয় আদালতে তোলা হয়েছিল। আদালতের ৮ দিনের পুলিশ রিমান্ড মঞ্জুর করেছিল।

# বাইক ও গাড়ির মুখোমুখি সংঘর্ষে মৃত্যু যুবকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই :** বাইক ও যাত্রীবাহী গাড়ির মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হয়েছে এক যুবকের। গত চার মাস আগে তার বিয়ে হয়েছিল। আজ সকালে কমলনগর উগিরাটিলা এলাকায় যান দূর্ঘটনায় তার মৃত্যু হয়েছে। সানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে তাঁকে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা দিয়েছে। জানা গিয়েছে, ফয়সাল আহাম্মেদ(২৭) আজ সকালে বাড়ি থেকে কোন কাজের উদ্দেশ্যে মতিনগর যাচ্ছিলেন। ওই সময় উগরাটিলা বট গাছের নিচে যেতেই অপর দিক থেকে সোনামুড়া থেকে দ্রুতগতিতে একটি প্যাসেঞ্জার কমান্ডার গাড়ি এসে তার পালসার বাইকটিকে সজোরে ধাক্কা দেয়। তাতে রাস্তার পাশে ছিটকে পড়ে ফয়সাল। ঘটনাস্থলেই তার নাক এবং কান মুখ দিয়ে রক্ত ঝরতে থাকে। সাথে সাথে সানীয় মানুষ ঘটনাটি দেখতে পেয়ে তড়িঘড়ি তাকে কমলনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গিয়েছেন। সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে প্রাথমিক চিকিৎসা করার পর উন্নত চিকিৎসার জন্য তাকে জিবিপি হাসপাতালে স্থানান্তর করেন।

কিন্তু পরবর্তী সময়ে রাস্তায় তার শারীরিক অবস্থার অবনতি দেখতে পেয়ে তড়িঘড়ি তাকে বক্সনগর সামাজিক স্বাস্থ্য কেন্দ্র নিয়ে যাওয়া হয়েছিল। সেখানে যাওয়ার পর সে মৃত্যুর কোলে ঢলে পড়েন। এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছেব বক্সনগর বিধানসভার বিধায়ক তফাজ্জল হোসেন,কলমচৌড়া থানার ওসি নারু গোপাল দেব। আজ মৃতদেহ ময়নাতদন্ত করার পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

# বিদ্যুৎ পরিষেবার দাবিতে পথ অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** গত তিন মাস যাবৎ খোয়াই থানাধীন পূর্ব গণকি এলাকায় বিদ্যুৎ সমস্যা ভুগছে। আজ সকালে বাধ্য হয়ে জাম্বুরা বিদ্যাসাগর নিম্ন বুনিয়াদী বিদ্যালয় সংলগ্ন এলাকায় পথ অবরোধে বসেন এলাকাবাসী। অবরোধের জেরে যানচলাচল স্তব্ধ হয়ে পড়ে।ঘটনার বিবরণে জানা গিয়েছে, গত তিন মাস যাবৎ খোয়াই থানাধীন পূর্ব গণকি এলাকায় বিদ্যুতের ভল্টিজের সমস্যা হচ্ছে। এতে করে বিভিন্ন বাড়ি ঘরে ফ্রিজ, টিভি সহ বিভিন্ন বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হয়। বারবার বিদ্যুৎ দপ্তরে জানিয়েও কাজের কাজ কিছুই হচ্ছে না। সমস্যার সমাধান হচ্ছে না। তাই বাধ্য হয়ে শুক্রবার সকালে পূর্ব গনকি এলাকার লোকজন জাম্বুরা বিদ্যাসাগর নিম্ন বুনিয়াদী বিদ্যালয় সংলগ্ন এলাকায় পথ অবরোধে বসেন। অবরোধের জেরে যানচলাচল স্তব্ধ হয়ে পড়ে।এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে জাম্বুরা গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন প্রধান সুশান্ত দেবনাথ। পরবর্তীতে ছুটে গিয়েছে বিদ্যুৎ দপ্তরের এসডিও নিহার দেববর্মা এবং তাঁরা অবরোধকারীদের সাথে কথা বলেন। তাঁরা আশ্বাস দিয়েছেন অতিসত্বর সমস্যা সমাধান করা হবে। ওই আশ্বাসের ভিত্তিতে অবরোধ প্রত্যাহার করেন তারা।

# কোটি টাকার বার্মিজ সিগারেট সহ এক পাচারকারী গ্রেফতার

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ১৯ জুলাই:** কোটি টাকার বার্মিজ সিগারেট সহ এক পাচারকারীকে গ্রেফতার করলো ধর্মনগর থানার পুলিশ।জানা গেছে শুক্রবার রাতে গোপন সূত্রের ভিত্তিতে বিশাল পুলিশ বাহিনী নিয়ে ধর্মনগর থানাধীন পদ্মপুর রোডের ত্রিপুরেশ্বরী স্কুল সংলগ্ন এলাকার একটি ঘরে অভিযান চালান ধর্মনগর থানার ওসি এবং মহকুমা পুলিশ অফিসার। এই তল্লাশি অভিযানে উদ্ধার করা হয় কোটি টাকার বার্মিজ সিগারেট। আর এই ঘটনায় জড়িত থাকার অপরাধে গ্রেপ্তার করা হয় এক পাচারকারীকে। এদিন অভিযানের আচ পেয়ে পালিয়ে যায় পাচারকারীর ছোট ভাই।

এলাকাবাসী সূত্রে জানা গেছে, এই পাচারকারীর ছোট ভাই শ্রীদাম দাস পুলিশ কনস্টেবলে কর্মরত রয়েছেন। তিনি দীর্ঘদিন ধরে নেশা জাতীয় দ্রব্য কাপড় এবং বারমিজ সিগারেট পাচারের সঙ্গে অতপ্রোতভাবে জড়িত।যেহেতু পুলিশে কাজ করেন, তাই অনুমান করলেও ভয়ে এতদিন মুখ খুলতে নারাজ ছিলেন সবাই। শেষ পর্যন্ত আজ বার্মিজ সিগারেট উদ্ধারের ঘটনায় সামনে উঠে আসে। এবার পাচারকান্ড পুলিশ কর্মীকে গ্রেফতার করে সাজা দেওয়া হবে না ছাড় দেওয়া হবে।সেই দিকে তাকিয়ে রয়েছেন সাধারণ মানুষ।

# পশ্চিমে মোট ৪৭ জন প্রার্থীর মনোনয়ন দাখিল জেলা শাসক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদে মোট ৪৭ জন প্রার্থী মনোনয়ন দাখিল করেছেন। এর মধ্যে বিজেপি সর্মথিত প্রার্থী ১৭ জন, সিপিএম সর্মথিত প্রার্থী ১৭ জন এবং কংগ্রেসের ১৩ জন। আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা বলেন পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডা. বিশাল কুমার।এদিন তিনি বলেন, আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের মনোনয়ন জমা দেওয়া গতকাল শেষ দিন ছিল। আজ স্কুটিনি। এদিন তিনি বলেন, পশ্চিম ত্রিপুরা জেলা পরিষদে মোট ৫৬টি মনোনয়ন দাখিল করা হয়েছে। পঞ্চায়েত নির্বাচনে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে রাজ্যে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী পৌঁছেছে। নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সবরকমের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানান তিনি।

# ডাক বিভাগের অনুষ্ঠান রাজর্ষি কলাক্ষেত্রে

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৯ জুলাই।।** ভারতীয় ডাক বিভাগ ১০০ দিনের মধ্যে সারাদেশে ৫,০০০ ডাক চৌপালের আয়োজন করবে, এবং ডাক ঘর নিয়ত কেন্দ্র পোর্টালে ৩,০০০ নতুন রপ্তানিকারকদের যোগ করার লক্ষ্যও রয়েছে।আজ ডাক চৌপাল উদ্যোগটি প্রয়োজনীয় সরকারী এবং নাগরিক কেন্দ্রিক পরিষেবাগুলিকে সরাসরি গ্রামীণ এলাকায় নিয়ে আসার জন্য উদয়পুর রাজর্ষি কলা ক্ষেত্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে ডাক চৌপাল গ্রামীণ বাসিন্দাদের এবং সরকারী কাজের মধ্যে গুরুত্বপূর্ণ সংযোগ হিসাবে কি ভাবে কাজ করবে, দূরত্ব এবং অ্যাক্সেস যোগ্যতার মতো বাধাগুলি কিভাবে হ্রাস করবে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন ডাক আধিকারিক স্বপন কুমার দাস। এদিন সকালে উদয়পুর রাজর্ষি কলা ক্ষেত্রে অনুষ্ঠিত হয় অঙ্গ দানের উপর এক বসে আঁকো প্রতিযোগিতা। প্রতিযোগিতায় সাড়া জাগানো খুদে শিল্পীদের উপস্থিতি ছিলো লক্ষণীয়। সকাল এগারোটায় উদয়পুর রমেশ স্কুলে অনুষ্ঠিত হয় মুক্ত ক্যুইজ প্রতিযোগিতা।সেখানে ঐ বিদ্যালয়ের মুক্ত ক্যুইজ প্রতিযোগিতায় উল্লেখ যোগ্য উপস্থিতি সকলের নজর কেড়েছে। দুপুরে রাজর্ষি কলা ক্ষেত্রে পি এল আই এবং আর পি এল আই মেলা অনুষ্ঠিত হয়।সেখানে মোট ৩২২টি পলিসি সংগ্রহ করা হয় যার সামনে এসিউড প্রায় ছয় কোটি ত্রিশ লক্ষ টাকা। ঐ দিন প্রিমিয়াম জমা হয়েছে পাঁচ লক্ষ উণআশি হাজার টাকা। এই অনুষ্ঠানে একজন ডাক বীমা গ্রহণ কারী মৃত ব্যক্তির(স্বর্গীয় ব্রজেন্দ্র রিয়াং) পরিবারের উত্তরাধিকারীর হাতে সহজ নিষ্পত্তির মাধ্যমে প্রাপ্ত অর্থের চেক প্রদান করা হয় নমিনি সিলভিয়া রিয়াং-এর হাতে। আগরতলা ডাক বিভাগের অন্তর্গত বিভিন্ন মহকুমা ডাক কর্মীদের মধ্যে মুক্ত ক্যুইজ অনুষ্ঠিত হয় এবং ডাক কর্মীদের হাতে প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।সকালে অনুষ্ঠিত অংকন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন আগরতলা ডাক বিভাগের পোস্টাল সুপারইনটেনডেন্ট স্বপন কুমার দাস সহ অন্যান্য অতিথি বৃন্দ। বসে আঁকো প্রতিযোগিতার পুরস্কার প্রাপকরা হলো ৪র্থ শ্রেণী পর্যন্ত বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় যথাক্রমে সন্দীপন বক্সি, সমিক দে এবং তৃপ্তি শর্মা।পঞ্চম থেকে সপ্তম শ্রেণীর গ্রুপে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় যথাক্রমে উদয় দাস,দিব্যাঙ্গা দে এবং সৃজা শর্মা।অষ্টম থেকে দ্বাদশ শ্রেনী গ্রুপে প্রথম ও দ্বিতীয় যথাক্রমে তৃষা চক্রবর্তী এবং তৃষা শর্মা। অনুষ্ঠানে আগরতলা ডাক বিভাগের পক্ষ থেকে জাগরণ পত্রিকার গোমতী জেলা প্রতিনিধি তথা উদয়পুর প্রেসক্লাবের সভাপতি অপুরাম সরকারকে সংবর্ধিত করা হয়।অনুষ্ঠানে সাধারন মানুষের উপস্থিতি ছিলো লক্ষণীয়।

# ঋষ্যমুখে চলছে তীব্র জল সঙ্কট

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৯ জুলাই:-** জলই জীবন। সেই জীবন নিয়ে চলছে টানা টানি। গত কয়েক দিন ধরে ঋষ্যমুখ ব্লক এলাকায় চলছে তীব্র জল সঙ্কট।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, এখানকার ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টটি বিকল হয়ে পড়ে আছে। গত কয়েকদিন ধরে এই প্ল্যানটির পাম্প মোটরে জটিলতা দেখা দেওয়ায় জল সরবরাহ করা যাচ্ছে না। বাড়ি বাড়ি প্ল্যান্ট বিকল হয়ে থাকায় সংশ্লিষ্ট এলাকার জনগণের জলের সংকট মারাত্মক আকার ধারণ করেছে। এই নিয়ে এলাকার জনগণ বারবার দপ্তরের আধিকারিক গোচরে নেওয়া হলেও সমস্যা সমাধান আজ পর্যন্ত হয়নি।কিন্তু তাই বলে দপ্তর বসে রয়েছে একথাও বলা যাবে না। দপ্তর থেকে বিকল পাম্প মোটর গুলিকে সংস্কার করার জন্য দ্রুত উদ্যোগ নেওয়া হলেও এখনো পর্যন্ত সমাধান হয়নি, এমনিতে একটি পাম্প মোটর নষ্ট থাকলেও আরেকটি দিয়ে জল সরবরাহ করা যেত। কিন্ত এই প্ল্যান্টে দুটোই পাম্প মোটরই বিকল হয়ে থাকায় সমস্যা সৃষ্টি হয়েছে,মোটরের চাপ অত্যাধিক হওয়ায় এই সমস্যা দেখা দিয়েছে। যদিও দপ্তরে কর্মীদের সাথে যোগাযোগ করে জানা গেছে দ্রুত জল সরবরাহ করার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে।

# বিএসএফ বিশেষ অভিযানে ৫ বাংলাদেশী নাগরিক আটক



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৫জন বাংলাদেশী নাগরিককে আটক করতে সক্ষম হয়েছে বিএসএফ। আজ বিএসএফের তরফ থেকে এক বিবৃতি জারি করে একথা জানানো হয়েছে।

বিবৃতিতে জানানো হয়েছে, গতকাল গোপন সংবাদের ভিত্তিতে বিলোনিয়া সীমান্ত এলাকায় একটি বিশেষ অভিযান চালানো হয়েছিল। ওই অভিযানে সন্দেহভাজ তিনজন মহিলা, একজন পুরুষ এবং একজন ছেলে সহ ৫ জন বাংলাদেশীকে আটক করা হয়।

আটককৃতদের নাম, নাজিমা বেগম (৪০), সালমা বেগম (৫০), নাজিমা বেগম (২৮), ইয়াসিম শেখ (১১), মোঃ আক্তার (৩৪)। তারা সবাই বাংলাদেশের মাদারীপুর ও বরিশালের বাসিন্দা। তাদের সকলের কাছেই ভারতীয় পরিচয়পত্র যেমন আধার, প্যান ইত্যাদি রয়েছে এবং তারা দিল্লির বিভিন্ন অংশে যাচ্ছিলেন।

# ধলাইয়ে নয়টি আসনের জন্য মোট ১৭ টি মনোনয়ন দাখিল ঃ জেলা শাসক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** ধলাই জেলায় জেলা পরিষদের নয়টি আসনের জন্য মোট ১৭ টি মনোনয়নপত্র জমা করেছে। স্কুটিনিতে সব কটি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা বলেন জেলা নির্বাচন আধিকারিক তথা ধলাই জেলা শাসক ও সমাহর্তা সাজু ওয়াহিদ।

এদিন তিনি বলেন, আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে ধলাই জেলা পরিষদের নয়টি আসনের জন্য মোট ১৭ টি মনোনয়নপত্র জমা পড়ে। শুক্রবার মনোনয়নপত্র স্ক্রুটিনি করা হয়।

জেলা নির্বাচন আধিকারিক তথা ধলাই জেলা শাসক ও সমাহর্তা সাজু ওয়াহিদ জানান, যতগুলি মনোনয়নপত্র জমা পড়েছে স্ক্রুটিনির পর দেখা গেছে সবগুলি বৈধ। এরমধ্যে দুটি আসনে শুধুমাত্র একটি করে মনোনয়নপত্র জমা পড়েছে। সাতটি আসনে দুটি করে মনোনয়নপত্র জমা পড়েছে এবং একটি আসনে তিনটি মনোনয়ন পত্র জমা পড়েছে।

সেই হিসাবে ৭ টি আসনে নির্বাচন প্রক্রিয়া অনুষ্ঠিত হবে। ২২ তারিখ মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। ওই দিনই চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে বলে তিনি জানিয়েছেন।

এদিকে, উত্তর জেলার কালাছড়া ব্লকে ১৮টি গ্রাম পঞ্চায়েতে ৩৫৭ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। সিপিআইএম, আই এন সি, বিজেপি, সিপিআইএমএল, তিপরা মথা, নির্দল প্রার্থীরা তাদের বড় উন্নয়নপত্র জমা দেন। উত্তর জেলার চারটি আর ডি ব্লকের মধ্যে রয়েছে কালাছড়া আরডি ব্লক.।

কালাছড়া আরডি ব্লকে মোট ১৮ টি গ্রাম পঞ্চায়েত রয়েছে এবং ভোটার রয়েছে ৪৩ হাজার ৮২৯ জন। নমিনেশন দিয়েছিল সিপিআইএম, আই এন সি, বিজেপি, সিপিআইএমএল, ত্রিপুরা মথা, নির্দল ঊনমিনেশন দাখিল হয়েছে মোট ৩৫৭ টি ঊ গ্রাম পঞ্চায়েত সিট রয়েছে ২০৮ টি এবং নির্বাচন কেন্দ্র রয়েছে ১১৩ টি ঊ

পঞ্চায়েত সমিতির সিট রয়েছে ১৩ টি এবং নির্বাচন ক্ষেত্রে রয়েছে ১৩ টি। মোট ৩৪টি নমিনেশন দাখিল হয়েছে পঞ্চায়েত সমিতিতে এর মধ্যে দাখিল করেছেন সিপিআইএম নয়টি, আই এন সি নয়টি, ভারতীয় জনতা পার্টি ১৩ টি, ত্রিপুরা মথা একটি, সিপিআইএমএল দুটি ঊঅন্যদিকে গ্রাম পঞ্চায়েতের নমিনেশন দাখিল হয়েছে সিপিআইএম ১৯ টি, আই এন সি ৫৯টি, ভারতীয় জনতা পার্টি ২০৯ টি, সিপিআইএমএল পাঁচটি, ত্রিপুরা মথা তিনটি, নির্দল দুটি।

# কৈলাসহরে কৃতিদের সম্বর্ধনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৯ জুলাই:** কৈলাশহর পুর পরিষদের পক্ষ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় যারা ৮০ শতাংশের উপর নম্বর পেয়েছেন তাদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়েছে।

শুক্রবার কৈলাশহর পৌর পরিষদের পক্ষ থেকে ঊনকোটি কলাক্ষেত্রে পৌর পরিষদের অন্তর্গত যেসব স্কুলের ছাত্র-ছাত্রীরা এই বছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ৮০ শতাংশের এর উপরে মার্ক পেয়েছে তাদের হাতে মানপত্র ও সংবর্ধনা তুলে দেওয়া হয়েছে। এই সংবর্ধনা অনুষ্ঠানে শহরের সমস্ত স্কুল থেকে প্রায় শতাধিক ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল। এ উপলক্ষে এক কুইজ প্রতিযোগিতাও অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৈলাশহর পৌর পরিষদের চেয়ারপারসন শ্রীমতি চপলা দেবরায়, কৈলাসহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, বিদ্যালয় শিক্ষা পরিষদের ওএসডি বেনীমাধব চক্রবর্তী এবং বিভিন্ন কাউন্সিলরগণ। বক্তারা ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেছেন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।